মিঃ স্পীকার ঃ এই ব্যাপারে ভিন্ন কোশ্চেন করলে উত্তর পাবেন।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই যে ইঞ্জিনিয়ারিং এবং টেক্সটাইল বন্ধ হয়ে গেল সেক্ষেত্রে টেকনিক্যাল গ্রাউণ্ড এবং শ্রমিকের গ্রাউণ্ড ছাড়া বিদ্যুতের অভাবে কয়টা বন্ধ হয়েছে জানাবেন কি ?

শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ বিদ্যুতের অভাবে বন্ধ হয়েছে এরকম কোন খবর নেই।

সরকারী হাসপাতালে ক্রমবর্ধমান রোগীর চাপ

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬।) **শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) কলিকাতার বড় বড় সরকারী কলেজ হাসপাতালগুলির উপর ক্রমবর্ধমান রোগীর চাপ কমাবার জন্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কি ; এবং

খ) উপরোক্ত প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, সেই পরিকল্পনার বিষয়বস্তু কি ?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ ক) হ্যাঁ।

খ) কলিকাতা শহরের কলেজ হাসপাতালগুলির (১) সম্ভাব্য ক্ষেত্রে শয্যা

বাড়ান হইয়াছে ও হইতেছে। তাছাঁড়া বহির্বিভাগের কার্য্যকালের সময় বৃদ্ধি করা হইয়াছে।

(২) নিকটবর্তী শহর, আধাশহর ও গ্রামাঞ্চলে নূতন নূতন হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র, ক্লিনিক স্থাপন করা হইয়াছে। তাছাড়া—ভ্রাম্যমান চিকিৎসা কেন্দ্রের ব্যবস্থা করা হইয়াছে।

(৩) এছাড়া জেলা ও মহকুমা শহর হাসপাতালগুলিতে বিশেষজ্ঞ ডাক্তার ও শল্যচিকিৎসার উন্নতিসাধন করার ফলেও শহরের বড় কলেজ হাসপাতালের উপর চাপ কমানো হইতেছে।

শ্রী সুমন্ত কুমার হীরা ঃ মন্ত্রীমহাশয় জানাবেন কি, কোলকাতার অভ্যন্তরে বিভিন্ন ওয়াডে´ ওয়াড´ হসপিটাল স্থাপনকরার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

মিঃ স্পীকার ঃ এই প্রশ্ন এই সঙ্গে ওঠেনা।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ মন্ত্রীমহাশয়ের এরকম কোন পরিকল্পনা আছে কি যে, এই কোলকাতার বুকে প্রত্যেক সি. পি. এম, এম. এল. এ-র বাড়ীর কাছে হাসপাতাল হবে ?

মিঃ স্পীকার ঃ হ্যাট কোশ্চেন অলসো ডাজ নট এ্যারাইস্।

ইণ্ডাস্ট্রিয়াল লেবার ডিসপুট ট্রাইবুনালে অমীমাংসিত মামলা

*১১। (অনুমোদিত প্রশ্ন *৫৮৫।) **শ্রী তারকবন্ধু রায় ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইণ্ডাস্ট্রীয়াল লেবার ডিসপিউট ট্রাইবুনালে কত সংখ্যক মামলা অমীমাংসিত অবস্থায় আছে (১৯৮২ সালের জুন মাস পর্যন্ত); এবং

(ক) ট্রাইবুনাল-এ আশ্রয়গ্রহণকারী শ্রমিকগণকে মালিকের বিরুদ্ধে মামলা পরিচালনা করার জন্য সরকার থেকে কোন প্রকার অর্থ সাহায্য দেওয়ার কিংবা আইনজীবী নিযুক্ত করার ব্যবস্থা আছে কি ?

শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ (ক) ২,৭৭৩ টি ;

(খ) না।

ম্যালেরিয়া রোগে আক্রান্ত মানুষের সংখ্যা

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *৩১১।) **শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জানুয়ারী ১৯৮১ হইতে জুন ১৯৮২ পর্যন্ত পশ্চিমবঙ্গে ম্যালেরিয়া রোগে আক্রান্ত মানুষের সংখ্যা কত ; এবং

(খ) মৃতের সংখ্যা কত ?

শ্রীরামনারায়ণ গোস্বামী : (ক) পশ্চিমবঙ্গে উক্ত সময়ে ম্যালেরিয়া রোগে আক্রান্ত মানুষের সংখ্যা নিম্নে প্রদত্ত হল :

১৯৮১ সাল—৩০,৭১৭

১৯৮২ সাল – ৮,৮৬৯

(জুন পর্য্যন্ত) (অসম্পূর্ণ প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে)

মোট— ৩৯৫৮৬ (অসম্পূর্ণ প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে)

(খ) ম্যালেরিয়ার মৃত্যুর সংখ্যা—

১৯৮১ সাল — ৪

১৯৮২ সাল — ৪

(জুন পর্য্যন্ত) (অসম্পূর্ণ প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে)

মোট— ৮ (অসম্পূর্ণ প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে)

শ্রী কৃপাসিন্ধু সাহা : আমরা জানি ম্যালেরিয়া দপ্তর অধিকাংশই তুলে দেওয়া হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে গত দুবছরে এই যে মানুষ ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছে সেই পরিপেক্ষিতে ম্যালেরিয়া দপ্তর পুনরায় পুনর্গঠন করা হবে কি ?

শ্রী রামনারায়ন গোস্বামী : ম্যালেরিয়া দপ্তর তুলে দেওয়া হয়েছে এরকম কোন খবর নেই। ম্যালেরিয়া দপ্তর আছে।

শ্রী কৃপাসিন্ধু সাহা : কয়েক বছর পূর্বে ম্যালেরিয়া রোগীর সংখ্যা কম ছিল, কিন্তু এখন যে আবার মানুষ এই রোগে আক্রান্ত হচ্ছে তারজন্য কি ব্যবস্থা করছেন ?

শ্রী রামনারায়ণ গোস্বামী : এই রোগ শুধু আমাদের পশ্চিমবাংলাতেই নয় এশিয়ার অনেকগুলো দেশেই এই রোগ Spread করেছে। তবে পশ্চিম বাংলায় ম্যালেরিয়া দপ্তর আছে এবং যেখান থেকেই ম্যালেরিয়ার খবর আসছে সেখানে যা কিছু প্রয়োজন সেই ব্যবস্থা করা হচ্ছে।

[1-20—1-30]

ডাঃ জয়নাল আবেদিন : স্বাস্থ্য দপ্তরের মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহোদয়, আপনি বললেন রাজ্যে ৩০,০০০ মানুষ ম্যালেরিয়া রোগে আক্রান্ত তা আপনি কি জানাবেন এর জেলাওয়ারী কনসেনট্রেসনটা কি রকম ? আপনার প্রীডিসেসর বলেছিলেন—আমরা খবরের কাগজে দেখেছি—জলপাইগুড়ি জেলার চারটি ব্লকে ১১৭ জন ম্যালেরিয়ায় আক্রান্ত হয়ে মারা গেছে, আপনি কি এটা একটু ক্ল্যারিফাই করবেন ?

শ্রী রামনারায়ণ গোস্বামী : প্রথম প্রশ্নের জন্য নোটিশ চাই। দ্বিতীয় প্রশ্নের উত্তর হচ্ছে, আপনারা সবাই জানেন জলপাইগুড়ি জেলায় ব্যাপক হারে ম্যালেরিয়া দেখা দিয়েছিল এবং ১১৭ জন নয়, ১২০ জন ইতিমধ্যে সেখানে মারা গেছে, কিন্তু যারা

মারা গেছে তারা সকলেই ম্যালেরিয়ার জন্য মারা যায়নি, বিভিন্ন কারণে মারা গেছে। ১ লক্ষ ৮ হাজার মত মানুষের ব্লাড টেষ্ট করা হয়েছিল, কিছু পজিটিভ পাওয়া গেছে। এবছর জুলাই মাস পর্যন্ত যারা মারা গেছে তাদের মধ্যে মাত্র ৪ জন ম্যালেরিয়ায় মারা গেছে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনি কি মনে করেন না যে ম্যালেরিয়া ইর‍্যাডিকেটেড্ হয়েগেছিল সেটা আবার রিসার্জেন্স, রিয়্যাপিয়ার ইন দি ম্যাপ্ অফ্ ওয়েষ্ট বেঙ্গল? এরকম একটা ডিসিস্, হোয়েদার ইট ওয়াজ্ ইর‍্যাডিকেটেড্ ফ্রম দি ম্যাপ্ অফ্ ওয়েষ্ট বেঙ্গল, তাহলে কি কারণে সেটা রিয়্যাপিয়ারেন্স এগেন্ এবং আপনারা কি কি ব্যবস্থা অবলম্বন করছেন ফর্ প্রিভেন্স অফ দি ডিসিস্?

রামনারায়ন গোস্বামী ঃ '৭২ সাল থেকে '৭৭ সাল পর্যন্ত যাঁরা ক্ষমতায় ছিলেন তাঁরা তখন কোন রকম ব্যবস্থা গ্রহণ করেননি। পরবর্তী-কালে, বামফ্রন্ট সরকার আসার পরে কিছু কিছু প্রিভেনটিভ মেজার নেওয়া হয়েছে এবং অতীতের যে কোনও সময়ের চেয়ে বেশী নেওয়া হয়েছে।

Dr. Zainal Abedin : What is the intimation period? Will the Minister-in Charge please state? Whether the intimation period of Malaria the ten years or ten days? You are a Minister. You should be ashamed it that you do not konw the intimation period and you are speaking for ars together. So for that I sympathise with you.

শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় নতুন মন্ত্রী হয়েছেন, কিন্তু তিনি উত্তর দিতে জানেন না। আমি তাঁকে বলব যে, তিনি তাঁর নেতা তথা মুখ্যমন্ত্রীর কাছ থেকে একটু শিখে নিন। যাই হোক আমি ওঁকে প্রশ্ন করছি যে, '৭২ থেকে '৭৭ পর্যন্ত ঐ সময়ের ফিগার কি ওঁর কাছে আছে?

শ্রীরমানারায়ন গোস্বামী ঃ ফিগার সারা পশ্চিম বাংলায় ছড়িয়ে আছে। দফতর থেকে নতুন করে কোন ফিগার সংগ্রহ করার প্রয়োজন নেই।

Shri Satya Ranjen Bapuli : I want a categorical answer from you whether you referred it in your answer. You have got the figure. Kindly inform us.

রামনারায়ন গোস্বামী : এ বিষয়ে নোটিশ চাই।

শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে আমার অনুরোধ, আপনি উত্তর দেবার জন্য একটু লেখা-পড়া করে আসবেন।

শ্রী রামনারায়ন গোস্বামী : আপনার চেয়ে বেশী লেখা-পড়া করে এসেছি।

শ্রী সুনীতি চট্টরাজ : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি আগে যে ডি. টি. গ্রামাঞ্চলে স্প্রে করা হ'ত এখন তা বন্ধ হয়েগেছে, সেটা আবার চালু করবেন কি?

শ্রী রামনারায়ন গোস্বামী ঃ ডি. ডি. টি স্প্রে বন্ধ হয়নি, চলছে।

ডাঃ মানস ভুঁইঞ্যা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, পশ্চিমবঙ্গে ম্যালেরিয়ার যে প্রাদুর্ভাব দেখা দিয়েছে তাতে প্রচলিত যে ওষুধ ব্যবহার করা হয় যেমন, ক্যামোকুইন এবং ক্লোরোকুইন তাতে অনেক কেসে দেখা গেছে রেজিষ্টান্ট টাইপ অফ ইনফেকসান হচ্ছে। সুতরাং এই যে রেজিষ্টান্ট টাইপ অফ ইনফেকসান হচ্ছে তার জন্য কোন স্পেসিফিক ড্রাগ ওয়েষ্ট বেঙ্গলে ব্যবহার করার কোন পদ্ধতি চালু করা হয়েছে কি ?

মিঃ স্পীকার ঃ এই প্রশ্ন উঠতে পারে না।

Dr. Zainal Abedin—Will the Hon'ble Minister be pleased to state the measures that had been taken for eradication of malaria during the Period from June 1977 to may 1982 ? Please enumerate the measures.

শ্রীরামনারায়ন গোস্বামী ঃ নোটিশ চাই।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : রামনামের দল নিয়ে বাইরে গান চলে কিন্তু হেল্থ ডিপার্টমেন্ট চলে না।

সিউড়ী সদর হাসপাতালে অপারেশন থিয়েটার

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭।) **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(খ) (ক) ইহা কি সত্য, বিদ্যুতের অভাবে সিউড়ি সদর হাসপাতালের অপারেশন থিয়েটার প্রায়ই অচল থাকে ; এবং

'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে, উক্ত অপারেশন থিয়েটারটি চালু রাখার জন্য উপযুক্ত জেনারেটর স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা ?

শ্রীরামনারায়ন গোস্বামী ঃ (ক) না, (খ) প্রশ্ন ওঠে না।

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, আমি ডেট-ওয়াইজ বলছি না, জুলাই মাসে সন্ধ্যাবেলায় অপারেশন হতে হতে কতকগুলি মিসহ্যাপ হয়েছে—এই সম্বন্ধে কোন রিপোর্ট আছে কি ?

শ্রীরামনারায়ন গোস্বামী ঃ না, তার কোন রিপোর্ট নেই।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ আপনি কোন রিপোর্ট রাখেন কি রাখেন না ?

শ্রীরামনারায়ণ গোস্বামী : এই প্রশ্ন ওঠে না। সব রকমের রিপোর্ট থাকে। স্পেসিফিক্যালি ঐ ব্যাপারে কোন-রিপোর্ট নেই।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ সি. এম. ও. এইচ হেল্থ ডিরেকটোরেটের কাছে অপারেশন থিয়েটারের জন্য কোন জেনারেটর রিক্যুইজিসান করেছেন কিনা ?

শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ পশ্চিমবাংলার বিভিন্ন হাসপাতালে জেনারেটর স্থাপন করার একটা পরিকল্পনা আছে এবং তারই ভিত্তিতে সিউড়ী সদর হাসপাতালের জন্য

ওখানকার সি. এম. ও এইচ একটি প্রস্তাব পাঠিয়েছেন। সেটা শুধু অপারেশেন থিয়েটারের জন্য নয়, বহির্বিভাগের জন্য, এক্‌স-রে'র জন্য এবং বিভিন্ন কাজের জন্য। এটা ফিনান্সের কাছে পাঠিয়েছি। ফিনান্স কিছু ক্যুইরিস চেয়েছেন। সেই ক্যুইরিস আমরা পাঠিয়ে দিয়েছি।

শ্রীসুনীতি চট্টরাজ : এক্স-রে মেশিন চালানো এবং অপরেশানের জন্য তাড়াতাড়ি পাঠাবার ব্যবস্থা করবেন কি ?

শ্রীরামনারায়ণ গোস্বামী : আপনি নিজেও জানেন, ওখানে লোড-শেডিং কমপ্যারাটেভলি কম হয়। তাসত্বেও ওখানে জেনারেটর বসানো হবে যত তাড়াতাড়ি সম্ভব।

[1-30—1-40 pm]

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ, মন্ত্রী মহাশয়কেও অবশ্যই ধন্যবাদ দেব। উনি নতুন, ওঁর প্রশ্নের জবাব যাচ্ছিল না, আমি দেখেছি মাইকটা ধরছিল না। অনেক সি. পি. আই. (এম) বন্ধুও শুনতে পাননি। আমার পয়েন্ট অফ অর্ডারটা হচ্ছে যে ইতিপূর্বে এই বিভাগে বামফ্রন্ট শরিকদলের আর. এস. পি. র মিনিষ্টার ছিলেন তাঁর সময়ে একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, নন্‌প্র্যাকটিসিং ডাক্তারদের সম্বন্ধে। সেই সিদ্ধান্তটা কার্য্যকরী করা হবে কিনা সে সম্বন্ধে আমি একটা স্পেশিফিক এ্যানসার আপনাদের কাছ থেকে চাইছি। এটাই আমার মূল বক্তব্য। প্রিভিয়াস ডিসিসানটা ইম্প্‌লিমেনটেড হবে কি ?

মিঃ স্পীকার : ইট ইজ নো পয়েন্ট অফ অর্ডার। আমি মাননীয় সদস্যদের বার বার জানাতে চাইছি যে, কোশ্চেনের সময়ে এই রকম পয়েন্ট অফ অর্ডার তুলবেন না, এতে প্রসিডিওর ডিস্টার্ব হয়। এগুলি আপনারা লিখিতভাবে জানবেন।

শ্রীসত্যরঞ্জন বাপুলি : স্যার, আমরা হবিবুল্লা সাহেবের সময়ে এইভাবেই দিতাম, উনি শুনতেন, জানিনা, ঐ জন্যই ওঁর চাকরি গেল কিনা ?

মিঃ স্পীকার : আপনারা দেবেন, আই উইল অলওয়েজ ট্রাই টু কো-অপারেট উইথ ইউ।

Adjourment Motion

মিঃ স্পীকার : আজ তিনটি এ্যাডজোর্ণনেন্ট মোশন পাওয়া গেছে। প্রথমটি আবদুল করিম চৌধুরী, পশ্চিম দিনাজপুরের খরা পরিস্থিতি সম্বন্ধে বলেছেন। দ্বিতীয়টি শ্রীধীরেন্দ্র নাথ সরকার, ল এ্যাণ্ড অর্ডার সম্বন্ধে এবং তৃতীয়টি হচ্ছে সত্য রঞ্জন বাপুলী মহাশয় রাণাঘাটের আইন শৃঙ্খলা সম্বন্ধে বলেছেন। এই তিনটিই আলোচনা করার

সুযোগ হবে, বাজেট যখন পেশ হবে তখন আপনারা আলোচনা করার সুযোগ পাবেন। এখন আমি এ্যালাউ করছি না। আপনাদের মধ্যে যে কোন একজন শুধু এডিটেড পোর্সনটা পড়তে পারেন।

শ্রীসত্য রঞ্জন বাপুলী : রাণাঘাটের ব্যাপারটা জরুরী, ওটা পড়তে দিন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি প্রশ্ন রাখতে চাইছি যে, বক্তব্যটি যিনি এডিট করেছেন, তাঁর এডিট করা সম্বন্ধে কোন জ্ঞান আছে কি ? আমাব বক্তব্য ছিল, গত ৩০শে আগষ্ট নদীয়া জেলার রাণাঘাটে একটি শান্তিপূর্ণ মিছিলের উপর পুলিশের লাঠি চার্জের ফলে প্রাক্তন মন্ত্রী, কংগ্রেসের সভাপতি শ্রীআনন্দ মোহন বিশ্বাস, শ্রীনরেশ চাকী এবং শ্রীঅসমঞ্জ দে আহত হয়েছেন, কিন্তু এইখানে এডিটেড পোর্সনে তাঁদের নাম বা কিছুই দেওয়া হয়নি।

মিঃ স্পীকার : সব দেওয়া আছে।

শ্রীসত্য রঞ্জন বাপুলী : আই মোষ্ট রেসপেক্টফুলী আপনার কাছে অনুরোধ করছি যে আপনি অরিজিন্যালটা একবার দেখুন।

মিঃ স্পীকার : আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এই বিষয়ের উপর একটা ষ্টেটমেণ্ট দেবার জন্য।

শ্রীসত্য রঞ্জন বাপুলী : আমার বক্তব্য হচ্ছে যে পুলিশের লাঠি চার্জের বিষয়ে একটা বিচার বিভাগীয় তদন্ত হোক, কোন একজন সিটিং জাজ অফ ক্যালক্যাটা হাইকোর্টকে দিয়ে। নট এ ষ্টেটমেণ্ট, উনি আই. জি.-র দেওয়া ষ্টেটমেণ্ট পড়বেন, সব অসত্য কথা। We want a judicial probe by a sitting judge of Calcutta High Court. This is our demand.

শ্রীজ্যোতি বসু : উনি যখন ষ্টেটমেণ্ট চাইছেন না, আমি দেব না।

শ্রীসুব্রত মুখার্জী : স্যার, মুখ্যমন্ত্রীও এই সভার একজন সদস্য। স্পীকার ওনাকে ষ্টেটমেণ্ট দিতে বলছেন, উনি বলছেন ষ্টেটমেণ্ট দেব না। স্পীকারের ওপর কথা বলার ওঁর কোন রাইট নেই।

মিঃ স্পীকার : আমি যখন মাননীয় মুখ্যমন্ত্রীকে বললাম ষ্টেটমেণ্ট দেবার জন্য তখন মাননীয় সদস্য বললেন যে ষ্টেটমেণ্ট চান না। আমার কথার উপর মাননীয় সদস্য বললেন যে ষ্টেটমেণ্ট চাই না। তাহলে উনি কেন বলবেন না যে আমি আর ষ্টেটমেণ্ট দেব না।

শ্রীজ্যোতি বসু : ওনাদের গণতান্ত্রিক অধিকার আছে ষ্টেটমেণ্ট না চাওয়ার।

(গোলমাল)

Fifth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the Fifth Report of the Business Advisory Committee presented on the 2nd September, 1982

Thursday, 2.9.1982	...	(i) Laying of Ordinance, Report etc.
		(ii) Motion under rule 185 regarding non-implementation of Bihar Press Bill—notice given by Shri Shyamal Chakraborty and others. —2 hours.
Saturday, 4.9.1982 11 a.m.		Presentation of Statement of Estimated Receipts and Expenditure of the Government of West Bengal for the year 1982-83.
Monday, 6.9.1982	.	General discussion on Budget — 4 hours.
Tuesday, 7.9.1982	...	General discussion on Budget — 4 hours.
Wednesday, 8.9.1982		General discussion on Budget — 4 hours.

There will be no meeting on Friday, 3rd September, 1982.

শ্রী পতিতপবন পাঠক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির বৈঠক আজ মাননীয় স্পীকারের ঘরে হয়ে গেছে। সেই কার্য উপদেষ্টা কমিটির পঞ্চম প্রতিবেদন এই সভায় গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির বৈঠক সিরিয়াসলি নেওয়া উচিত। আমাদের পার্টির পক্ষ থেকে অপোজিসান পক্ষের লিডার শ্রী সাত্তার সাহেব বলেছেন যে অন্তত পক্ষে শনিবার এবং রবিবার এই দুটো দিন যেন হাউস না বসে। এখানে ল এণ্ড ওর্ডারের অনেক প্রশ্ন আছে। তাছাড়া অনেক সমস্যা রয়েছে। শনি এবং রবিবার আমাদের নিজের কেন্দ্রে যেতে হয় এবং সাধারণ মানুষের অভাব অভিযোগ শুনতে হয়। তা ছাড়া এখন খরা চলছে চারিদিকে। এই রকম পরিস্থিতিতে এই দুটো দিন হাউস বন্ধ রাখার জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু তা উপেক্ষা করে জোর করে হাউস চালাবার ব্যবস্থা করছেন। বিজনেস এডভাইসারি কমিটি বসবার আগে আপনারা রেডিও, এবং সংবাদ পত্রের মাধ্যমে প্রচার করে দিলেন যে শনিবার বাজেট পেশ করা হবে। তাহলে What is the reason

of Business Advisory Committee further অপোজিসানের যে কমিটি মেম্বার আছে তাদের ডাকবার কি প্রয়োজন আছে, এই সব তুলে দিন না। বিজনেস এডভাইসারি কমিটি রাখবার কি দরকার আছে। আমাদের অনুরোধ যে শনিবার অন্তত হাউস না বসে। এই ব্যাপারে কার্য উপদেষ্টা কমিটির মিটিং-এ এই ব্যাপারে ডিস্কাসান করেছি। সংবাদপত্র, রেডিও, টিভির মাধ্যমে খবর পৌছাতে পারে কিন্তু আমাদের প্রয়োজন আছে সেখানে গিয়ে দেখা। আপনাদের সময় কমিয়ে আনবার জন্য এই সব করছেন। ফরনাথিং সময় কমিয়ে আনবার কোন প্রয়োজন নাই। তারপর আপনারা বলবেন মহালয়া আছে, পূজা আছে, এই ভাবে আমাদের বলবার সুযোগ থেকে বঞ্চিত করছেন। চিরকাল আমরা দেখে এসেছি গত ৩০ বছর দেখে এসেছি যে ৪ দিন ধরে ডিস্কাসান হয় কিন্তু আপনারা সেটাকে কমিয়ে ৩ দিন করছেন। আপনারা জোর করে এই সব করেছেন। আমাদের আলোচনা করবার সুযোগ দিচ্ছেন না। সুতরাং আপনার কাছে আমাদের আবেদন হ'ল যে রিকনসিডার করে শনিবার যাতে না হয় তার ব্যবস্থা করুন।

শ্রী সত্যরঞ্জন বাপুলীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অনেক দিন ধরে এই হাউসে আছেন। আপনি জানেন এবং গত ৫ বছর দেখেছেন যে শনিবার আমাদের হাউস বন্ধ থাকে। শনি এবং রবিবার এম. এল. এ রা নিজেদের কেন্দ্রে যায় দেখাশোনা করবার জন্য। আপনার কাছে আমি পরিষ্কার ভাবে বলতে চাই যে আপনারা যদি গণতন্ত্রে বিশ্বাস করেন তাহলে শনিবার হাউস বন্ধ রাখবেন এবং যদি বিশ্বাস না করেন তাহলে খোলা রাখবেন। আপনারা ভোটের জোরে স্টীম রোলার চালিয়ে সব কিছু পাস করিয়ে নিচ্ছেন। এটা হওয়া উচিত নয়। আমার অনুরোধ আপনারা শনিবার হাউস বন্ধ রাখুন। যদি বোঝেন যে আমাদের দরকার নেই, তাহলে আমরা এবসেন্ট হয়ে যাচ্ছি। আমাদের অনুপস্থিতির সুযোগ নিয়ে আপনারা সব পাস করিয়ে নিন এই ক্ষমতা আপনাদের আছে। খবরের কাগজে আপনারা আগেই প্রচার করে দিয়েছেন যে শনিবার বাজেট পেশ করা হবে। সুতরাং এই বিজনেস এডভাইসারি কমিটি নিয়ে প্রহসন করা হচ্ছে এবং আমি মনে করি এই সঙ্গে গণতন্ত্রের নামেও প্রহসন করা হচ্ছে। এই গুলো করার মানে কি হয়? আপনারা এই সব বন্ধ করে দিন। এই গণতান্ত্রিক মন্দিরে এই সব বন্ধ করুন, সব তুলে দিন। আপনারা একদিন হাউস ডেকে গিলোটিন করে হাউস বন্ধ করে দিন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে আমরা ইনসিগনিফিক্যান্ট, আমাদের এই ৫৪-৫৮ জনকে বাদ দিতে পারেন। আমরা এখানে খুব অল্প সংখ্যক এম. এল, এ. হলেও আমরা সব সময়ে চাই বাজেট সেসনের প্রতিটি উদ্ধৃতি, আলোচনা রাজ্যের মানুষের কাছে যাক। কিন্তু যা হচ্ছে তাতে করে তা সম্ভব নয়। গণতন্ত্রকে বাঁচাবার জন্য, সমস্ত কিছু মানুষের কাছে তুলে ধরবার জন্য আমরা

চাই এই অধিবেশন ষষ্ঠীর আগের দিন পর্যন্ত চলুক। আর আপনারা যদি মনে করেন আপনাদের ক্ষমতা আছে তা হতে দেবেন না, তাহলে একদিন হাউস ডেকে গিলোটিন করে সব পাশ করিয়ে দিন সেই সঙ্গে এই দোকান বন্ধ করে বাড়ী চলে যান।

[1-40—1-50 P.M.]

Dr. Zainal Abedin : Sir, under rule 287 proviso, I beg to move that the report of the Business Advisory Committee be referred back to the Committee for reconsideration and exclusion of Saturday for presentation of the Budget ; and again no Saturday should be requisitioned except on grave emergency, for sitting of the House.

ডঃ কানাইলাল ভট্টাচার্য : স্যার, আই অপোজ দিস মোশান। আমার বক্তব্য হচ্ছে, এই বাজেট সেসান ১৯৫২ সাল থেকে বসছে। আপনারা কি দেখাতে পারেন যে কোন বছরে শনিবার দিন বাজেট ডিস্কাসন হয় নি। আমরা দেখেছি গত বছর হয়েছে. তার আগের ৪ বছরেও হয়েছে এবং ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলেও শনিবার দিন হাউস বসেছে। আমরা কেবল ১৯৭২-৭৭ সালে এখানে ছিলাম না! কিন্তু গোড়া থেকে প্রায় প্রত্যেক সময়েই আমি এখানে উপস্থিত আছি—ডঃ বিধান চন্দ্র রায়ের আমলে, প্রফুল্ল চন্দ্র সেনের আমলে—সব সময়েই এখানে ছিলাম। তাঁরা তখন বলেছিলেন শনিবার হাউস বসাতে হবে। সুতরাং এটা হচ্ছে হাউসের একটা কনভেনশন। কাজেই, এমতাবস্থায় আপনারা যদি বলেন যে এ ব্যবস্থা আপনাদের উপর চাপিয়ে দেবার চেষ্টা হচ্ছে তাহলে সেটা আমরা মেনে নিতে পারি না। শনিবার দিন প্রত্যেক বছরেই হাউস বসেছে, এবারেও তা হবে। আপনারা যদি সেদিন এখানে না আসেন তা অত্যন্ত দুঃখের ; তবে আমরা আপনাদের অনুরোধ করব বাজেট পেশের সময়ে বিরোধী পক্ষ হিসাবে আপনাদের যে দায়িত্ব আছে সেদিকে নজর রেখে আমাদের সঙ্গে পূর্ণ সহযোগীতা করবেন।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কানাই বাবু যা বললেন তা শুনলাম। আমি তাঁর বক্তব্যের পরিপ্রেক্ষিতে কনটেম্পোরারী সরকারী তথ্য এখানে দিতে চাই। আমরা দেখেছি, স্কেয়ার্সলি অন গ্রেভ্ এমারজেন্সী শনিবারে হাউস হয়েছে। অথচ কানাইবাবু শনিবারে হাউস বসেছে বলে যা বললেন, আমি বলতে চাই ১৯৫২ সাল থেকে আমি এই হাউসে আছি, এখানে লিডার অফ দি হাউস এবং লিডার অফ অপজিশানে ছিলাম। ইফ হি চ্যালেঞ্জেস্ আই রেফার এগেন টু ১৯৫২ জুলাই সেসান।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : শনিবারে হাউস গত ৩০ বছর ধরে বসছে এবং এটা মেজরিটি ডিসিসান নিয়েই হয়েছে দেখেছি।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, শনিবার হাউস বসানোর প্রবর্তক আপনারাই। Not all saturdays were requisitioned. আপনারা এটা মেনে নিতে পারেন কিন্তু আমরা মানবো না। আপনারা কারচুপি করে এসেছেন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য্যঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুব্রতবাবু যে কথা বললেন সেটা অযৌক্তিক তার বিরোধীতা করছি এবং তাঁকে মেনে নিতে পারছি না। সুতরাং প্রতিবেদন যেটা রাখা হয়েছে সেটা গ্রহণ করছি।

শ্রী পতিত পাবন পাঠকঃ প্রতিবেদনটি সভায় গ্রহণ করার জন্য অনুমোদন চাইছি।

শ্রীদেবপ্রসাদ সরকারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিজনেস এ্যাডভাইসারী কমিটির বক্তব্যের উপর যে প্রশ্ন রাখা হয়েছে তার উপর আমার কিছু বক্তব্য আছে। আমার বক্তব্য হচ্ছে আমি কোন ফ্যাকটার ডিসটর্ট করতে চাই না। এখানে বিগত কয়েক বছর বাজেট সেসানে বাজেট বিতর্ক শনিবার রেখেছেন। কিন্তু ক্রমাগত যদি এইভাবে চলতে থাকে তাহলে এটা আউট অব কনভেনশান হয়ে যাবে। আগে মিনিমাম ২০ ডেস্ বাজেট সেসানে ডিসকাসানের সময় থাকতো। জেনারেল বাজেট ডিসকাসান ৪ দিন থেকে কমিয়ে আপনারা তিন দিন করেছেন। ইমারজেন্সি কেসে সেটা হতে পারে কিন্তু এইভাবে সময় কমিয়ে দিলে আমাদের অধিকার খর্ব করা হবে। বিশেষ করে বাজেট সেসান একটি গুরুত্বপূর্ণ ব্যাপার এবং এখানে অনেক বিষয়ে আলোচনা করার দরকার আছে। এইভাবে যদি মিনিমাম সময় টুকু কমিয়ে দেন তাহলে মেম্বারদের রাইটের উপর হাত পড়ছে। মেম্বারদের রাইট কারটেলমেন্ট হচ্ছে।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য্যঃ আমরা রাইট কার্টেলমেন্ট কিছু করছি না। মিনিমাম ২১ দিন বাজেট ডিসকাসেনের প্রভিশান আছে বছরে এবং কনষ্টিটিউশানে আছে। আমরা তার বিরুদ্ধে যেতে পারি না। বাজেট ডিসকাসানের সময় কমানো একদমই হয় নি। ১২ দিন প্লাস ১২ দিন অর্থাৎ ২৪ দিন এ্যালোট করা হয়েছে। বাজেটে একদিনও কমানো হয় নি। বরং বাড়ানো হয়েছে।

Shri Abdur Rauf Ansari : Dr. Kanailal Bhattacharya has given an instance on the basis of Dr. Roy and Shri P. C. Sen. But now we are discussing in the House on the situation in West Bengal and on the aspects of to-day. What happens to-day ? People of West Bengal are suffering very badly due to drought. We are here to look after the people of West Bengal in their problems and sufferings. At the same time grave law and order situation and drought have created serious problems. So from our side we

are to go on Saturday to the people in order to find their difficulties. We shall stay in our respective constituencies on Sunday and again we shall come on Monday and will attend the Assembly Session. So, I request you not to include aturday for the discussion of budget .

[1-50—2-00 P.M.]

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটা বিবেচনা করা উচিত। যে কোন সময়ে, যে কোন অবস্থাতে বাজেট চলতে চলতে শনিবার দিন ডিস্কাসান হয়েছে। কিন্তু শনিবার বাজেট প্লেস করা হয়নি। আর একটা ব্যাপার হচ্ছে শনিবার প্লেস না করার বিনিময়ে যে যুক্তি দেখান হচ্ছে এর ভিত্তিতে কোনদিনই শনিবার গ্রহণ করা যায় না। এটা স্বীকার করতে হবে। বিরোধীদলকে মর্যাদা দিয়ে মুখ্যমন্ত্রী নিশ্চয় এটা মেনে নেবেন এবং যেদিন ছিল সেদিনই বাজেট পেশ করবেন।

শ্রীদেবপ্রসাদ সরকার : স্যার, বাজেট ডিস্কাসানের সময় সম্পর্কে কানাইবাবু সংবিধানের যে দৃষ্টান্ত দিলেন তাতে তিনি মিনিমান পিরিয়ডের কথা বলেছেন। কিন্তু ম্যাক্সিমাম পিরিয়ডের কথা কোথাও বলা নেই। ২১ দিনের বেশি হতে পারে না —এটা হতে পারে না। এবার কম্প্রিহেনসিভ বাজেট বিবেচনা হবে এবং সমস্যাগুলি কম্প্রিহেনসিভ ওয়েতে ডিস্কাসান হবে। কাজেই সময় লাগবে। কাজেই এটা যুক্তি নয় যে আমরা ভোট অন একাউণ্টে আলোচনা করেছি। অতএব সেই জায়গায় কোন যুক্তিতে সময় খর্ব করছেন সেটা বুঝতে পারছি না। তাই গণতন্ত্রের স্বার্থে তাঁরা এটা পুনরায় বিবেচনা করুন।

শ্রীসুনীতি চট্টরাজ : স্যার, আপনাকে অনুরোধ করছি আপনি নিরপেক্ষভাবে চলার চেষ্টা করুণ। কারণ ২৪শে আগষ্ট কে. এন. মুখার্জির, সেক্রেটারীর নামে যে বুলেটিন আপনি বার করেছেন তাতে থার্ড তারিখ আছে। আপনি এক্স এ স্পীকার মনে করছেন শনিবার বাজেট পেশ করা উচিত নয়। কিন্তু কোথা থেকে কি যেন একটা প্রেসার এল তাতে সব পালটে গেল। তারপর বি এ. কমিটিতে বিরোধী দলের সঙ্গে পরামর্শ না করে শনিবার বাজেট দিলেন। থার্ড পেসটিজ ইস্যু না করে অপোজিসানের ডিমাণ্ডকে সম্মান দিন এবং আপনি নিরপেক্ষভাবে চলবার চেষ্টা করুন এটা আমাদের দাবী।

শ্রীযামিনীভূষণ সাহা : স্যার, আমি বিরোধী দলের নেতাকে বলবো শনিবার বাজেট পেশ করলে কি এমন মহাভারত অশুদ্ধ হবে সে কথা তাঁরা একবারও বললেন না। অর্থাৎ কেন শনিবার বাজেট পেশ করা যাবে না সেটা তাঁরা বললেন না।

শ্রীআব্দুস সাত্তার : স্যার, আমি আপনাকে একটা চিঠি দিয়েছি যেটা নিশ্চয় পেয়েছেন, কিন্তু তার উত্তর দেন নি।

মিঃ স্পীকার: হাউসে তার উত্তর দেবো।

শ্রীআব্দুস সাত্তার: এর একটা কপি আমি মুখ্যমন্ত্রীকেও পাঠিয়েছি। মুখ্যমন্ত্রী মহাশয় এই হাউসে সবচেয়ে পুরানো, তিনি বিরোধী দলেও ছিলেন। আপনি একটা দিন দেখান যে শনিবার বাজেট প্লসেড হয়েছে এবং তাহলে আমরা এটা গ্রহণ করবো। শনিবার বাজেট কোন সময়ে প্রেজেন্ট করা হয়নি। এই যে কনভেনসান তাকে আপনি উপেক্ষা করছেন। আপনি বলছেন সামটাইমস কনভেনসান সুপারসিড দিল। কাজেই শনিবার এবং রবিবার বন্ধ থাক, শনিবার এবং রবিবার আপনি মেমবারদের সুযোগ দিন তাঁদের এলাকায় ঘুরবার এই অনুরোধ জানিয়েছি। শনিবার দয়া করে বাজেট পেশ করবেন না। অনেক সময় কনভেনসান সুপারসিডসল। সুতরাং কনভেনসান বাদ দিয়ে আপনি কাজ করবেন না।

শ্রীজ্যোতি বসু: বিরোধী দলের নেতার চিঠি আমি দেখিনি, কাগজে যেটা সংবাদ দেখলাম সেটা হচ্ছে শনিবার এটা করা উচিত এটা উনি বলেছেন, আপনি তার জবাব দেবেন। কারণ, ওরা খরা ইত্যাদি এইসব অসুবিধা দেখাচ্ছেন। কিন্তু মুসকিল হচ্ছে বাজেট আমাদের এই মাসের শেষে ২৪, ২৫ তারিখের মধ্যে শেষ করতে হবে এবং সেজন্য এইভাবে আমরা প্রোগ্রামের কথা ভাবছি। আপনি বিজনেস এ্যাডভাইসারী কমিটির যে প্রস্তাব এখানে পড়ে শোনালেন সেখানে কি হয়েছে সে সম্বন্ধে আমি জানি না। হাউস হবার আগে আমি জিজ্ঞাসা করেছিলাম এটা কি ওঁদের সঙ্গে আলোচনা করেছেন? আপনি বলেছেন যে আমি আলোচনা করেছি, এটা অনুমোদিত হয়েছে। এখন উনি যদি এই কথা বলেন তাহলে আমরা অপারগ।

(তুমুল হট্টগোল)

আমি যেটা বলছিলাম সেটা হচ্ছে শনিবারের আপত্তির কারণ কি সেটা বুঝতে পারছি না। আমি পাঁজিতে বিশ্বাস করি না। কোন পাঁজিতে এই রকম বারণ আছে কিনা আমি জানি না যে শনিবার বাজেট মুভ করা যাবে না। সংবিধানে কোন বাধা নেই, কোন জায়গায় বাধা নেই। আমরা এদিকে যারা আছি আমরা জ্যোতিষির সঙ্গে পরামর্শ করে বাজেট পেশ করি না। রবিবার ছুটির দিন ছাড়া সোমবার থেকে শনিবার পর্যন্ত যে কোনদিন বাজেট পেশ করা যায়। কাজেই শনিবার কি অপরাধ করল?

শ্রীসুব্রত মুখার্জী: এতে প্রিভিলেজ কার্টেলড হচ্ছে আমাদের।

শ্রীজ্যোতি বসু: অন এ্যাকাউন্ট বাজেট এক বছরে ২/৩ বার পেশ করতে হল, এই রকম সচরাচর হয় না।

(একসঙ্গে কংগ্রেস বেঞ্চ থেকে অনেক সদস্য হৈ চৈ করে উঠলেন)

এঁরা যদি আমার কথা না শোনেন তাহলে স্পীকার মহাশয় আপনি এটা ভোটে দিয়ে দিন।

(তুমুল হট্টগোল)

মিঃ স্পীকারঃ মাননীয় আব্দুস সাত্তার, লিডার অব দি অপোজিসান, একটা চিঠি দিয়েছিলেন।

(তুমুল হট্টগোল)

ডাঃ **কানাইলাল ভট্টাচার্যঃ** এবারে পার্লামেন্টে কোন দিন বাজেট পেশ হয়েছিল—২৭শে ফেব্রুয়ারী, শনিবার।

মিঃ স্পীকারঃ মাননীয় আব্দুস সাত্তার আমাকে একটা চিঠি দিয়েছেন শনিবারে বসার ব্যাপার নিয়ে। এখানে অনেক আলোচনা হয়েছে, সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ সকলেই নানা রকম কথা বলেছেন। আমি বিরোধী পক্ষের কথা থেকে যা মোটামুটি বুঝেছি যে ৩ দিন বাজেট কেন হবে এবং শনিবার বাজেট প্লেস করা উচিত নয়। হাউসে এই দৃষ্টান্ত আছে। যখন সাত্তার সাহেব মন্ত্রী ছিলেন, জয়নাল আবেদিন মন্ত্রী ছিলেন, সুব্রত মুখার্জী মন্ত্রী ছিলেন, সুনীতি চট্টরাজ মন্ত্রী ছিলেন, আমি তারিখ বলে দিচ্ছি, ২৫শে মার্চ ১৯৭২ সাল বাজেট পেশ হয়েছিল এবং দিনটি ছিল শনিবার। ……… (গোলমাল) ……… আমি বই থেকে পড়েছি, এ্যাসেম্বলী বুলেটিন পার্ট ১, তখন এরা সরকারে ছিলেন না, তখন আপনারা ছিলেন, ইলেকশান অব স্পীকার হয়েছিল, শ্রী অপুর্বলাল মজুমদার ………was elected speaker এটা ২৪শে মার্চের বুলেটিনে আছে। তারপর election of Deputy speaker Shri Haridas Mitra was elected Dy speaker. তারপর গভর্নর'স স্পীচে আছে মিঃ স্পীকার reported to the House that the grovernor was pleased to make a speech and a copy was laid অন দি টেবিল এবং এও আছে the said motion was sapported by Shri Abdus sattar as also by Dr. Zainal Abedin me House was adjomued at 4-30 p. m. till 1.00 p. m. of 24th March এবারে ২৫শে মার্চের বুলেটিনে দেখুন. ইট ওয়াজ এ স্যাটারডে, The Minister in charge of the Finance Depertment presented the Budget Estimatas of the government of Wast Bengal for 1972-73 the House was adjourned till 1.00 p.m. on Monday the 27th March, 1972.

আমি আরো বলি যখন আপনারা মন্ত্রী ছিলেন তখন রবিবার দিন ৯ই জুলাই ১৯৭২ সাল হাউস চলেছে। তারপর রবিবার দিন হাউস বসেছে ২৬শে আগষ্ট ১৯৭৩ সালে। কাজেই এটা নুতন কিছু নয়। এবারে ৩ দিনের ব্যাপারে বলি।

তিন দিনেরও দৃষ্টান্ত আছে। ১৯৭২ সালে হয়েছে। আমি তারিখ বলে দিচ্ছি ২৯।৬।৭২, ৩০।৬।৭২, ৩।৭।৭২। তারপরে ১৯৭৭ সালের ২৭।৮।৭৭ ২৯।৮।৭৭, এবং ৩০।৮।৭৭, হয়েছে। কাজেই এ্যালোটেড হয়ে এই রকম হয় —শনিবারেও হয় এবং ৩ দিনেও হয়। এর পরেও আপনারা যদি ভোটিং চান তাহলে ভোটিং হবে। আমি জয়নাল আবেদিন সাহেবকে বই দিয়ে দিয়েছি। উনি পড়ে আপনাদের বলে দেবেন।

(গোলমাল)

শ্রীপতিতপাবন পাঠক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষ থেকে যেসব আপত্তি এসেছে আমি তার সবগুলিই অস্বীকার করছি। এবং আমি আবার সকলকে অনুরোধ করছি যে বিজনেস এ্যাডভাইসারী কমিটির যে রিপোর্ট এখানে দেওয়া হয়েছে সেটা আপনারা গ্রহণ করুন।

শ্রীজয়নাল আবেদিন ঃ স্যার, আমি একটা নজীর দেখাচ্ছি। উনি তখন লিডার অব দি অপোজিসন ছিলেন। এখানে বলা হচ্ছে স্যার, ডিসকাসন হচ্ছে,

I think I will be taking the most valuable right of the members of this House. Under the circumstances business will proceed তারপর একজন মেম্বার বলছেন Mr. Speaker, Sir, in that case members on this side of the House can carry on discussion of the budget and we shall take the opportunity of meeting tomorrow for discussion of the budget. We have no other alternative in the situation but to walk out.

স্যার ডিসকাসন হচ্ছে মাননীয় জ্যোতি বসু থাকতেই নারাজ। দি দেন চীফ মিনিষ্টার ডাঃ বিধানচন্দ্র রায়—তাঁর সময় এই জিনিস হয়েছে।

মিঃ স্পীকার ঃ আমি বলছি, স্পীকার বলার পর, তারপর আর ডিবেট হয় না। আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে আপনি আপনার এমেণ্ডমেন্ট মুভ করবেন কি ?

ডাঃ জয়নাল আবেদিন ঃ আমি মুখ্যমন্ত্রীকে বলছি শনিবার……

(গোলমাল)

শ্রীজ্যোতি বসু ঃ উনি একটা নজীর দেখাচ্ছেন, আমি শতবার দেখাতে পারি আর তার সঙ্গে এর কোন সম্পর্ক নেই।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনি বসতেই রাজী হন নি। শনিবার কেউ কাজ করে না। এবং সেই প্রিন্সিপ্যাল-এর উপর আপনারা সেকেণ্ড এণ্ড ফোর্থ স্যাটারডে ছুটি ঘোষণা করেছেন। তাই আমি আমার এমেণ্ডমেন্ট মুভ করছি। Under

proviso to rule 17 I beg to move that the fifth Report of the Business Advisary Committee be referrd back for reconsideration.

The motion of Dr. Zainal Abedin that the Fifth Report of the Business Advisory Committee be referred back to the Committee for reconsideration, was then put and a division taken with the following result :—

Noes

Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Gourhari
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Lakhan
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Bandyopadhyay, Shri Debabrata
Banerjee, Shri Amiya Bhusan
Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Basu, Shri Ajit
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Nihar Kumar
Bauri, Shri Madan
Bera, Shrimati Chhaya
Bera, Shri Pulak
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kanti Chandra
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bose, Shri Nirmal Kumar
Bose, Shri Promode Ranjan
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Jatin
Chatterjee, Shri Dhirendra Nath
Chrtterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Choudhuri, Shri Biswanath
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Nimai Chandra
Das Mahapatra, Shri Kamakshyanadan
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghose, Shri Sambhu Charan
Goppi, Shrimati Aparajita

Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Sankar
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Kundu, Shri Gour Chandra
Lama, Shri Dawa
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Maji, Shri Swadeshranjan
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sukumar
Mandi, Shri Rampada
Mandi, Shri Sambhunath
Ming, Shri Patras
Mir Abdus Sayeed, Shri
Mitra, Shri Parimal
Mohammad Ramjan Ali, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mortaza Hossain, Dr.
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mnkherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Panja, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath
Ray. Shri Matish
Roy, Shri Banamali
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sattik Kumar
Roy, Shri Sada Kanta

Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, Shri Prabir
Seth, Shri Lakshman Chandra
Shish Mohammad, Shri
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Soren, Shri Khara
Sur, Shri Prasanta Kumar
Tudu, Shri Bikram
Uraon, Shri Punai

AYES

Abdul Wahed, Shri
Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Adhikary, Shri Sisir
Bapuli, Shri Satya Ranjan
Barman. Shri Dipendra
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chandra, Shri Anup Kumar
Chattaraj, Shri Suniti
Chaudhuri, Shri Abdul Karim
Chowdhury, Shri Humayun
Ghosh, Shri Asok
Goswami, Shri Arun Kumar
Gyan Singh Sohanpal, Shri
Kazi Hafizur Rahman, Shri
Mahata, Shri Subhas Chandra
Maity, Shri Mukul Bikash
Mandal, Shri Jokhilal
Md. Shamsuzzoha, Shri
Mishra, Shri Abanti
Misra, Shri Kashinath
Moslehuiddin Ahmed, Shri
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Ray, Shri Naba Kumar
Ray, Shri Phani Bhusan
Ray, Shri Santi Mohan
Roy, Shri Sukumar
Sadhukhan, Shri Tarapada
Sarkar, Shri Dhirendra Nath
Seth, Shri Bhupendra Nath
Sha, Shri Ganga Prosad
Shaikh Imajuddin, Shri

Abstentien—Sarkar, Shri Debaprased

They Ayes being 35, Noes 147, and Abest-1 the motion was lost.

The motion of Shri Patit Paban Pathak that the Fifth Report of the Business Advisory Committee as presented to the House, be agreed to by the House, was then put and agreed to.

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার একটি বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষন করছি। আপনি একটা বই দেখিয়েছেন, ঘটনাটা আপনি অর্ধ্য সত্য ভাবে দেখিয়েছেন। আপনি যেটা দেখিয়েছেন সেটা ছিল মার্চ মাসের বাজেট। ২৪শে মার্চ, ১৯৭২ সাল সেদিন শুক্রবার ছিল। সেটা ছিল প্রথম বাজেট এবং প্রথম দিন গভর্নর্স স্পীচ হয়। যেদিন গভর্ন্সর্স স্পীচ হয়, সাধারণতঃ তার পরেরদিন বাজেট প্লেস করা হয়। ২৪শে মার্চ, ১৯৭২ সালটা শুক্রবার ছিল। সেই জন্যই বাজেট প্লেস শনিবার করা হয়েছে। এই রকম অর্ধসত্য কথা এখানে আপনাকে দিয়ে বলানো হয়েছে।

মিঃ স্পীকার : প্লিজ টেক ইয়োর সিট।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker : I have received 15 notices of Calling Attention namely :

1. Food crisis in West Dinajpur—Shri Biswanath Chowdhury, M.L.A.
2. Resignation of Vice Chancellor of Rabindra Bharati Viswavidyalaya —Shri Satya Ranjan Bapuli, M.L.A.
3. Problems of Farakka Power Project—Shri Satya Ranjan Bapuli, M.L.A.
4. Resignation of the Superintendent of National Medical College & Hospital—Shri Sk. Imajuddin, M.L.A.
5. Delay in metalling of the road from Dhanekali to Radhikapur in the district of West Dinajpur—Shri Dhirendra Nath Sarkar, M.L.A.
6. Construction of new Bridge on the river Tangan in West Dinajpur —Shri Dhirendra Nath Sarkar, M.L.A.
7. Behavior of the authorities of Howrah Municipality towards the workers in disregard of terms of agreements—Shri Dhirendra Nath Sarkar, M.L.A.
8. Errosion of Vagirathi & Padda in the Murshidabad—Sarabasree Kaji Hafigur Rahaman, Sk. Imjuddin, Dhirendra Nath Sarkar, Kasinath Misra and Shri Jayanta Kr. Biswas, M.L.A.

9. Non-supply of text books to the Primary Schools—Shri Chowdhury Md. Abdul Karia, M.L.A. & Shri Dhirendra Nath Sarkar, M.L.A.
10. Detoriation of law and orders situation—Shri Chowdhury, Md. Abdul Karim and Shri Kasinath Misra, M.L.A.
11. Spread of Maleria—Shri Dhirendra Nath Sarkar, M.L.A.
12. Non avaliability of commodities in the Modified Rationing Areas of West Bengal—Shri Kashinath Misra, M.L.A.
13. Draught and consequent distress of people in the districts of Bankura and Purulia—Shri Kashinath Misra, M.L.A.
14. Flood and Draught situation in eleven districts of West Bengal—Shri Kashinath Misra, M.L.A.
15. Difficulties in securing admission in Colleges—Shri Kashinath Misra, M.L.A.

I have selected the notice of Sarbasree Kaji Hafijur Rahaman, Sk. Imajuddin, Dhirendra Nath Sarkar, Shri Kashinath Misra and Jayanta Kumar Biswas on the subject of Errosion of Vagirathi and Padma in the Murshidabad.

Hon. Minister in charge may please give a reply to-day if possible or give a date.

Shri Nani Bhattacharjyya—On the 6th instance.

MENTION CASES

শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন, মুর্শিদাবাদ জেলাতে খরা চলছে। মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমাতে বর্তমানে চালের দর ৩ টাকা ১২ আনা থেকে ৪ টাকা। এ এলাকাতে কোন রেশন দেওয়া হচ্ছে না। স্যার, আপনার মাধ্যমে মাননীয় খাদ্য ও সরবরাহ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি, অবিলম্বে কান্দী মহকুমার সর্বত্র সংশোধিত রেশনের মাধ্যমে চাল ও গম সরবরাহ করার ব্যবস্থা করে সেখানকার মানুষের দুঃখ কষ্ট লাঘব করার চেষ্টা করুন।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে সংবাদ পেলাম গত ৩০ তারিখে রাণাঘাটে যে গুলি চলেছিল তারজন্য সেখানে দোষী পুলিশ অফিসারের শাস্তি দেওয়া দূরে থাক সেখানে প্রাক্তন এম. এল. এ শ্রীনরেশ চাকী মহাশয় এবং প্রাক্তন মন্ত্রী শ্রীআনন্দ মোহন বিশ্বাস মহাশয়ের বিরুদ্ধে মিথ্যা মামলা করা হয়েছে। স্যার,

কিছুক্ষণ আগে সংবাদ পেলাম গতকাল গভীর রাত্রে পুলিশ শ্রীনরেশ চাকী মহাশয়কে গ্রেপ্তার করেছে মিথ্যা মামলার দায়ে। স্যার, আপনার মাধ্যমে আমি হোম মিনিষ্টারের কাছে দাবী রাখছি এখনই তাঁকে রিলিজ করার ব্যবস্থা করা হোক এবং যাঁদের বিরুদ্ধে মিথ্যা মামলা করা হয়েছে সেগুলি রদ করে দেওয়া হোক। আর ঐ সমস্ত দোষী পুলিশ অফিসার, যারা ১৮ রাউণ্ড গুলি চালিয়েছিল তাদের শাস্তি দেওয়ার ব্যবস্থা করা হোক।

শ্রীনিরোদ রায়চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, পাট পশ্চিমবাংলার অন্যতম প্রধান ফসল অথচ সেই পাটের নায্য দাম চাষীরা পাচ্ছে না। হু হু কোরে বাজারে পাট আসতে সুরু করেছে এবং অসাধু ব্যবসায়ীরা সেই পাট অত্যন্ত কম দামে কেনার চেষ্টা করছে। এদিকে চটকল বন্ধ তাই তারা পাট কিনছে না। প্রত্যেকটি বাজারে দারুন কম দামে পাট বিক্রি হচ্ছে। জে. সি. আই এখনও কোথাও পাট কিনতে সুরু করে নি। স্যার, সরকারের সিদ্ধান্ত ছিল প্রত্যেকটি বড় বড় মোকামে জে. সি. আই-এর মাধ্যমে পাট কেনা হবে কিন্তু জে. সি. আই কোন মোকামে পাট কিনতে সুরু করে নি। এর ফলে স্যার, সারা পশ্চিমবাংলার লক্ষ লক্ষ কৃষক হাহাকার করছে। কেন্দ্রীয় সরকার পাটচাষীদের বলেছিলেন, তোমরা পাট চাষ করো, নায্য মূল্যে পাট সরকার কিনবে। কিন্তু কেন্দ্রীয় সরকারের সেই সিদ্ধান্ত বা প্রস্তাব তারা এখন মানছেন না। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পাট চাষীদের নায্য দাম দেওয়ার ব্যবস্থা হচ্ছে না। স্যার, আমার দাবী, অবিলম্বে পাট চাষীরা যাতে নায্য দাম পেতে পারে তার ব্যবস্থা করা হোক।

শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় খাদ্য ও সরবরাহ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমদিনাজপুর জেলাতে প্রচণ্ড খাদ্যাভাব দেখা দিয়েছে। সেখানে তিন মাস ধরে রেশনে চাল দেওয়া হচ্ছে না। সেখানে সরকারী নির্দেশের অপেক্ষায় ৩৫শো মেট্রিক টন গম পড়ে রয়েছে এবং তা নষ্ট হতে বসেছে। এফ. সি. আই-এর এই ধরনের কাজ স্বভাইবতঃই সেখানকার জনসাধারণকে ক্ষুব্ধ করছে। আমার দাবী, অবিলম্বে পশ্চিমদিনাজপুর জেলাতে রেশন সরবরাহের ব্যবস্থা করা হোক।

[2-20—2-30 P.M.]

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একট গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল ন্যাশান্যাল মেডিক্যাল কলেজের

সুপারিনটেনডেন্ট-এর পদত্যাগ। 'আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর ভাগনে অমল দত্ত, এম. পি, তাঁর অসৌজন্য মূলক এবং অভদ্র জনিত আচরণের প্রতিবাদে তিনি পদত্যাগ করেছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রাখতে চাই যে সুপারিনটেনডেন্ট যে রিপোর্ট পাঠিয়েছেন এবং যে যে কারণে তিনি পদত্যাগ করেছেন, সেটা হাউসে প্লেস করা হোক। যেহেতু একজন এম· পি· র অসদাচরণের জন্য ন্যাশান্যল মেডিক্যাল কলেজের একজন সুপারিনটেনডেন্ট পদত্যাগ করেছেন, কাজেই আপনার মাধ্যমে এই কথা বলবো যে এই পদত্যাগ পত্রটি আমাদের ন্যাশান্যাল প্রপারটি এবং আমাদের জাতীয় সম্পদ হিসাবে হাউসে রাখা উচিত এবং এই বিষয়ে আমরা হাউসে ডিসকাসন করতে পারি। সে জন্য আপনার মাধ্যমে বলবো যে এখানে স্বাস্থ্য মন্ত্রী আছেন, তাঁকে বলুন এটা হাউসে রাখতে। কেননা জনপ্রতিনিধি হিসাসে আমরা উদ্বেগ প্রকাশ করছি যে একজন প্রতিনিধির অসৌজন্য মূলক আচরণে এবং অত্যন্ত কুৎসিত আচরণের জন্য একজন ডাক্তার সুপারিনটেনডেন্টকে পদত্যাগ করতে হয়েছে এবং কাদের জন্য তদ্বির করা হয়েছে ৪ জন মাতালের জন্য তদ্বির করা হয়েছে। অবশ্য মদ্যপায়ী লোকেদের জন্য তদ্বির করা অভ্যাস আছে, উনিতো কনট্রাকটর থেকে এম. পি. হয়েছেন কাজেই তার পদমর্যাদা একটু কম আছে। তাঁর পদমর্যাদা কি হওয়া উচিত সেটা একটু বোঝাবার জন্য এটা করা উচিত।

শ্রীসুনীতি চট্টোরাজ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিশেষ ভাবে একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি, যদিও আমি জানি যে ওদের সেই দৃষ্টিভঙ্গী নেই। আমি যে ঘটনার কথা বলবো, স্বাধীনতার পরে এই রকম অনেক ঘটনা যুক্তফ্রণ্টের আমলেও হয়েছে এবং বামফ্রণ্টের আমলেও হচ্ছে। এই রকম একটা ঘটনার কথা আমি উল্লেখ করছি। ২২শে আগষ্ট সকাল ১০টার সময়ে ঘটনা ঘটেছে। বীরভূম জেলার বনশঙ্ক পুলিশ ক্যাম্প এবং দুধশঙ্গ গ্রামের দূরত্ব খুব কম। সেখানে সামসুলকে পুলিশের হেফাজতে থেকে অর্থাৎ পুলিশ প্রটেকশন নিয়ে যখন ডাকাতদের বাড়ী থেকে সামসুলের সম্পত্তি উদ্ধার করছিল তখন সামসুলকে সি. পি. এম-এর সমাজ বিরোধীরা ছিনিয়ে নিয়ে যায় এবং নিয়ে পুলিশের সামনে ভোঁতা কুড়ুল দিয়ে কুপিয়ে থেঁতলিয়ে হত্যা করে। তারপর ভোঁতা করাত দিয়ে গলাটাকে পুলিশেব সামনে কুপিয়ে কুপিয়ে কেটে তার বডিটা ওখানকার যে এক্স-প্রধান আছে, তার মায়েব সামনে ফেলে দিয়ে আসে এবং সেই প্রধানের মায়ের কাছে বলা হয় যে এই দেখুন কংগ্রেস (ই) 'র লোকের ডেড বডি ! তা দেখে সঙ্গে সঙ্গে প্রধানের মা হার্ট ফেল করেন। আমি যে কথাগুলি বলছি এটা আপনি একটু সিরিয়াসলি নিন। আমরা এত কথা বলছি কিন্তু গ্রামের মানুষের নিরাপত্তা ফিরে আসছে না। এ' সামসুলকে পুলিশের সামনে হত্যা করেছে এবং এই রকম অনেক সামসুল, কংগ্রেস কর্মী পুলিশের সামনে হত্যা তো

হচ্ছেই, তার উপর তাদের বিরুদ্ধে কেস করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে হোম মিনিষ্টারের কাছে দাবী করছি যে ইমিডিয়েটলি ইনকোয়ারী করা হোক এবং আসামীদের গ্রেপ্তার করা হোক। এবং সামসুলের মত গ্রামের মানুষদের নিরাপত্তা ব্যবস্থা করা হোক। আপনি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলুন যে এই ব্যাপারে একটা ব্যবস্থা গ্রহণ করতে।

শ্রীযোখীলাল মণ্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলার মানিকচক কেন্দ্রে বিরাট এলাকায় গঙ্গার ভাঙ্গন আরম্ভ হয়েছে। আমি দুই দিন আগে সেখানে গিয়েছিলাম এবং দেখেছি যে একটা বিরাট এলাকা গঙ্গার ভাঙ্গনে পড়ে যাচ্ছে। অনেক লোকের জায়গা-জমি পড়ে যাচ্ছে, ফসল-এর জমি পড়ে যাচ্ছে, বাড়ীঘর পড়ে যাচ্ছে। সেখানে যাতে গঙ্গার ভাঙ্গন প্রতিরোধ করা যায় তার ব্যবস্থা করা হয় এবং যারা গৃহহীন হয়েছে, সর্বস্বান্ত হয়েছে তাদের যাতে সুব্যবস্থা করা হয় তার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ মানস ভুঁঞ্যাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং আদিবাসী কল্যাণ দপ্তরের মন্ত্রী-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ১৮ই আগষ্ট সবং থানার সংখড়িয়া গ্রামে শ্রীবিজয় সামন্তের জমিতে চাষ করার সময় একজন আদিবাসী ভাইকে সি. পি. এম-এর বন্ধুরা—তাদের বন্ধু বলতে লজ্জা বোধ হচ্ছে—দিনের বেলায় ১০ টার সময় টাঙ্গী দিয়ে কুপিয়ে কুপিয়ে হত্যা করেছে। প্রথমেই বলে রাখি সেই আদিবাসী ভাই কংগ্রেস করে না বা ঝাড়খণ্ড করে না। আমার ব্যক্তিগত কোন আইডিয়া নেই যে সে কোন দলের সদস্য। আমি একটুকু জানি, সে একজন আদিবাসী দিন মজুর চাষবাসের কাজে জনমজুর খেটে সে দিন যাপন করে। স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী ও আদিবাসী কল্যাণ দপ্তরের মন্ত্রী-মহাশয়ের কাছে প্রশ্ন রাখছি একজন আদিবাসী দিনমজুর ভাইকে এইভাবে কুপিয়ে হত্যা করা হ'ল কেন? তা ছাড়া স্যার আরো অবাক কাণ্ড, তার খুনী হিসাবে আরো কয়েকজন অসহায় আদিবাসী ভাইকে পাড়া থেকে গ্রেপ্তার করে নিয়ে যাওয়া হয়েছে। স্যার, যারা খুনী এবং দাগী আসামী, যাদের সম্বন্ধে থানায় এজাহার দেওয়া আছে তারা ওসির সঙ্গে বসে চা খাচ্ছে এবং সি. আই ও এস. ডি. পি. ও'র সঙ্গে রাস্তায় দাঁড়িয়ে পান সিগারেট খাচ্ছে। স্যার, এটা কংগ্রেস, কমিউনিষ্টের ব্যাপার নয় ব্যাপারটা হচ্ছে সেখানে একজন আদিবাসী ভাইকে হত্যা করা হয়েছে অথচ এখনও পর্য্যন্ত কোন আসামীকে এ্যারেষ্ট করা হচ্ছে না। সেই লোকটির নাম হচ্ছে সুদর্শন পুর্তি, তার ৪ দিনের একটি বাচ্চা রয়েছে। আমি এ বিষয়ে মন্ত্রীমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা জানি এখানে বিহার প্রেস বিল সম্পর্কে একটি প্রস্তাব আসছে। আজকে বিহার প্রেস বিলের মাধ্যমে যে ভাবে গণতন্ত্রকে হত্যা করার সুচনা দেখা দিয়েছে সেটা আমরা লক্ষ্য করছি। আজকেই সংবাদপত্রে দেখেছি, শ্রীমতী ইন্দিরা গান্ধী আবার জরুরী অবস্থা করতে চাইছেন, তিনি বিহার প্রেস বিলকে সমর্থন করেছেন। স্যার, এর মধ্যে দিয়ে আমরা দেখতে পাচ্ছি ভারতবর্ষের স্বৈরতন্ত্র আবার মাথাচাড়া দিয়ে ওঠবার চেষ্টা করছে।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, প্রায় সারা পশ্চিমবঙ্গে আজকে খরা চলেছে। লেটলি সামান্য বৃষ্টি হয়েছে ইন সাম পকেটস। What we are afraid of that Government is not aware of the exaetitude, intensity and the extensive areas affected by drought মাননীয় কৃষিমন্ত্রীমহাশয় ফরোয়ার্ড ব্লকের সদস্য, তিনি কোন কথা বলবেন কিনা জানি না কারণ সি. পি. এম কান মুলে দিয়েছে। তিনি বলেছিলেন, উত্তরবঙ্গে খরা নেই আবার কালকে ফরোয়ার্ড ব্লকের আর একজন মন্ত্রী—শ্রীনির্মল বসু মহাশয়—বলেছেন, জলপাইগুড়িতে বিরাট খরা এবং সেটা একসটেন্ট করেছে দার্জিলিং পর্যন্ত। তারপর বামফ্রন্টের আর একজন সদস্য শ্রীবিশ্বনাথ চৌধুরী, তিনিও বললেন, সর্বত্র খরা। আমার জেলা সম্পর্কে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আগেই আকর্ষণ করেছি। এখানে সব জায়গার খারার কথা বলা হচ্ছে কিন্তু পশ্চিম দিনাজপুরের খরার কথা কেউ বলছেন না এবং সেখানে খরা, ত্রানেরও কোন ব্যবস্থা নেই। সেখানে বহু জায়গায় other than some parts of Islampur Sub-division right from Chakula Block সারা জেলা খরায় জ্বলছে। লেটলি কিছু বৃষ্টি হয়েছে কিন্তু সেই বৃষ্টির পরে দেখা যাচ্ছে তাদের ঘরে না আছে বীজ, না কৃষকদের কোন ইনপুটস দেওয়া হচ্ছে। সমবায়মন্ত্রী জানেন, সমবায় থেকে আজকে মিনিমাম ইনসিগ্‌নিফিকেন্ট লোন দেওয়া হচ্ছে ফারমারদের। ঋণ সম্বন্ধে আগে ওঁরা অনেক প্রচার করেছেন। চাষীরা ঋন পাচ্ছে না কারণ ৮৮ কোটি টাকা বাকি ওঁনার মুখ দিয়ে খবরের কাগজে এটা দেখেছি। এই অবস্থায় সারা পশ্চিমবাংলা কি আবার ডুববে? আজকে বাজারে সব জিনিষের দাম বাড়ছে। west Dinajpore was the rice bowl of West Bengal. স্যার, আমি ওয়েষ্ট দিনাজপুর তথা সারা পশ্চিম বাংলার জন্য ম্যাসিভ রিলিফের অনুরোধ করছি এবং ম্যাসিভ ইনপুটস-এর জন্য অনুরোধ করছি। আজকে চাষীরা সমবায় থেকে ঋণ পাচ্ছে না, সুতরাং সরকার থেকে উদ্যোগ নিয়ে সারা রাজ্যে চাষীরা যাতে চাষের জন্য টাকা পায় তার ব্যবস্থা করা হোক।

[2-30 – 2-40 pm.]

শ্রীসমর মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় একটি প্রশ্নের উত্তর জানতে চাইছি। একটু আগে মানস ভুঁঞ্যা মহাশয় আদিবাসী ভাইদের সম্বন্ধে উল্লেখ করলেন। আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় এখানে আছেন, আমি জানতে চাইছি যে, তিনি নাকে তেল দিয়ে ঘুমিয়ে আর কতদিন কাটাবেন ? কারণ আজকে সারা পশ্চিম বাংলায় যেভাবে আদিবাসী ভাইদের জমির ব্যাপারের বিবাদকে কেন্দ্র করে কুকুরের মত গুলি করে মারা হচ্ছে এবং আদিবাসী ও হরিজনদের যেভাবে খুন করা হচ্ছে তাতে আমাদের তাই মনে হচ্ছে। মানস ভুঁঞ্যা মহাশয় যে ছবি একটু আগে দেখালেন তাতে আমরা দেখছি যে, ৪ দিনের শিশুকে পর্যন্ত রেহাই দেওয়া হচ্ছে না। আজকে এখানে একটু আগে সরকার পক্ষ থেকে মাননীয় জ্যোতি বাবু বললেন যে, এখানে নাকি অসভ্যতা করা হচ্ছে, অথচ ওঁরা আজকে এখানে গণতন্ত্রের রক্ষক হিসাবে ভাল ভাল কসন্টলি জামা-কাপড় পরে দেবতার মত বসে আছেন ৩২ ইঞ্চি ছাতিকে ৩৮ ইঞ্চি করে, ওঁদের কাছে আমি জিজ্ঞাসা করছি যে, মানস ভুঁঞ্যা মহাশয় যে ৪ দিনের শিশুটির কথা বললেন সেই শিশুটির দায়িত্ব আজকে কে নেবে ?

শ্রীমাধবেন্দু মোহান্ত ঃ মানননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়া জেলায় জলঙ্গী নদীর ভাঙ্গনের ফলে নদীয়া জেলার বিস্তীর্ণ অঞ্চল বিপন্ন হয়ে পড়েছে। তার মধ্যে তেহট্ট থানায় তেহট্ট চাঁদেরঘাট, অভয়নগর, কানাইনগর এবং করিমপুর থানার কাজিলনগর, পরানপুর বিশেষভাবে বিপন্ন। ইতিপূর্বে এসম্পর্কে সেচ বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল এবং তাঁরা বলেছিলেন ব্যবস্থা নেওয়া হবে, কিন্তু এখনো পর্যন্ত কোনও ব্যবস্থা নেওয়া হয়নি আমি আবার মাননীয় সেচ মন্ত্রীর বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং ভাঙ্গণ রোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি এবং আরো কয়েক'জন মাননীয় সদস্য মুর্শিদাবাদ জেলায় গঙ্গার ব্যাপক ভাঙ্গনের বিষয়ে একটা কলিং এ্যাটেনসন দিয়েছিলাম এবং মন্ত্রী মহাশয় আগামী ৬ তারিখে এবিষয়ে একটা বিবৃতি দেবেন। তবুও আমি এসম্পর্কে এখানে উল্লেখ করছি যে, ভাগীরথী এবং গঙ্গা নদীর তীর ভাঙ্গার ফলে হাজার হাজার লোক গৃহহারা এবং সর্বহারা হয়ে দূরবর্তী অঞ্চলে গিয়ে আশ্রয় নেবার চেষ্টা করছে, অনেক জমির ফসল নষ্ট হয়েগেছে। এই অবস্থায় মন্ত্রী মহাশয় কবে বিবৃতি দেবেন এবং কবে ওখানে কাজ হবে, তা আমরা জানি না। তবে আমরা জানি যে, অবিলম্বে ওখানে ত্রাণ কার্য শুরু করা দরকার এবং

ভাঙ্গন রোধ করার জন্য ব্যবস্থা অবলম্বন করা দরকার। হাজার হাজার মানুষের দিকে তাকিয়ে অবিলম্বে এগুলি করা প্রয়োজন, সেই জন্যই আমি বিষয়টির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Sri Abdul Kareem Choudhury मिस्टर स्पीकर सर, मैं आपके माध्यम से रीलीफ मंत्री महोदय का ध्यान आपने इलाके की और दिकाना चाहता हैं। आभी श्री जैनेल आवेदीन साहब ने भी वेस्ट दिनाजपुर के खरा के संबंध में उल्लेख किया है। हमारे इलाका इस्लामपुर सब डीविजन में ड्राट्का भयावह रूप चल रहा है। वहँ के लोग अनाहार के लिए हाहाकार मचाये हुए है। वहँ के लोगों को पीने का पानी भी नहीं मिल रहा है। तालाव-पुखर सब सूख गये हैं। मर्द और औरतें अपने बच्चो को लेकर रास्ते पर आगये हैं। वे लोग भीख माँगने के लिए बाध्य हो गये हैं। दो महीने पहले रीलीफ डिपार्टमेन्ट खोज की को चावल दिया गया था। उसके बाद कुछ सहायता नहीं दी गई। मैं रीलीफ मंत्री से अनुरोध करेंगा कि उस इलाके को ड्राट इलाका घोषित किया जाय और वह को लोगों के बचने के लिए पानी और अन्न की व्यवस्था की जाय। वह परपाट तेयार हो गया है किन्तु पोखर और गड्डे सूख होने की बजह से पाटकी चुकाई नहीं हो या रही है। वेस्ट दिनाजपुर के लोग ड्राट कारण बड़ी तकलीफ में है। इसलिए मैं रीलीफ मंत्री महोदय के अनुरोध करेंगा कि वह के लोगों को रीलीफ पहुँचाने की व्यवस्था करें।

শ্রীমসলেউদ্দিন আহমেদ ঃ মাননীয় অধক্ষ্য মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিশী অত্যাচারের ঘটনার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। এই ঘটনাটি ঘটেছে পশ্চিম-দিনাজপুর জেলায় থানাবংশী হারী, গ্রাম-খানপুর। সেই গ্রামের শোভা নামে একজন মহিলা এই ঘটনার বিবৃতি দিতে গিয়ে বলেন, আমার স্বামী উপেন বর্মনকে ১৭ আগষ্ট'৮২ তারিখে পুলিশ ধরে নিয়ে যায়। ১৮ তারিখে আমি থানায় যাই এবং আমার স্বামীর সঙ্গে দেখা করি এবং জিজ্ঞাসা করি তুমি কেমন আছো।" আমার স্বামী বলে আমি ভাল আছি। পরেরদিন অর্থাৎ ১৯ তারিখে আমি যাই এবং জিজ্ঞাসা করাতে আমার স্বামী বলে, পুলিশ মেরে আমার সমস্ত শরীর জর্জরিত করে দিয়েছে। তুমি আমার কাছে থাকো, তুমি থাকলে পুলিশ আমার উপর অত্যাচার করবে না। ২০ তারিখে দেখা করতে গেলে দেখি যে, আমার স্বামী নেই এবং পুলিশ আমাকে থানায় প্রবেশ করতে দিচ্ছে না! স্যার, এটা অত্যন্ত মর্মান্তিক ঘটনা। জানা গেল, উপেন বর্মন ফাঁসি দিয়েছে গামছা দিয়ে এবং ফাঁসি দিয়েছে বংশী হারী থানার যে মহিলা হাজত আছে সেখানে। আমার প্রশ্ন হচ্ছে, মেল হাজত থেকে সে ফিমেল হাজতে গেল কি করে? কারা তাকে নিয়ে গিয়ে ফাঁসি দিয়েছে? আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন এই ব্যাপারে হাউসে একটি বিবৃতি দেন এবং অবিলম্বে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেন।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় খরা ভয়াবহ আকার ধারন করেছে।

এই জেলায় ২২টি ব্লক আছে। এই ২২টি ব্লকের মধ্যে ১৮টি ব্লকে কোন চাষবা: হয়নি। সেখানে দিন-মজুরদের কোন রকম কাজ নেই। বাঁকুড়া জেলা থেকে প্রা: ১ লক্ষের মতন দিন-মজুর কাজের জন্য প্রতি বছর বর্দ্ধমানে যেত (বাঁকুড়া জেলা: ভাষায় যাকে বলে পুবে যাওয়া) সেটাও বন্ধ হয়ে গেছে। সেখানে এমন অবস্থ দাঁড়িয়েছে যে, খেটে-খাওয়া মানুষ, মধ্যবিত্ত মানুষ বিশেষত তন্তুজিবী সম্প্রদায়ের মধে কোন কাজ নেই। কয়েকদিন আগে বাঁকুড়া জেলায় একটি ঘটনা ঘটে গেছে। এব তন্তুজিবী পরিবার তার ছেলেমেয়েদের খেতে না দিতে পেরে ৩টি শিশু-সন্তানবে দ্বারকেশ্বরের নদীতে ভাসিয়ে দিয়েছে। আজ বাঁকুড়া জেলায় এই অবস্থা দেখ দিয়েছে। কংসাবতী থেকে যে জল পায় সেই জল সব এলাকায় পৌছায়না। দামোদরের যে জল সেই জল সেখানে পৌছায়না। সেইজন্য অবিলম্বে সেখানে খয়রাতি সাহায্য দেবার জন্য এবং লঙ্গরখানা খোলার জন্য ত্রাণমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এবং দুঃস্থ অসহায় যে সমস্ত দিন-মজুর আছে তাদের কাজের ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

[2-40—2-50 pm]

শ্রীনবনী বাউড়ী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ত্রাণমন্ত্রী এবং কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান বছরে বৃষ্টিপাত না হওয়ার জন্য ক্ষেত মজুর এবং গরীব চাষীদের অবস্থা খুবই ভয়াবহ হয়ে দাঁড়িয়েছে। বিশেষকরে আমাদের জেলার কয়েকটি থানাতে এখন পর্য্যন্ত কোন বৃষ্টিপাত হয়নি, সেজন্য ক্ষেত-মজুরদের কোন কাজকর্ম নেই, এমন কি গরীব চাষীদের এবং মাঝারি চাষীদের অবস্থাও ভয়াবহ আকার ধারণ করেছে। এই অবস্থায় আগামী দিনে যাতে তারা রবিশস্যের চাষাবাদ করতে পারে তার জন্য আগে থেকে তাদের কৃষিঋণ এবং বীজ সরবরাহ করার অনুরোধ করছি। সেই সঙ্গে অবিলম্বে যাতে তাদের খয়রাতি সাহায্য এবং কাজ কর্মের ব্যবস্থা হয়, সেজন্য আমি আপনার মাধ্যমে কৃষি ও ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Abdul Rouf Ansari : Sir, The Calcutta Corporation which is now directly unper the Local Self Government has the statutory obligation to supply drinking water to every citizen, but it is very unfortunate that a few days back exclusively for two hours there was no drinking water. Though govt. has been spending a lot in this regard. On last Sunday and Saturday for about 26 hours there was no supply of drinking water to this city. I have seen some explanation that has been given by the Govt. in the newspapers. But we citizens are not satisfied with it. Small diameter tubewells have been

sunk in various parts of the city. But these are contractors paradise. Mos of these tubewells are not functioning properly. About Rs. 60 crores ha been spent on it out of which about 30% of the money is spent on th establishment eharge alone. I say that the entire Coporation machinery i not working upto the satisfaction of the people who are the worst sufferers. I request the Minister-in Charge who has got the experts should look into the matter. Much monen has been spent on the sinking of the small diameter tubewells. But no useful purpose is served. Contractors are only getting the the benefit. These tubewells were sunk in the city to help the distressed people, particularlu those residing in the slum areas as also in the bustee areas. I do not know whether the machinery is working satiisfactorily, whether the administration of the Corporation is working satisfactoily. Government now do not work on the basis of priority but on the basis of loyally to the party.

Mr. Speaker : Now Shri Debaprasad Sarkar.

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি পশ্চিমবাংলায় বিশেষ করে কুচবিহারের সি. পি. এম. যে খুনের রাজনীতি চালিয়ে যাচ্ছে এবং সম্পর্কে ফরওয়ার্ড ব্লক যে অভিযোগ উত্থাপন করেছেন তা কতখানি সত্য আর তার একটা জলন্ত দৃষ্টান্ত আমি তুলে ধরছি। গত ২৫শে আগষ্ট আমাদের দলের কর্মী শুকদেব কে যেভাবে হত্যা করার চেষ্টা করা হয়েছে তা শুনলে সভ্য জগত আতংকিত হয়ে যাবে। কুচবিহার জেলার মাথাভাঙ্গা থানার চণ্ডীতলার হাটে সন্ধ্যাবেলা রে একটি চায়ের দোকানে বসে চা খাচ্ছিল, পিছন দিক থেকে সশস্ত্র ২০/২৫ জন লোক তার উপর ঝাঁপিয়ে পড়ে এবং বর্শা দিয়ে তার পেট ফাঁসিয়ে দেয়, তার পেটের নাড়ীভুঁড়ি বেরিয়ে যায় এবং তার ফুস ফুস ফাঁসিয়ে দেয়। একটি ১২ বছরের ছেলে তখন তার সেই বেরিয়ে আসা নাড়ীভুঁড়ি পেটের মধ্যে ঢুকিয়ে তার পেট গামছা দিয়ে বেঁধে দেয়। তারা ২ / ৩ মিনিটের মধ্যে কাজ করে সে মারা গেছে ভেবে পালিয়ে যায়, কিন্তু তাকে প্রাইমারী হেল্‌থ সেণ্টারে নিয়ে গিয়ে তার ফুস ফুস অপারেশন করে সারারাত্রি মৃত্যুর সঙ্গে যুদ্ধ করে পরে তাকে এ্যাম্বুলেন্সে করে স্থানান্তরিত করা হয়। সবচেয়ে মারাত্মক হল যে সি. পি. আই (এম) এম. এল. এ. শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া এবং শ্রীসুধীন প্রামানিক মাসখানেক আগে সভা করে এস. ইউ. সি. কে খতম কর এই কথা বলেছিলেন এবং রাজেন দাস বলে জনৈক জোতদার তার সঙ্গে একটি খাস জমি নিয়ে সংঘর্ষ হয়েছিল। এই সব ব্যাপারে ওখানে এক ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। আমি এর প্রতিকারের জন্য স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীরবীন্দ্র ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। উলুবেড়িয়া থেকে গোরাচন্দ্র ভায়া বাগানদা রোড ১২ কিলোমিটার রাস্তা আছে। সেই রাস্তা দিয়ে বাস চলে এবং হাজার হাজার মানুষ সেই রাস্তা দিয়ে যাতায়াত করে। সেই রাস্তা দীর্ঘদিন যাবত কোন মেরামত হয় নাই। উপরন্তু রাস্তায় দুই পার্শ্বে ২।৩ ফুট গর্ত্ত হয়েছে, বাস চলার অনুপযুক্ত, যে কোন মূহুর্ত্তে বাস এক্সিডেন্ট করতে পারে। বাস মালিকরা বাস চালানো বন্ধ করে দিচ্ছে। অন্ততঃ ৫।১০ হাজার যাত্রী এই রাস্তা দিয়ে যাতায়াত করে। রাস্তাটি রিপেয়ার না হওয়ার জন্য মাঝে মাঝে বাস বন্ধ হয়ে যায়। যাত্রীদের ভীষণ কষ্ট হয়, অনেক যাত্রীকে প্রায় হেঁটে যাতায়াত করতে হয়। হাজার হাজার মানুষের উপকারের জন্য রাস্তাটি যাতে রিপেয়ার করা হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীগৌর চন্দ্র কুণ্ডু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে গত ৩০.৮.৮২ তারিখে রানাঘাটে কংগ্রেসী বর্বরতার একটা চরম নিদর্শন আপনার সামনে উপস্থাপিত করতে চাই এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ৩০।৮।৮২ তারিখে এই যে নরেশ চাকীর কথা বললেন, আনন্দ মোহন বিশ্বাসের ঘটনা বললেন, তাঁর নেতৃত্বে প্রায় ৭।৮ শত লোক কোর্টের মধ্যে ঢুকে আগুন ধরিয়ে দেন। সেই সাথে এস, ডি, জে, এম, কে হত্যা করার চেষ্টা করেন, এস, ডি-ওর অফিস জ্বালিয়ে পুড়িয়ে দেন, টেলিফোনের তার কেটেদেন। ঐ ঘটনায় ১৫ জন পুলিশ, দু-চারজন পাবলিক ও স্থানীয় অফিসারদের প্রচণ্ড ভাবে মারধোরও করেন। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, তাঁরা লরীতে ইট বোঝাই করে মিছিল নিয়ে আসেন। এমন কি উক্ত লরীর ভেতরে বোমাও রাখা ছিল এবং লরীর ভেতর থেকে ইষ্টক বর্ষণ করে একটা আরজকতা সৃষ্টির চেষ্টা তাঁরা করেছিলেন। আপনি শুনলে স্তম্ভিত হয়ে যাবেন যে তাঁরা ষ্টেট বাসের ভেতরে আগুণ ধরিয়ে দেন। বাসে এক মা তাঁর বাচ্চা ছেলেকে নিয়ে যাচ্ছিলেন, উক্ত ঘটনার ফলে তাঁরা আহত হয়ে পড়ায় হাসপাতালে ভর্ত্তি করতে হয়। এই ধরণের ঘটনা তাঁদের নেতৃত্বে ওখানে ঘটছে এবং চারিদিকে বিভিষিকা ছড়িয়ে পড়ছে। এই দুষ্কৃতকারীদের বিরুদ্ধে উপযুক্ত কঠোর ব্যবস্থা নেবার জন্য আমি অনুরোধ করছি।

শ্রীভূপেন্দ্রনাথ শেঠ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বনগাঁ শহরের একটা ঐতিহাসিক ঐতিহ্য আছে। এই শহরে কোর্ট-কাছারীতে অনেক দূর-দূরান্ত থেকে লোকে বাসে করে যাতায়াত করে থাকেন। ভারত-বাংলাদেশের সীমান্তবর্ত্তী সমস্ত প্যাসেনজার এই শহরে একটি সড়ক পথ আছে এবং এই একটি মাত্র সড়কের উপরেই এতদঞ্চলের মানুষকে একান্ত ভাবে

নির্ভর করতে হয়। দুঃখের বিষয়, একমাত্র যোগাযোগের সম্বল এই সড়কটি দীর্ঘদিন ধরে ভগ্নাবস্থায় পড়ে আছে। অথচ হাজার হাজার নিত্যযাত্রীর একমাত্র অবলম্বন হচ্ছে এই সড়ক পথ যা তাদের কাছে প্রতিদিন এক যন্ত্রনাদায়ক তিক্ত অভিজ্ঞতা রূপে আত্মপ্রকাশ করে। সেজন্য আপনার মাধ্যমে মাননীয় পূর্ত্তমন্ত্রীর দৃষ্টির আকর্ষণ করে অনুরোধ করছি যে সেখানের অবস্থিত বোর্ডের ব্রীজটি এখনই রিপেয়ারের ব্যবস্থা যেন তিনি করেন অথবা পারমানেন্ট ব্যবস্থা হিসাবে একটি স্থায়ী ব্রীজের ব্যবস্থা যেন তিনি অন্ততঃ করেন।

শ্রীবলাই বন্দোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলী জেলার বৈঁচী থেকে পাণ্ডুয়া যাবার বিশেষ প্রয়োজনীয় যে রাস্তা আছে, সেখান দিয়ে ১১নং বাস চলাচল করে থাকে। উক্ত রাস্তাটি খারাপ অবস্থায় থাকার জন্য বাস সম্পূর্ণ বন্ধ হয়ে আছে। ১৭ নং এবং ১৮ নং চুঁচড়া থেকে তারকেশ্বর এবং চুঁচড়া থেকে হরিপাল যে বাস চলাচল করত তা এখন বন্ধ হয়ে আছে। ১৯নং বাস চুচড়া থেকে দশঘরা যা চলাচল করে থাকে, তাও বন্ধ হয়ে আছে।

[2-50 – 3-00]

মাননীয় স্পীকার স্যার, এই হুগলী জেলার অধিকাংশ বাস বন্ধ হয়ে পড়ে আছে। কারণ রাস্তাঘাটের অবস্থা খুবই খারাপ অবস্থায় আছে। সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রী এবং পূর্ত্তমন্ত্রীকে এ ব্যাপারে হস্তক্ষেপ করার জন্য অনুরোধ জানাচ্ছি। কারণ তা নাহলে হুগলী জেলার কয়েক হাজার মানুষকে যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় আরও অসুবিধার মধ্যে থাকতে হবে।

শ্রীহিমাংশু কোঙার: মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে অর্থমন্ত্রী এবং ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে মেদিনীপুরে প্রচণ্ড খরা চলছে। সেখানে ক্ষেত-মজুররা কাজ পাচ্ছে না এবং তারফলে তারা খুব অসুবিধার মধ্যে পড়েছে। তাই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা নিয়ে এসে ঐ জেলাতে ক্ষেত-মজুরদের যাতে আরও বেশী করে "খাদ্যের বিনিময়ে কাজ" এই প্রকল্পের মাধ্যমে দেওয়া যায় এবং জি, আর এর পরিমাণ যাতে আরও বাড়ান যায় সে ব্যাপারে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅম্বিকা ব্যানার্জীঃ মাননীয় স্পীকার মহাশয়, হাওড়া শহরে মানুষ আজ আর নিরাপদ বোধ করছেন না। কয়েকদিন আগের কাগজে আপনারা হয়ত পড়ে থাকবেন যে হাওড়া-শিবপুর এবং হাওড়া থানার ও. সি. তাঁর সহকর্মীরা ফিজিক্যাল এ্যাসাল্ট করেছে। গত পরশুদিন মালিকানা থানার মাধব জানা বলে একজন কংগ্রেস কর্মীকে দিবালোকে ৪০।৫০ জন লোক ধরে নিয়ে গিয়ে তার বাড়ীর পাশে পিটিয়ে হত্যা

করেছে। তারপরে মালিকানা থানার ও. সি. সেখানে যান এবং মৃত অবস্থায় তাকে হাসপাতালে পাঠান। কিন্তু যেদিকে আপনার বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি তা'হল থানা অফিসার ৩০৪ সেকসানে গ্রিভাস হার্ট উল্লেখ করে কেস ফাইল করেছেন। অথচ মার্ডার কেস করা হয় নি। থানার ও. সি. এই রকম একটা ইনস্ট্যানস্ সৃষ্টি করে করে এমন এক রাজত্ব সেখানে সৃষ্টি করেছেন যে তা ওখানকার সমস্ত কংগ্রেস কমিটির দুঃসহ হয়ে উঠেছে।

শ্রীঅনিল মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ ঘটনার উল্লেখ করতে চাই। বাঁকুড়া জেলা সম্বন্ধে আমি এর আগেও আপনার মাধ্যমে বলেছিলাম, এবারেও বলছি যে সেখানে বিড়ি শ্রমিকরা অত্যন্ত দুরবস্থার মধ্যে দিন কাটাচ্ছে। একদিকে খরা, আজন্মা, অন্যদিকে বিড়ি মালিকেরা ধর্মঘট করেছে, ফলে বিড়ি শ্রমিকেরা বেকার অবস্থায় দিন কাটাচ্ছে। তাদের কোন কাজ নেই, জিনিসের দাম বেড়ে চলেছে, কেন্দ্রীয় সরকার খরার জন্য উপযুক্ত টাকা দিচ্ছে না। এই অবস্থায় রাজ্য সরকারও কোন টাকা দিতে পারছেন না। বাঁকুড়া জেলায় এই অবস্থা শুধু আজকের নয়, দীর্ঘদিন ধরে এই অবস্থা চলছে। বিড়ি শ্রমিকেরা কাজ পাচ্ছে না, উপরন্তু কাজের পরিমাণ যা আছে তা অনেক কম। ফলে তারা অনাহারে অর্দ্ধাহারে মৃত্যু মুখে পতিত হচ্ছে। সেজন্য আপনার মাধ্যমে মাননীয় ত্রাণ এবং সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয়কে অনুরোধ করব বিড়ি শ্রমিকদের যাতে কিছু অনুদান দেওয়ার ব্যবস্থা করা যায়, তার ব্যবস্থা করুন।

শ্রীশান্তি মোহন রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে সংবাদপত্রে কয়েকদিন আগে একটি সংবাদ প্রকাশ পেয়েছে—স্টেটস্‌ম্যান, আনন্দবাজার, যুগান্তরে—যে হুগলী জেলার খানাকুল ১নং ব্লকের অন্তর্গত হারান গ্রামে একটা নূতন ধরণের রোগ দেখা যাচ্ছে যে রোগে রোগী রক্ত-পায়খানা, রক্ত-বমি করছে, তার সঙ্গে জ্বরও আছে। এই রোগে ডাক্তার ঠিকমত ডায়গোনসিস্ করতে পারছে না। তাঁরা অনেকে এটিকে এড়িয়ে যাবার চেষ্টা করছেন। ২০০ লোক ইতিমধ্যে এই রোগে আক্রান্ত হয়েছেন, ২ জন মারাও গিয়েছেন। আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি অতি সত্বর এর প্রিভেনশান ও ট্রিটমেণ্ট এর ব্যবস্থা করুন এবং যাতে এর আর পুনরাবৃত্তি না ঘটে তা দেখুন। তিনি এই রোগের যথাযথ চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করবেন এই আশা আমি রাখি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকারঃ ১৮৫নং ধারায় যে মোশান এসেছে তার উপর যদি কেউ সংশোধনী প্রস্তাব দিতে চান তবে তিনি তাঁর বক্তৃতার সময়ে সেটি মুভ করতে পারেন।

বিরোধী সদস্য শ্রী আবদুস সাত্তার যে ২টি চিঠি পাঠিয়েছিলেন আমি তার একটি চিঠির উত্তর আগেই উল্লেখ করছি। এখন আরেকটি চিঠির ব্যাপারে এখানে আমি বলছি।

শ্রীআবদুস সাত্তার : আপনাকে আমি ডি. ও. লেটারে চিঠি দিয়েছি আপনিও আমাকে ডি· ও. লেটারে উত্তর দেবেন।

(গোলমাল)

মিঃ স্পীকার : আপনি এই চিঠিতে হাউসের ব্যাপারেই লিখেছিলেন বলেই আমি হাউসে বলছি। I also like to make a statement ফরোয়ার্ড ব্লক এবং আর· এস· পির মন্ত্রীদের আমি হাউসে স্টেটমেণ্ট দিতে বলতে পারি না। রুলস্ অব বিজনেসের নিয়মানুসারে আমি কোন মন্ত্রীকে এই ব্যাপারে স্টেটমেণ্ট দিতে বলতে পারি না।

শ্রীআবদুস সাত্তার : ওনারা যে পদত্যাগ করেছেন তার সঙ্গে পাবলিক ইণ্টারেস্ট জড়িত। কি কারণে বা কি সারকামস্টেনসেসে পদত্যাগ করেছেন সেটা আমাদের জানতে হবে।

Message regarding ratification of the Constitution (Forty-sixth Amendment) Bill, 1982

Mr. Secretary : Sir, I beg to report that a Message has been received from the Rajya Sabha Secretariat for ratification of the amendment to the Constitution of India falling within the purview of the provise to clause (2) of Article 268 thereof, proposed to be made by the Constitution (Forty-sixth Amendment) Bill, 1982, as passed by the two Houses of Parliament. Sir, I lay the message on the table.

(Noise)

মিঃ স্পীকার : আমার রুলিংয়ের উপর কোন আলোচনা চলে না।

LAYING OF ORDINANCES

[3.00—4.00]

The West Bengal Panchayat (Amendment) Second Ordinance, 1982

Shri Syed Abul Mansur Habibullah : Sir, with your permission, I beg to lay the West Bengal Panchayat (Amendment) Second Ordinance, 1982 (West Bengal Ordinance No. XI of 1982) under article 213 (2) (a) of the Constitution of India.

The Bengal Municipal (Amendmeut) Third Ordinance, 1982

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to lay the Bengal Municipal (Amendment) Third Ordinance, 1982 (West Bengal Ordinance No. XII of 1982), under article 213 (2)(a) of the Constitution of India.

The West Bengal Public Libraries (Amendment) Second Ordinance, 1982

Shrimati Chaya Bera : Sir, I beg to lay the West Bengal Public Libraries (Amendment) Second Ordinance, 1982 (West Bengal Ordinance No. XIII of 1982) under article 213 (2)(a) of the Constitution of India.

The West Bnegal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) (Amendment) Third Ordinance, 1982

Shri Sambhu Nath Mandi : Sir, I beg to lay the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) (Amendment) Third Ordinance, 1982 (West Bengal Ordinance No. XIV of 1982) under rule 213 (2)(a) of the Constitution of India.

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Second Ordinance, 1982

Shri Syed Abul Mansur Habibullah : Sir, with your permission, I beg to lay the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Second Ordinance, 1982 (West Bengal Ordinance No. XV of 1982) under article 213 (2) (a) of the Constitution of India.

The City Civil Court (Amendment) Ordinance, 1982

Shri Syed Abul Mansur Habibullah : Sir, I beg to lay the City Civil Court (Amendment) Ordinance, 1982 (West Bengal Ordinance No. XVI of 1982) under article 213 (2)(a) of the Constitution of India.

The West Bengal Panchayat (Second Amendment) Ordinance, 1982

Shri Prasanta Kumar Sur . Sir, with your permission, I beg to lay the West Bengal Panchayat (Second Amendment) Ordinance, 1982 (West Bengal Ordinance No. XVII of 1982) under rule 213 (2)(a) of the Constitution of India.

The Bidhan Chandra Krishi Viswavidyalaya (Amendment) Ordinance, 1982

Shri Kamal Kanti Guha : Sir, I beg to lay the Bidhan Chandra Krish Viswavidyalaya (Amendment) Ordinance, 1982 (West Bengal Ordinance No. XVIII of 1982) under article 213 (2)(a) of the Constitution of India.

The West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1982

Shri Kanti Chandra Biswas : Sir, I beg to lay the West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1982 (West Bengal Ordinance No. XIX of 1982) under article 213 (2)(a) of the Constitution of India.

The Mayo Hospital Acquisition Ordinance, 1982

Dr. Ambarish Mukherjee : Sir, I beg to lay the Mayo Hospital

Acquisition Ordinance, 1982 (West Bengal Ordinance No. XX of 1982 under article 213 (2)(a) of the Constitution of India.

The Niramoy Group of Institutions Acquisition Ordinance, 1982

Dr. Ambarish Mukherjee : Sir, I beg to lay the Niramoy Group of Institutions Acquisition Ordinance, 1982 (West Bengal Ordinance No. XXI of 1982) under article 213 (2)(a) of the Constitution of India.

The Ramrikdas Haralalka Hospital Acquisition Ordinance, 1982

Dr. Ambarish Mukherjee : Sir, I beg to lay the Ramrikdas Haralalka Hospital Acquisition Ordinance, 1982 (West Bengal Ordinance No. XXII of 1982) under article 213 (2)(a) of the Constitution of India.

The Upendra Nath Mukherjee Memorial Hospital Acquisition Ordinance, 1982

Dr. Ambarish Mukherjee : Sir, I beg to lay the Upendra Nath Mukherjee Memorial Hospital Acquisition Ordinance, 1982 (West Bengal Ordinance No. XXIII of 1982) under article 213 (2)(a) of the Constitution of India.

LAYING OF REPORT

The Seventh Annual Report of the West Bengal Essential Commodities Supply Corporation Ltd. for the year 1980-81

Shri Achintya Krishna Roy : Sir with your permission, I beg to lay the Seventh Annual Report of the West Bengal Essential Commodities Supply Corporation Ltd. for the year 1980-81.

(At this stage the House was adjournment till 4 P. M.)

(After adjournment)

[4-00—4-10 p.m.]

MOTION UNDER RULE 185

Mr. Speaker : Now I request Shri Sachin Sen to move the motion.

Shri Abdus Sattar : Sir, before you ask member concerned to move the motion under rule 185, you kindly go through the motion. You will find that it involves the Indian Penal Code (Bihar Amendment) Bill. The motion runs as follows : 'Whereas this Assembly is of the opinion that the Indian Penal Code (Bihar Amendment) Bill, etc. etc.

Now, regarding that they have brought a motion here. Under the Constitution this State Assembly cannot discuss any Bill or any proceedings of other State Assemblies. Similarly, if any Bill or any proceedings of this

Assembly are discussed in Bihar, certainly that is also prohibited under th Constitution. Moreover, according to practice and procedure of Parliament I hope you also know, that even Parliament cannot discuss any matte concerning on the subject of other States unless it involves public interes of India. Even Parliament cannot do that. I may refer to the Practice anc Procedure of Parliament of S. L. Shakdher on page 898. If you go througl —Parliament and State matters, "Rules of Procedure and Conduct o Business in Loksabha preclude the discussion of the State matters which car appropriately be discussed in the concerned State Legislature". In the first sentence it is evident that Parliament cannot discuss the State matters which can appropriately be discussed in the concerned State Legislature. Then page 899,—the first sentence—"No question is admissible on a matter which wholly within the State autonomy or in respect of each State Government have no concern with the Central Government". So we find here even Parliament cannot do that.

Sir, if you go through the last para at page 899 you will find as follows : "Parliament has recognised the sovereignty of State Legislatures concerning their procedure and conduct of business inside the House, and the Speaker has not permitted discussion relating to any matters connected therewith". The Speaker of Parliament did not allow that. So from this it is clear that when Parliament cannot discuss any State matters the State Assembly cannot discuss any matter relating to other State Legislatures. Now I am referring to another Book—Parliamentary Procedure in India by Mr. A. R. Mukherjee at page 103—Reference to debate in the other House. It runs as follows : "It is one of the rules of debate in the British Parliament that no reference can be made in one House to debates held or speeches made in the other current session". Even in England, the House of Commons and the House of Lords are just as LokSabha and Rajya Sabha. Even LokSabha cannot discuss matters relating to RajyaSabha, and RajyaSabha also cannot discuss that. "Here also the rule had its origin in the fact that previously the House did not allow their debates to be published and therefore one was not supposed to know that was happening in the other House"—that is, in between two House—House of Lords and House of Commons. So when Mr. Speaker allowed Shri Syamal Chakrabarty and others to move the motion under rule 185, in my opinion, that has been illegal and that is irregular in accordance with the Constitution of India and in accordance with the Parliamentary Procedure. It also

appears that the said Bill is pending before the Patna High Court for disposal. I do not know whether the Bill has been disposed of or not. Moreover, the Bill about which the motion has been brought here has not been circulated to the members.

[4-10—4-20 p.m.]

We are not aware of the contents of the Bill. Even the members who have brought this motion are not aware of it. I doubt. I do not know whether they have got the copies of the Bill or not. If I ask them as to what are the amendments, can they tell ? They cannot tell that. We are not in posseion of it, they Assembly is not in posseion of the Bill. Even the Speaker is not in posseion of this Bill. As there is a movement for the press everywhere in India and in order to catch them for political gains they have brought this motion. They have brought this motion to serve their own political purpose. In fact, Mr. Speaker, you know that this Govt., the Chief Minister of this Government—I do not remember the exact year—when there was massacre of Repyees in Marichjhapi and many refugees were killed and many houses were burnt, even at the time when the Press people wanted to go there they were not allowed. Not only that. Even some Press Reporters who wanted to go there were arrested and a case was started against them. Mr. Speaker, Sir so far as the freedom of the Press is concerned, I would like to state that we do believe in the freedom of the Press, we do believe in the independence of the Press as incorporated in the Constitution. I do believe in that, but may I know, Mr. Speaker, that in the communist countries, whether it is Russia or China, is there any freedom of the Press ? In the communist countries there is no freedom of the Press —nothing of the sort. Even when our Chief Minister was the Home Minister during the United Front regime, at that time some reporters followed the then Home Minister, the present the Chief Minister, while he was going to the house of Birlas. Then he threatened the Press people that their party will teach them a good lesson. This is kind of freedom they give to others.

Mr. Speaker : আপনার পয়েন্ট অব অর্ডারের পয়েন্টটা কি বলুন, বক্তৃতা করছেন কেন ? আপনার ফ্রীডম অব স্পীচ আছে এবং তা থাকবে। কিন্তু পয়েন্টটা কি তা বলতে হবে তো।

Shri Abdus Sattar : Yesterday five journalists of a Bengali daily o: Calcutta were allegdely assaulted by a police officer on Park Street o1 Wednesday night. In a complaint lodged with the Park Street thana, they said that they might have come in the way of a police jeep while crossing the street. The jeep stopped in front of them and an officer abused one o: the journalists, although the later had apologized to the officer for disturbing the movement of the jeep. But when the journalist protested against the officer's conduct, the latter allegedly slapped him on the face. Sir, this i the kind of freedom of the Press, freedom of the reporters, that thi: Government give to them. Not only that. Recently a Memo has beer issued by the Govt. of West Bengal in the Home Department (No. 4A/Con, ES dated 2nd March, 1982). That has been circulated by Memo No. 622 (16)/LO/C/298-82. That is with me. By that circular, they have asked the officers concerned not to make any statement to the reporters, to the press. So they have asked them not to give any information. That is the objective in view. They wanted them not to make any political statement. By that circular they have also suppressed and curtailed the right of the Press. So from the Marichjhapi incident to this day they are threatening the Reporters. Till today, these parties, especially the CPI (M), are threatening the Press We believe in the independence of the press, in the freedom of the Press, but today I find that you are illegally and unconstitutionally trying to move the motion. This is illegal and unconstitutional and we cannot discuss it.

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী দলের নেত যে পয়েন্ট অর্ডার তুলেছেন, বৈধতার প্রশ্ন তুলেছেন, তাতে আমি সংযোজন করতে চাই তিনি যে সমস্ত পয়েণ্টস বলেছেন, তার সঙ্গে একমত হয়ে আমি সংযোজন করতে চাই কিন্তু তার আগে আমি আপনার মাধ্যমে হাউসের সবাইকে এবং মাননীর মুখ্যমন্ত্রীকেও জানিয়ে দিতে চাই, there should be no misgivings আমাদের মনে কোন সন্দেহ নেই, এই মোশনটা যে ভাবে এসেছে, এর স্পিরিট এবং লেটার এর সঙ্গে আমরা একমত। আমরা এখানে সংযোজন করতে চাই—আমার মনে কোন সন্দেহ নেই যে এই বিরাট বিষয়ের উপর এই বক্তব্য এঁরা এনেছেন—আমার মনে কোন সন্দেহ নেই যে, জ্যোতিবাবু রাতের অন্ধকারে দিল্লীতে গিয়ে ইন্দিরা গান্ধীর কাছ থেকে এই ড্রাফ্‌ট নিয়ে এসেছেন। কারণ এই জন্য বলছি, এই বিল ওঁরা কনডেম করতে চেয়েছেন কোথাও? কোথাও একটা ওয়ার্ড আছে কনডেম করার? এই বিলকে ধিক্কার

দিয়েছেন কোথাও ? this language has been provided by the Congress High Command and passed on to an emissary in West Bengal. সুতরাং আমার মনে কোন সন্দেহ নেই—

(গোলমাল)

We are one with the spirit of this motion we want that freedom of the Press should be protected, we agree. আমাদের মনে কোন সন্দেহ নেই, কোন ভুল বোঝাবুঝির অবকাশ নেই, এই বিলের উদ্দেশ্য এবং এই মোশনের উদ্দেশ্য সম্বন্ধে আমরা একমত। শুধু সংযোজন করতে চাই, জ্যোতিবাবু এটা ধার না করলেই পারতেন, কংগ্রেস আই হাইকমাণ্ডের কাছ থেকে রাতের অন্ধকারে গিয়ে। না হলে এই ল্যাংগুয়েজ হয় ? হয়্যার ইজ দি কনডেমনেশন ? হয়্যার ইজ দি প্রটেস্ট ? সংযোজন করতে চাই,—বিরোধী দলের নেতা যে পয়েন্ট তুলেছেন টেকনিক্যালিটি প্রসিডিয়োর, এই ব্যাপারে। এই জাতীয় রেজলিউশন, এই জাতীয় মোশন এই হাউসে ইউনিমাস হওয়ার কথা। আই এ্যাম এ লে ম্যান, I plead with the Leader of the House not to move the motion, they are not the machinery. একটা সর্বসম্মত রেজলিউশন এখানে আনা যেত। কিন্তু সেই প্রচেষ্টা উনারা করেন নি। That is the bunkruptey of the Left Front regime. এঁরা অন্য বিষয়ে ব্যাংক্রাপ্‌ট হয়েছেন, সেই জন্য চেষ্টাও করেন নি। এটা দাম্ভিকতার একটা ফল। এই জাতীয় একটা জাতীয় সমস্যায় আমরা মনে করি ঐ পক্ষ এবং এই পক্ষ বসে সর্বসম্মত একটা সিদ্ধান্তে আসা যেত। কিন্তু ঐ যে ভাড়াটিয়া হিসাবে কাজ করছেন ইন্দিরা গান্ধীর—এর যে কোন পলিটিক্যাল উদ্দেশ্য আছে, তাঁর এজেন্ট হিসাবে জ্যোতিবাবুর,—সেই জন্যই আজকে একটা জোলো রেজলিউশন এনেছেন জ্যোতিবাবু উইদাউট কনডেমিং দি প্রসিডিয়োর।

ডাঃ জয়নাল আবেদিন—টু নম্বর পয়েন্ট হল সাত্তার সাহেব যে কথা বলেছেন—আজকে লিডার অব দি হাউস-কে অনুরোধ করি আপনি যদি বিহার নিয়ে ডিসকাসন করেন এই হাউসে, তাহলে কালকে পাটনায় বসে জগন্নাথ মিশ্র আপনার কনডাক্ট ডিসকাস করবে না ? হোয়াট ইজ দি রেমিডি ? উই ক্যান নট এ্যালাও দিস প্রিসিডেন্ট টু বি এ্যালাউড্‌ হিয়ার। দিস ইজ ডেনজারাস। আমি দেখেছি মাননীয় মুখ্যমন্ত্রীর সুবুদ্ধি হয়েছে তিনি জাতীয় ইন্‌টিগ্রেসনের কথা বলছেন। হি ইজ স্পিকিং ভেরি লাউডলি এ্যাবাউট ইন্টিগ্রেসান। আজকে সেই ফ্লাড গেট ওপেন করতে চেয়েছেন। আমি এর সঙ্গে একটু যোগ করতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী একটু সুখী হয়ে গেছেন। হোয়েদার হি ক্লোজেস হিজ আইজ, হোয়েদার সিমিলার রেজলিউসান ওয়াজ ব্রট বাই তামিলনাড, হোয়েদার সিমিলার রেজলিউসান ওয়াজ ব্রট বাই

জে. বি. পট্টনায়ক অব উড়িষ্যা—তখন কি চোখ, কান বন্ধ ছিল, না অল অন এ সাডেন ওদের খেয়াল হয়েছে? আজকে বিহার যে একটা আইন পাশ করতে যাচ্ছে সেই আইন সম্বন্ধে আমাদের ইন্টারফেয়ার করা উচিত—আমার নিজের ধারণা এটা আমি হুশিয়ার করে দিতে চাই যে তোমার এখানে আমরা দেখছি, এই বাম ফ্রন্ট রেজিমে আনন্দবাজার কিম্বা অন্য খবরের কাগছ ওদের তালে নাচে-না বলে তাদের সংবাদপত্রে এ্যাডভার্টাইজমেণ্ট বন্ধ করে দিয়েছে। উই নো ইট। আজকে গ্রামে গঞ্জে যেসব ছোট সংবাদপত্র বেরোয় তাদের উপর আপনারা দলাই মালাই করছেন। এই সরকার কাপুরুষের মত তাদের খোরাক বন্ধ করে দিয়েছেন, তাদের এ্যাডভার্টাইজমেণ্ট বন্ধ করে দিয়েছেন, তাদের উপর অত্যাচার করছেন। স্যার, আপনি জানেন ওরা যেখানকার আদর্শ নিয়ে চলেন সেখানে সংবাদপত্রের কোন স্বাধীনতা নেই। স্যার, সংবাদপত্রের কথা দূরে থাক, একটা কবিতা লিখলে তার কি অবস্থা হয় সেটা আমরা জানি। শোলঝেলিৎসিন এর কি অবস্থা হয়েছে, সেটাও আমরা জানি। তাকে বের করে দেওয়া হয়েছে, একটি কবিতা লিখেছিল বলে—ওদের মতের সঙ্গে মিলল না বলেই তাকে বের করে দেওয়া হয়েছে, দেশ থেকে তাড়িয়ে দেওয়া হয়েছে। স্যার, এই সব ভাঙ্গা চোরা, টুকরো টুকরো ব্যাপার জগন্নাথ মিশ্রের—আর জ্যোতিবাবু যদি কো কালে এই ক্ষমতার অধিকারী হন তখন সবই তুলে দেবেন, কোন সংবাদপত্রই থাকে না। উই নো ইট। কিন্তু তা সত্ত্বেও ওদের যখনই বুদ্ধি পরামর্শ পেয়েছেন, ওদে রাজনৈতিক মতবাদ এদের দিয়ে বলাতে চাইছেন, একটা কিছু এটেছেন নাহলে সেণ্টার থেকে টাকা পয়সা পাবেন না—সুতরাং এই মোশানের উদ্দেশ্য সম্পর্কে আমর একমত। আমরা মনে করি ভাষাটা অত্যন্ত জোলো হয়েছে। আমাদের এ্যামেণ্ডমেণ্ট আছে। আমাদের আরো বলার আছে যে স্টেট গর্ভনমেণ্টের কন্‌ডাক্ট কি—ওরা সংবাদপত্রের উপর কি নৃশংস অত্যাচার করেছেন—মরিচঝাঁপির কথা সাত্তার সাহে বললেন। স্যার, ঐ যতীনবাবু বখরা কম পেয়েছিল বলে পদত্যাগ করেছিল, এখন আবার নির্লজ্জের মত এসে সিটে নিয়েছেন—ঐ কথাটি কি ছাপাবে না? প্রেসের স্বাধীনতা থাক, ফ্রিডোম অব প্রেস থাক এটা আমরা চাই। লেট দেম হ্যাভ ইট বিকজ দে আর দি পিলারস অব ডেমোক্রাসি। দে সুড বি এ্যাসিওর্ড অব দেয়ার ফ্রিডোম। কিন্তু যাদের মুখে যেভাবে এসেছে উই আর অ্যাপোজড্ টু ইট অ টেকনিক্যাল গ্রাউণ্ড ডিউ টু প্রসিডিওর এ্যাণ্ড মেথড্। স্যার, পয়েণ্ট অব অর্ডার যেট জানতে চেয়েছিলেন সেই বিষয়ে আসছি। স্যার, ইউ আর অকুপাইয়িং দি হাইয়ে চেয়ার, ইউ আর দি কাস্টোডিয়ান অব দি হাউস। এটা আমাদের বোধগম্যের বাইরে এই কনট্রোভার্সি মাসাধিক কাল ধরে চলেছে। কোর্টে গেছে ব্যাপার। আপনারা প্রাইভেট মেম্বারস মোশান রেজলিউসান বাজেট সেসানে আনতে গিয়েছিলেন। দিস

স্কোপ সুড বি ওপেন টু আস অলসো উই কুড হ্যাভ ব্রট দিস রিজলিউসান। রেজলিউসান আপনাকে ক্লিয়ারলি বলে দিয়েছে আপনারা সবাইকে সুযোগ দেবেন। ইট উইল বি ব্রট বাই ব্যালট। আপনার এই স্পেশাল করুণা কেন—এ্যাট দি ডিকটেট অব মিঃ জ্যোতি বসু, দি লিডার অব দি হাউস, এই ব্যক্তি বিশেষের প্রতি করুণা কেন বিতরণ করতে যাচ্ছেন? হোয়াই ইউ আর ড্যানসিং টু দি টিউন অব দি লিডার অব দি হাউস, যারা এই সব মানে—টানে না, অপোজিসন একটা আছে বলে মনে করে না? উই কুড হ্যাভ আওয়ার সেয়ার। দিস কুড নট হ্যাভ কাম ইন বাই ব্যালট। লিডার অব দি হাউসের এই সুবুদ্ধি হয়নি যে অপোজিসনেরও একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। সরলবাবু তো চলে গেছেন। ওদের চামড়া তুলে দিয়েছে, ই. এম. এস. নামুদ্রিপাদ। এবার যদি কথা বলে তাহলে ওদের চামড়া তুলে দেবে, 'কাপড় খুলে নেবে, ওদের লজ্জা বলে কিছু নেই। স্যার, এই টেকনিক্যালিটি—আপনার কাছে আমার প্রশ্ন, যে এটা প্রাইভেট মেম্বারস বিজনেস এ্যাণ্ড দিস ইজ এসেনসিয়্যালি ফর প্রাইভেট মেম্বারস সেইজন্য দিস স্কোপ সুড বি ওপেন টু অল। ইউ হ্যাভ নট ইনভাইটেড আস নর ইওর উই সুড ওয়াজ এ্যাপ্রুভড বাই দি বিজনেস এ্যাডভাইসারি কমিটি দ্যাট সো এ্যাণ্ড সো স্কোপ উইল বি গিভেন টু প্রাইভেট মেম্বারস। স্যার, উই হ্যাভ বিন ডিপ্রাইভড অব দিস অপারচুনিটি। ইফ উই ওয়্যার ইনভাইটেড্ উই কুড হ্যাভ সার্টেনলি মডিফায়েড দিস। উই ওয়ান্ট এ ফেয়ার রুলিং ফ্রম ইউ উই ওয়ান্ট টু পার্টিসিপেট এ্যাণ্ড উই ওয়ান্ট টু স্পীক ইন ফেভার অব দি মোশান। উই ওয়ান্ট টু মেক ইট স্ট্রংগার। এই জ্যোতি বসু মহাশয়ের কার্যকালে সংবাদপত্র, সাংবাদিক এবং সংবাদ শিল্পের উপর যে অত্যাচার হয়েছে, নিউজ এজেন্সির উপর যে অত্যাচার হয়েছে, সেই কথাই আমি তুলতে চেয়েছিলাম। সেই জন্য আমি লিডার অব দি অপোজিসনের সংগে একমত হয়ে শুধু একটু সংশোধন করতে চাই। স্যার, মেন্স পার্লামেণ্টারি প্রাকটিসের পেজ ৩৮২ টা আপনি একটু দেখুন মোশানস এ্যাণ্ড ডেফিনিসন্সের ব্যাপারটা আছে। এই জাতীয় জিনিসে ডিসেন্‌শিয়েণ্ট থাকবে, এটা বাঞ্ছনীয় নয়। ইফ্ সাচ মোশানস এ্যাণ্ড রেজলিউসানস হ্যাভ ডিসেন্‌শিয়েণ্ট ভয়েসেস এ্যাণ্ড ইফ কনট্রাডিকসান্স আর দেয়ার ইন দিস হাউস ইউ সুড কনসিডার দ্যাট। আই উড্ এ্যাপিল টু দি চীফ মিনিষ্টার, আপনি হাউস বন্ধ রাখুন এ্যাডজোর্ণ করে দিন। কেন না, আজকে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হাউসে এনেছেন। আপনি দু পক্ষের সঙ্গে আলোচনায় বসুন। লেট আস হ্যাভ এ কমন ড্রাফট, এ কমন টেক্সট—উভয় পক্ষই একটা জাতীয় পরিস্থিতির উপর কথা বলতে চেয়েছি। এটা ভবিষ্যতের ব্যাপার, একা ঘণ্টার ব্যাপার নয়। রবীনবাবু বাসে মারছেন সাংবাদিকরা সেটা লিখবে না? লিখলে তাকে ছেড়ে দেবে? স্যার, আমি আপনার কাছে এ্যাপিল করব এই

জাতীয় জিনিস কিভাবে আনা যায়—স্যার, ম্যাটারস অব তামিলনাড়ু অর বিহার সুড নট বি ডিসকাসড ইন দিস হাউস—এ ম্যাটার কনসার্নিং আদার লেজিসনেচার। স্যার, দি কনডাক্ট অব শ্রীজ্যোতি বসু সুড নট বি ডিসকাসড্ ইন পাটনা অর আদার লেজিসনেচারস। আমরা একটা অবজেক্ট ডিসকাস করতে পারি, একটা অবজেকটিভ কণ্ডিশন ডিসকাস করতে পারি, কিন্তু স্পেসিফিক এ্যাণ্ড ডেফিনিট ম্যাটারস অব এ্যানাদার স্টেট গভর্নমেন্ট ক্যান নট বি দি সাবজেক্ট ম্যাটার অব ডিসকাসন হিয়ার। উই হ্যাভ নো স্কোপ টু ক্রিটিসাইজ দিস। আই ডিফার উইথ ইওর কনসেন্ট ফর এ্যাডমিসন অব দিস মোশান। স্যার, এই পয়েন্টে আমি আপনার কাছে এ্যাপিল করব, চীফ মিনিস্টারকে বলব এই জিনিস হাউসে যখন এসেছে তখন এটা উইথড্র করে উভয় পক্ষকে ডেকে আলোচনা করুন। স্যার, মাই সাবমিসান টু ইট ইজ দ্যাট দিস মোশান সুড বি উইথড্রন। লেট আস সিট টুগেদার। লেট আস মেক এ ফ্রেস ইউন্যানিমাস ড্রাফট্ এফেকটিং দিস। লেট আস কনসাল্ট দি এ্যাডভোকেট জেনারেল। আপনাকে প্যারোবিয়ালিজমের উর্দ্ধে উঠতে হবে এবং এটা চালাতে গিয়ে মাননীয় জ্যোতি বসুকে নীচে নেমে আসতে হবে। এতে আপনার লজ্জার কিছু নেই। আমরা এক সাথে রেজলিউসান করিনি ইন দি ইয়ার ১৯৭১? এত বড় একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার এই দম্ভ কেন? আপনি অপোজিসনকে ইগনোর করবেন কেন? তার মানে আপনারা চান নি এই মোশান ইউন্যানিমাসলি আসুক। ওখানে খেয়ে এসেছেন এখানে ধামা ধরবেন কেন? স্যার, আই হোপ দ্যাট ইউ উইল নট ইনসিস্ট অন দিস মোশান বিয়িং রেজ.ড্। ইট ইজ নট এ কোশ্চেন অব প্রেষ্টিজ, ইট ইজ এ কোশ্চেন অব লং—স্ট্যানডিং পলিসি এ্যাণ্ড প্রাকটিস উইথ রিগাড টু দি ফ্রিডোম অব দি প্রেস। ফ্রিডোম অব প্রেস আমরা সবাই চাই। লেট আস সিট টোগেদার। আপনি হাউস এ্যাডজোর্ণ করুন। কনসেনসাস হয়ে একটা ইউন্যানিমাস ড্রাফট্ রেজলিউসান আমরা আনতে পারি। তাই আমি লিডার অব দি হাউসের কাছে এ্যাপিল করব, আপনি এটাকে প্রেসটিজ ইস্যু হিসাবে নেবেন না, হাউস এ্যাডজোর্ণ করে একটা ইউন্যানিমাস ড্রাফট্ তৈরী করুন। তা না হলে It will not be possible for us to take part which we want to take part. This cannot be the subject matter of discussion here. I oppose the introduction of this motion in this house.

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অপোজিশান লীডার, সাত্তার সাহেব যে পয়েন্ট অব অর্ডার তুলেছেন, আমি তার রুলিং চাচ্ছি।

মিঃ স্পীকার ঃ রুলিং দেব।

শ্রীজ্যোতি বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি রুলিং দেবার আগে আমি দু' একটি কথা বলতে চাই। প্রথমে আমি যা বুঝেছি, পয়েন্ট অব অর্ডার তুলতে গিয়ে লীডার অব দি অপোজিশান একটা বক্তৃতা দিলেন এবং তিনি যা বললেন সেটা পয়েন্ট অব অর্ডার এর পার্ট কিনা আপনি বলে দেবেন। তিনি বললেন যে কমিউনিষ্ট দেশে সংবাদ পত্রের কোন স্বাধীনতা নেই। যে সব কমিউনিষ্ট দেশের সঙ্গে ভারতের গভীর সম্পর্ক স্থাপন হয়েছে সেখানে সংবাদ পত্রের কোন স্বাধীনতা নেই। পশ্চিমবঙ্গেও কোন স্বাধীনতা নেই কারণ মরীচঝাঁপীতে সেই সময়ে ১৪৪ ধারা ছিল, সেটা ভঙ্গ করে সাংবাদিকরা সেখানে যান ওয়ার্নিং দেওয়া সত্ত্বেও, তখন কেন তাদের সরিয়ে দেওয়া হল, কেন গ্রেপতার কয়া হল। এটার সঙ্গে ওটার কি সম্পর্ক আছে আমি বুঝলাম না। আবার বললেন যে বিড়লার বাড়ীতে জ্যোতিবাবু গিয়েছিলেন। জ্যোতিবাবু বিড়লার পদলেহন করেন না। আপনারা করতে পারেন, আমাদের করবার কোন দরকার করেনা। আর কোনদিন আমি তাদের বাড়ীতে যাইও নি? এসবের সঙ্গে পয়েনষ্ট অব অর্ডারের কি আছে সেটা আপনি বিবেচনা করে দেখবেন। তারপর বললেন যে উনি সব সংবাদ পত্র পড়েছেন, শুধু সত্যযুগটা পড়েন নি। কালকে প্রেস ক্লাব থেকে আমার কাছে এসেছিলেন, তিনি বোধ হয় সম্পাদক, সত্যযুগে কাজ করেন। সেখানে অস্ত্র-শস্ত্র এ নিয়ে কংগ্রেসের গুণ্ডারা তাদের শাসিয়ে এসেছে যে আমাদের বিরুদ্ধে যদি কোন রকম জিনিস প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে লেখেন তাহলে আপনাদের জীবন শংসয় হয়ে উঠবে। এই জিনিস তারা করেছেন।

(গোলমাল)

এই যে মোশান এখানে রাখা হয়েছে, এখানে ডঃ জয়নাল আবেদিন যে সব কথা বললেন, তার কোন মূল্য নেই। তবুও তিনি বারে বারে বললেন যে, আমরা এক মত হয়ে—আমরা কে? আপনারাতো ২/৩ জন এখানে আছেন। আপনারা কি কংগ্রেস (আই)-এর হয়ে বলছেন, না কি অন্যান্য অপোজিশান-এর যারা আছেন তাঁদের সকলের হয়ে বলছেন? যদি বলা হয় যে আমরাটা কি ডিফাইন করুন তাহলে পারবেন না যে আমরা মানে কি। আমার কথা হচ্ছে, মোশানটা যা দেখতে পাচ্ছি, ওখানে যে ডিবেট হয়েছে বিহার এ্যাসেম্বলীতে, সেই সব নিয়ে আমরা আলোচনা করছি না। আমরা বিলটা দেখেছি এবং তার অবজেকটিভ দিকটা দেখছি। আমরা কি বলছি? এই বিলটা যারা এনেছেন তারা বলছেন যে এটা রাষ্ট্রপতির কাছে গেছে অনুমোদনের জন্য এবং মনে করা হচ্ছে, যারা এই মোশান এনেছেন, তারা মনে করছেন যে এটার প্রতিফলন আমাদের এখানেও দেখা দেবে। এখানেও সাংবাদিকরা আছেন, এখানেও করেসপনণ্টে আছে বিহার সংবাদ পত্রের। কাজেই এই ভাবে যদি বিলটা থাকে এবং যদি অনুমোদিত হয় তাহলে আমরা মনে করছি যে সংবাদিকদের

যেটুকু স্বাধীনতা আছে, শুধু বিহারেই নয়, সমস্ত ভারতবর্ষব্যাপী সেই স্বাধীনতা কেড়ে নেওয়া হচ্ছে কারণ করেসপণ্ডিং সব জায়গাতেই আছে। সে জন্য রাষ্ট্রপতিকে অনুরোধ করা হচ্ছে যে আপনি এটা অনুমোদন করবেন না। কারণ এটা করলে এর প্রতিফলন সমস্ত জায়গায় দেখা দেবে। এটা শুধু বিহারের নিজস্ব ব্যাপার নয়। এটা ঠিক যে যদি বিহারের নিজস্ব ব্যাপার হয়, আমাদের এখানে যদি কোন প্রতিফলন না হয়, আমাদের কোন রকমভাবে যদি এ্যাডভার্সলি এফেক্ট না করে সংবাদ পত্রের কিম্বা সাংবাদিকদের তাহলে সত্যি এই সব জিনিস আলোচনা করা ঠিক নয়। এটা ঠিক কথা।

কিন্তু যেখানে আমরা কনসার্ন সেখানে আমাদের কথা বলতেই হবে। পৃথিবীতে যদি যুদ্ধ ছড়াবার চেষ্টা করা হয় তাহলে আমরা বিধান-সভায় যুদ্ধ সম্বন্ধে আলোচনা করতে পারব না! এটা কোনও দিন হয় না কখনো হতে পারে না। সে জন্য আমাদের কথা হচ্ছে যে, আমরা এখানে শুধু আশঙ্কা প্রকাশ করছি। এখানে যে প্রস্তাব আছে তাতে কি বলা হয়েছে? এতে কনডেমনেসন, অমুক তমুক এসমস্ত কোনও ভাষা নেই। এটার মাধ্যমে রাষ্ট্রপতিকে বলা হচ্ছে যে, আপনি এটাতে অনুমোদন দেবেন না কারণ সংবাদপত্রের অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। এ-কথা বলার জন্যই আজকে এপ্রস্তাব এখানে আনা হয়েছে এবং যাঁরা এনেছেন তাঁরা এই উদ্দেশ্যেই এনেছেন এবং খুব পরিস্কার ও সংযত ভাষাতেই এনেছেন। জয়নাল আবেদিন বললেন যে সবাই মিলে এক সঙ্গে প্রস্তাব গ্রহণ করতে পারলে ভাল হ'ত। হ্যাঁ, নিশ্চয়ই খুব ভাল হ'ত আমরা তাই চেয়েছিলাম, আমাদের পরিষদীয় মন্ত্রী কংগ্রেসের দিকের ২/১ জনের সঙ্গে এবিষয়ে কথাও বলেছিলেন, কিন্তু তাঁরা রাজি হ'ননি। যদি এটা এক সঙ্গে করা যেত তাহলে নিশ্চয়ই ভাল হ'ত, খুব ভাল হ'ত, এবং সেটাই আমাদের উদ্দেশ্য ছিল। কিন্তু এক সঙ্গে করায় মুশকিল আছে এবং সেটা আমরা বুঝি। তার কারণ হচ্ছে শ্রীমতী গান্ধী আজকেই বলেছেন 'এসব বোগাস্ আন্দোলন হচ্ছে সংবাদপত্রের স্বাধীনতা নিয়ে'। আপনাদের কারো ক্ষমতা আছে ইন্দিরা গান্ধীর সেই বক্তৃতার পরে আপনার কেউ আমাদের সঙ্গে এক মত হবেন? নেই।

শ্রীআবদুস সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যা বললেন তার উত্তরে আমার কিছু বক্তব্য আছে। উনি বললেন যে, আমরা বিহারের ব্যাপার নিয়ে এখানে আলোচনা করছি না।

শ্রীজ্যোতি বসু: স্যার, উনি কি আবার বলবেন?

শ্রীআবদুস সাত্তার: আবার বলছি না। আপনি বললেন, তাই তার উত্তরে বলছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বললেন, আমরা বিহারের কোন বিল নিয়ে আলোচনা করছি না, সে বিলে প্রেসিডেণ্ট যাতে এ্যাসেণ্ট না দেন তার জন্য বলছি।

তা আমার এখানে প্রশ্ন হচ্ছে আমাদের এখান থেকে আমরা যখন আমাদের কোনও বিল প্রেসিডেন্টের কাছে পাঠাই এবং বিহার যদি প্রস্তাব পাশ করে প্রেসিডেন্টকে বলে যে, মাননীয় প্রেসিডেন্ট পশ্চিম বাংলার কোনও বিলের প্রতি আপনার সম্মতি দেবেন না, তাহলে কি হবে ?

শ্রীপত্তিত পাবন পাঠক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রসঙ্গক্রমে এখানে একটা কথা উঠেছে যে, আমরা নাকি ইউন্যানিমাস প্রস্তাব আনার জন্য কোনও চেষ্টা করিনি। একথাটা সম্পূর্ণ অসত্য। এখানে যাঁরা বিরোধী দলে বসে আছেন তাঁরা যদি তাঁদের ঘরে গিয়ে একটু খোঁজ করেন তাহলেই জানতে পারবেন যে, আমরা এবিষয়ে চেষ্টা করেছি কিনা। ওঁরা যদি ওঁদের নেতাদের একটু জিজ্ঞাসা করে এসে আবার এখানে এ কথা বলেন (চেষ্টা করা হয়নি) তাহলে আমরা খুশী হব। যাঁদের সঙ্গে এবিষয়ে কথা বলার দরকার ছিল, আমরা তাঁদের সঙ্গে কথা বলেছি।

অধ্যক্ষ মহোদয় ঃ মাননীয় সদস্যগণ, এখানে একটা প্রশ্ন উঠেছে যে, এই যে মোশানটি এসেছে এটা রুলস অনুযায়ী এবং কনসটিটিউসন অনুযায়ী ঠিক আছে কিনা। বিরোধী দলের নেতা মাননীয় সাত্তার সাহেব শাকদার-এর বই থেকে উল্লেখ করে এখানে পড়লেন। আমি সাত্তার সাহেবকে শাকদার-এর বই-এর ৮৯৯ পাতাটি একটু পড়ে শোনাচ্ছি, যে অংশটি উনি পড়েননি।

No question is admissible on a matter which is wholly within the State autonomy or in respect to which State Governments have no concern with the Central Government and are no responsible to it in law or fact. Questions which simply elicit information of statistical nature on a matter of All-India character without touching the policy or administration of a State may be admitted. However, এটা বিশেষ করে বোঝা দরকার However, in certain cases, questions touching the policies of the State administration may be allowed where (i) action is required to be taken on all-India basis though separately by each State administration, (ii) the matter is of all-India Importance or interest, (iii) policies or matters are involved in which the Government of India give grants or advice, and (iv) the State Governments act as agents of the Government of India, though details are left to be worked out by the State Governments as such agents.

এই জন্য শকদারের বই বলছে, যেখানে অল-ইণ্ডিয়া পলিসি থাকে এবং যেখানে বিভিন্ন সঙ্কটের এ্যাফেক্টেড হবার সম্ভাবনা থাকে সেখানে এবিষয়ে আলোচনা করা যায়। আমরা দেখেছি বিহার প্রেস বিলের ওপর সারা ভারতবর্ষে আন্দোলন হচ্ছে, পশ্চিম বাংলায়ও হচ্ছে এবং বিভিন্ন রাজ্য এই আইন আনতে পারে এই জন্য এখানকার বিধানসভার এই অধিকার আছে, এখানে এটা আলোচনা করবার। সে জন্য আমি এটা গ্রহণ করলাম।

Shri Sachin Sen : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মোশানটা মুভ করতে দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ। আমি মোশানটা পড়ে দিচ্ছি। Whereas this Assembly is of the opinion that the Indian Penal Code (Bihar Amendment) Bill,

(Noise)

(At this stage members of Congress (I) and Congress (S) walked out of the Chamber)

and the Criminral Procedure Law (Bihar Amendment) Bill, 1982, would muzzle the limited freedom of the Press and thus would go against the democratic institution evolved through many vicissitudes and long sacrifices in course of National movement ;

And whereas this draconian Bill, if implemented, would not only go against the pressmen in Bihar, but also against the entire community, directly or indirectly associated with the Press, on a national scale ;

And whereas the Bill which is virtually calculated to black out and aims at suppressing news in which the general public is vitally interested ;

And whereas all the democratic-minded people are launching a massive movement to prevent the implementation of the Bill ;

This Assembly, therefore, urges upon the Central Government to impress upon the president of India as not to assent this Bill.

[4-40—4-50 P. M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বির্তকিত বিহার প্রেস বিল নিয়ে সারা দেশে আন্দোলন হচ্ছে। সারা দেশের গণতান্ত্রিক মানুষ তাদের বিরুদ্ধে ধিক্কার জানাচ্ছেন

সেই বিলে কি কি মূল বিষয়বস্তুগুলি আছে তা আমি এই হাউসের সামনে উপস্থিত করছি। বিলের নাম হচ্ছে, ভারতীয় দণ্ডবিধি (বিহার সংশোধন) এবং ফৌজদারী কার্যবিধি (বিহার সংশোধন) বিল ১৯৮২। এতে কি কি আছে দেখুন, এই বিলে বলা হয়েছে, অত্যন্ত অশ্লীল অথবা গালিগালাজ পূর্ণ বা ব্ল্যাকমেল করার উদ্দেশ্য নিয়ে যে কোন সংবাদপত্র, সাময়িকী, বিজ্ঞপ্তি, ছবি ও অন্যান্য নথী ছাপানো অথবা প্রকাশ করা চলবে না। এই বিলে আরোও বলা হয়েছে যে উপরোক্ত পত্র-পত্রিকা ও ছবি প্রদর্শন, বিলি, প্রচার, বিক্রি, ভাড়া, তৈরী রাখা, পাঠানো অথবা উপরের উদ্দেশ্য সম্বন্ধে অবহিত হওয়া বা বিশ্বাস করার কারন থাকা সত্বেও জড়িত বা লেনদেন থেকে মুনাফা অর্জন করলে অথবা ঐ ধরনের কাজে সংযুক্ত থাকলে কিংবা ঐ ধরনের বিষয়বস্তু সম্পর্কে বিজ্ঞাপন দিলে বা অন্যভাবে প্রচার করলে ঐ ধরনের কাজের সঙ্গে যুক্ত সকলকে যে কোন ম্যাজিষ্ট্রেট অভিযুক্ত করতে পারে এবং বিনা জামিনে আটক করতেও পারে।

উপরোক্ত অপরাধে অভিযুক্ত ব্যক্তি অপরাধী সাব্যস্ত হলে তাকে ২ বছর জেল ও জরিমানা অথবা একই সংগে জেল, জরিমানা দেওয়া হবে। আবার, এ অপরাধের পুনরাবৃত্তি ঘটলে অপরাধীকে জরিমানা সমেত ৫ বছরের জন্য জেল দেওয়া হবে। কি সাংঘাতিক। এটা গণতন্ত্রের উপর আক্রমণ নয়? প্রেস বিলের ঘটনা শুধু বিহার কিম্বা বিহার এ্যাসেম্বলীর মধ্যেই সীমাবদ্ধ নয়। কিভাবে এটা পাশ করান হয়েছে এ্যাসেম্বলীতে যখন সমস্ত বিরোধী সদস্যরা আপত্তি জানাতে জানাতে বেরিয়ে গেলেন, সাংবাদিকরা কেউ উপস্থিত নেই, তখন রাত্রি ১২-৫৫/৫৬ মিনিটের সময় এটা পাশ করান হল, এবং বিধান পরিষদ থেকে ৪ মিনিটের মধ্যে এই বিলটা পাশ করা হল। উদ্দেশ্যটা কি? কেউ যাতে সেখানে একটা কার্টুনও ছাপতে না পারে। বিহারে কি ঘটেছে? আমি জানি যেখানে দিনের পর দিন খুন খারাপী, রাহাজানি, দাঙ্গা হাঙ্গামা, হরিজনদের প্রতি অত্যাচার হচ্ছে। যেখানে আইন শৃঙ্খলার এই পরিস্থিতি সেখানে বিহার সরকারের পক্ষে এই ধরণের বিল পাশ করাটা সংগত নয়, কিন্তু তাই হয়েছে। সামগ্রিকভাবে সারা দেশের গণতন্ত্রের উপর আঘাত করা হচ্ছে। সব সংবাদপত্রের সাংবাদিকরা যাতে সমালোচনা না করতে পারে। বিচার না করতে পারে, করলেই গ্রেপ্তার করা হবে, দোষী সাব্যস্ত হলে ২ বছরের জেল দেওয়া হবে, আবার যদি পুনরাবৃত্তি করা হয় তাহলে ৫ বছরের জন্য জেল হবে। কি সাংঘাতিক! এটাকে ধামাচাপা দেবার চেষ্টা হচ্ছে, এবং তারই বিরুদ্ধে আন্দোলন চলছে। বিহারের বিভিন্ন সংবাদপত্রের সাংবাদিকদের উপর আক্রমণ হচ্ছে, লাঠিচার্জ থেকে আরম্ভ করে ব্যাপকভাবে অত্যাচার হচ্ছে। তাই গণতান্ত্রিক মানুষের সমস্ত ট্রেড ইউনিয়ন থেকে আরম্ভ করে সমস্ত জায়গায় এর বিরুদ্ধে আওয়াজ উঠেছে এবং এর বিরুদ্ধে জনমত সংগ্রহ হচ্ছে। সারা দেশের মানুষ এর বিরুদ্ধে ধিক্কার জানাচ্ছে।

পশ্চিমবাংলার গণতান্ত্রিক মানুষ বিভিন্ন গণ-সংগঠন এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে এই জন্য যে, গণতন্ত্রের উপর একটা জঘন্য আক্রমণ হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের সম্পর্কে আগামীকাল অবশ্য সাংবাদিকদের তরফ থেকে ধর্মঘটের আহ্বান জানানো হয়েছে। এই আক্রমণ শুধু সাংবাদিক কিম্বা সংবাদপত্রের মধ্যে সীমাবদ্ধ নয়, সারা ভারতের গণতান্ত্রিক মানুষের যে অধিকার তার উপর আক্রমণ হচ্ছে। কাজেই আজকে আমরা বিহার প্রেস বিলের বিরুদ্ধে যে প্রস্তাব এই হাউসে উপস্থিত করেছি, আমি আশা করব সেটা সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হবে এবং বিহার প্রেস বিলের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করা হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীদেব প্রসাদ সরকারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিহারে সংবাদপত্রের কণ্ঠরোধ করার জন্য বিহার বিধানসভায় যে বিল আনা হয়েছে সেই বিল যাতে প্রেসিডেন্টের অনুমোদন না পায় তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানিয়ে (প্রস্তাব উত্থাপিত হয়েছে। আমি সর্বাগ্রে এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি আজকে সংবাদপত্রের কণ্ঠরোধ করার জন্য আলোচ্য বিলকে সংবাদপত্রের স্বাধীনত উপর এক নগ্ন ফ্যাসিষ্ট আক্রমণ বললেও অত্যুক্তি হবে না।

[4-50—5-00 P.M.]

আজকে এই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে অন্যত্র প্রাসঙ্গিক ভাবে এই বিহ প্রেস বিলের বিরুদ্ধে গত ২১ আগষ্ট বিহারের সংগ্রামী সাংবাদিক বন্ধুরা তা অত্যন্ত ন্যায়সঙ্গত ভাবে এর প্রতিবাদ জানিয়ে ছিল; তাদের শান্তিপূর্ণ মিছিলের উ বিহার সরকারের পুলিশ যে বর্বরচিত আক্রমণ করেছিল তাকে নিন্দা জানাবার ভা আমার নেই। আজকে এই যে সংবাদপত্রের স্বাধীনতার উপর আক্রমণে উদ্যত বিহ প্রেস বিল এই সম্পর্কে পশ্চিমবাংলা তথা ভারতবর্ষের সমস্ত গণতন্ত্রপ্রিয় স্বাধীনকা মানুষ অত্যন্ত উদ্বিগ্ন। আমি মনে করি এই বিহার প্রেস বিল সম্পর্কে বিচ্ছিন্ন ভা চিন্তা করলে বোধ হয় আমরা সমস্যাটাকে লঘু করে দেখবো। আজকে ভারতব কেন্দ্রীয় সরকারই কি আর রাজ্য সরকারই কি সে যাই হোক না কেন তারা যে ভা একটার পর একটা কালা-কানুন জারী করে গণতন্ত্রকে হত্যা করার জন্য প্রচে চালাচ্ছে, বিহার প্রেস বিল তার থেকে কিছু বিচ্ছিন্ন পদক্ষেপ নয়। 'এসমা' থে সুরু করে যেভাবে একের পর এক কালা-কানুন গুলি জারি হচ্ছে, আজকে গোটা দে যে ভাবে অডিনেন্স রাজ চালু করা হচ্ছে, যে ভাবে প্রসাশনের হাতে ক্ষমতা কুক্ষিগ করা হচ্ছে, কেন্দ্রীভূত করা হচ্ছে, যেভাবে বিচার বিভাগের আপেক্ষিক স্বাতন্ত্রকে খ করে তাকে সরকারী প্রশাসন যন্ত্রের আজ্ঞাবহতে পর্যবসিত করা হচ্ছে, যে ভাবে আই

সভা গুলির সীমিত গণতান্ত্রিক অধিকার টুকু পর্যন্ত খর্ব করার প্রচেষ্টা চলেছে সংবিধান প্রদত্ত মৌলিক অধিকার গুলোকে দিনের পর দিন যেরকম নগ্নভাবে পদদলিত করা হচ্ছে, বিহার প্রেস বিল সেই সামগ্রিক ফ্যাসিবাদী আক্রমণেরই একটা অন্যতম পদক্ষেপ। সুতরাং এটাকে বিচ্ছিন্ন করে দেখার কোন কারণ নেই। আমরা দেখছি ১৯৮০ সালে ইন্দিরা গান্ধী ক্ষমতায় ফিরে আসার পর তাদের এই ফ্যাসিবাদী আক্রমণের ট্যাকটিস পরিবর্তন করেছে মাত্র। অতীতের অভিজ্ঞতার ভিত্তিতে আমরা দেখছি যে কোন প্রশাসনিক নির্দেশের মাধ্যমে ক্ষমতা কেন্দ্রীকরণের দিকে তারা এগিয়ে যাচ্ছে। বহু কালা কানুন সরাসরি কেন্দ্রীয় সরকারের মাধ্যমে না এনে রাজ্য সরকার গুলির মাধ্যমে—উইথ দি কনসেন্ট অফ সেন্ট্রাল গর্ভমেণ্ট—জনসাধারণের উপর চাপিয়ে দেবার চেষ্টা করা হচ্ছে। বিহার প্রেস বিল তার একটা অংশ বিশেষ। ইন্দিরা গান্ধী সেই কৌশলটি গোপন রাখতে পারেন নি। গত কাল ১লা সেপ্টেম্বর ইন্দিরা গান্ধী উত্তরপ্রদেশে সঞ্জয়গান্ধী স্মারক হাসপাতাল উদ্বোধন করলেন।

সাংবাদিকদের গণতান্ত্রিক ও ন্যায় সঙ্গত আন্দোলনের উপর ইন্দিরা গান্ধী যে বক্তব্য রেখেছেন তার মধ্যে তাঁর এই আন্দোলনের প্রতি দৃষ্টিভঙ্গী কি তা প্রতিফলিত হয়ে উঠেছে। ইন্দিরা গান্ধীর এই বক্তব্যকে নিন্দা করার কোন ভাষা আমাদের নেই। মুখ্যমন্ত্রী একটু আগে বলেছেন যে শ্রীমতী গান্ধী সারা দেশব্যাপী সাংবাদিকদের এই আন্দোলনকে একটা বোগাস আন্দোলন বলে উল্লেখ করেছেন। আমি এই প্রসঙ্গে আরও বলব, এমনকি শ্রীমতী গান্ধী সাংবাদিক বন্ধুদের এই আন্দোলনকে বা এই প্রেস ধর্মঘট যা বিভিন্ন জায়গায় হতে চলেছে তা মোকাবিলা করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করার হুমকী পর্য্যন্ত দিয়েছেন। সাংবাদিকদের শান্তিপূর্ণ মিছিলের উপর যে বর্বরোচিত আক্রমণ করা হয়েছে তারজন্য তাঁর বিন্দুমাত্র লজ্জা বা দ্বিধা নেই। তিনি ঔদ্ধত্যের সাথে বলেছেন যে বিরোধীরা যখন ক্ষমতায় আসীন ছিলেন তখন লাঠি নাকি তাঁদেরও খেতে হয়েছিল। সুতরাং ইন্দিরা গান্ধীর বক্তব্যে কার কণ্ঠস্বর প্রতিধ্বনিত হচ্ছে—এ কি হিটলার বা মুশোলিনীর কণ্ঠস্বর নয়—তা সহজেই অনুমেয়। অবশ্য জরুরী অবস্থা প্রবর্তনকারিনী ইন্দিরা গান্ধীর কাছ থেকে এর থেকে ভাল কিছু আশা করা যায় না। সাংবাদিকদের আন্দোলনকে কেন্দ্র করে তাঁর এই নির্লজ্জ উক্তির জবাব ভারতবর্ষের গণতন্ত্রপ্রিয় মানুষ নিশ্চয়ই দেবেন। ভারতবর্ষের সাংবাদিক বন্ধুরা এর উপযুক্ত জবাব দেবেন। এই বিল প্রসঙ্গে আমার আর একটা কথা হচ্ছে যে, সাংবাদিকদের উপর আজকের এই আক্রমণ নূতন কোন ঘটনা নয়, বিহার প্রেস বিল শুধু একমাত্র আকস্মিক ঘটনা নয়, ইতিমধ্যে তামিলনাডু, উড়িষ্যা শুধু এই ধরণের বিল এনেছেন তাই নয়, আমরা দেখতে পাচ্ছি যে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে রাজ্যে সাংবাদিকদের কণ্ঠরোধ করার জন্য শাসকদলের তরফ থেকে এ

ধরণের আক্রমণ নেমে এসেছে। সাংবাদিকদের উপর নানা রকম হুমকি এমন কি দৈহিক নির্যাতনের ঘটনাও কোন বিরল ঘটনা নয়। আপনারা জানেন, কিছু দিন আগে উড়িষ্যায় সেখানকার কংগ্রেসী মন্ত্রী, কংগ্রেসী নেতাদের দূর্নীতির বিরুদ্ধে কিছু তথ্যপূর্ণ সংবাদ সংবাদপত্রে প্রকাশ করার কারণে সেই বিশেষ সাংবাদিকের স্ত্রীকে ধর্ষিতা হতে হয়, উপরন্তু সেই সাংবাদিক বন্ধুর জীবন নিয়েও টানাটানি পড়ে গিয়েছিল। উড়িষ্যাতে সাংবাদিকদের স্বাধীনতার এই তো হল অবস্থা। তাই অমরা দেখতে পাচ্ছি সংবাদপত্রের স্বাধীনতার উপর সর্বাত্মক ভাবে একটা আক্রমণ নেমে এসেছে। যারফলে গণতন্ত্রকে রক্ষা করাটাই এখন একটা মারাত্মক সমস্যা হয়ে দাঁড়িয়েছে। আমি এই প্রসঙ্গে অত্যন্ত বেদনার সঙ্গে জানাচ্ছি যে সংবাদপত্রের কণ্ঠরোধ করবার জন্য আজকে শুধুমাত্র পুঁজিপতি বলে চিহ্নিত ইন্দিরা কংগ্রেসীরাই চেষ্টা করছেন তা নয়।

[5-00—5-10 P.M.]

অত্যন্ত দুঃখের সঙ্গে পশ্চিমবঙ্গের মানুষ প্রত্যক্ষ করছে যে সি. পি. এম-এর নেতৃত্বে বামফ্রন্ট সরকারও এই সংবাদপত্রের স্বাধীনতার উপর হস্তক্ষেপ করেছেন। কংগ্রেস সরকারের মত সংবাদপত্রের স্বাধীনতার উপর হস্তক্ষেপ করতে তাঁদেরও এতটুকু কুণ্ঠাবোধ হয় নি। সংবাদপত্রের স্বাধীনতার উপর হস্তক্ষেপের জলন্ত দৃষ্টান্ত মরিচঝাঁপির ঘটনা। বামফ্রন্ট সরকারের নির্দেশে সেদিন সাংবাদিকদের সেখানে প্রবেশ করতে দেওয়া হয়নি। এটা অত্যন্ত লজ্জার কথা। এছাড়া আমরা জানি সংবাদপত্রের স্বাধীনতা বলতে সংবাদ সরবরাহের স্বাধীনতাও বোঝায়। বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে এ ব্যাপারেও নিয়ন্ত্রণ আরোগ করা হচ্ছে। সম্প্রতি হোম ডিপার্টমেণ্টের এক নির্দেশে স্থির হয়েছে যে প্রেসের লোকদের কোন রিপোর্ট আই. জি. ছাড়া লোয়ার র‍্যাংকের অফিসাররা প্রেসকে দিতে পারবে না। এইগুলি কি সংবাদ সরবরাহের ক্ষেত্রে নিয়ন্ত্রণ আরোপ করা হচ্ছে না। গত ১৯৭৮ সালে বন্যার সময়ে প্রেস রিলিজ দিয়ে সরকার পক্ষ থেকে সংবাদ সরবরাহের ক্ষেত্রে নিয়ন্ত্রণ আরোপ করা হয়নি কি? বিদ্যুৎ সমস্যা, বিদ্যুৎ সংকট, বিদ্যুৎ ঘাটতির ক্ষেত্রে সম্প্রতি সারকুলার এনে এ সম্পর্কে সংবাদ প্রকাশে নিয়ন্ত্রণ আরোপ করে প্রকারন্তরে সংবাদপত্রের স্বাধীনতার উপর হস্তক্ষেপ করা হচ্ছে না কি? কিছুদিন আগে কাগজে দেখলাম যে ত্রিপুরায় জনৈক সাংবাদিক তাদের সরকারের সমালোচনা করে কিছু লিখেছিলেন বলে সি. পি. এমের নেতৃত্বে সেখানে সেই সাংবাদিককে প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছিল। এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে সাংবাদিকরা ত্রিপুরার মুখ্যমন্ত্রী নৃপেন চক্রবর্তীর কাছে ডেপুটেশান দেয়। পরিশেষে আরেকটি কথা বলি যে এই সংবাদপত্রের স্বাধীনতার উপর হস্তক্ষেপ আমাদের দেশে নতুন কিছু ঘটনা নয়, দীর্ঘদিন ধরে সাংবাদপত্রের কণ্ঠরোধ করার চেষ্টা করা হচ্ছে। দেশে

একচেটিয়া পুঁজিপতি শ্রেণীর স্বার্থে দেশের গণতান্ত্রিক আন্দোলনের বিশেষ করে বৈপ্লবিক আন্দোলনের পরিপূরক যে সমস্ত ঘটনা ও তা যাতে সংবাদপত্রে প্রকাশিত না হতে পারে তারজন্যই তার কণ্ঠরোধ করার চেষ্টা হচ্ছে। তার ভূরিভূরি নজির তুলে ধরতে পারি। প্রতিদিন বিশেষ করে বৈপ্লবিক রাজনীতি, বৈপ্লবিক আন্দোলনকে কণ্ঠরোধ করার যে প্রচেষ্টা চলছে এরদ্বারাই এটাই প্রতিফলিত হয় যে সংবাদপত্রের স্বাধীন মত প্রকাশে কোন স্বাধীনতা ভবিষ্যতে আর রাখা হবে না। আজকে অত্যন্ত আনন্দের সঙ্গে একথা বলছি যে পশ্চিমবাংলা, বিহার তথা সমস্ত ভারতবর্ষের সাংবাদিক বন্ধুরা সংবাদপত্রের স্বাধীনতার উপর আক্রমণের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন।

এবং আমরা তার জন্য সাংবাদিক বন্ধুদের সংগ্রামী অভিনন্দন জানাই। আজকে সাংবাদিক বন্ধুদের কাছ থেকে এটা আশা করবো সরকারের সংবাদপত্রের স্বাধীনতার আক্রমণের বিরুদ্ধে যেমন তাঁরা সংগ্রামের দিকে এগিয়ে চলেছেন, তেমনি সঙ্গে সঙ্গে একচেটিয়া মালিকদের যে আক্রমণ সাংবাদিকদের স্বাধীন মত প্রকাশ করার ব্যাপারে বাধার সৃষ্টি করছে সেখানেও তাঁদের সংগ্রাম করতে হবে। অর্থাৎ এথিক্স অফ জার্নালিজম এবং তার যে নীতি তাকে আরও পরিস্ফুট করুন। এই প্রসঙ্গে বলবো বৃটিশ সাম্রাজ্যবাদের সময় আমাদের পরাধীন দেশে তাদের সে রক্ত চক্ষু সাংবাদিকদের উপর নেবে এসেছিল সেদিন কোন সাংবাদিক তার কাছে নতি স্বীকার করেন নি। সেদিন চাকরীর মায়া না করে সমস্ত রকম থ্রেটিং-এর বিরুদ্ধে সাহসের সাথে দাঁড়িয়ে এথিকস অফ জার্ণালিজম এর ঝাণ্ডাটিকে তাঁরা উর্দ্ধে তুলে ধরেছিলেন। আজকে আমরা আশা করবো সাংবাদিক বন্ধুরা সেই এথিক্স অফ জার্ণালিজমের সেই উচ্চমান ও তার ধারাবাহিকতা বজায় রাখবেন। আজকে তাই এই প্রশ্নে জাতীয় প্রতিবাদকে জাতীয় প্রতিরোধে রূপান্তরিত করতে হবে। এই আক্রমণ শুধু সাংবাদিকদের উপর নয়, এই আক্রমণ সারা দেশের গণতন্ত্রের উপর। সেজন্য আজকে সমস্ত জনসাধারণকে এগিয়ে আসতে হবে। এই কালা-কানুনের বিরুদ্ধে সমস্ত স্বাধীনতাকামী গণতন্ত্র প্রিয় মানুষকে সংঘবদ্ধভাবে এগিয়ে আসতে হবে সাংবাদিকদের এই ন্যায় সঙ্গত দাবীর পেছনে। এজন্য সারা দেশে ঐক্যবদ্ধ আন্দোলন কবা দরকার। এই কথা বলে আমি শেষ করছি।

শ্রীরাম চ্যাটার্জী ঃ স্যার, এই বিলের বিরোধিতা করতে গিয়ে এ কথাই বলতে হয় যে ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলেই ডরায়। আমরা ইন্দিরা গান্ধীকে চিনি এবং জানি। এটা শুধু সংবাদপত্রের উপর নয়, এর দ্বারা সারা ভারতের উপর একটা ট্রায়াল নেওয়া হচ্ছে যাতে এটা সারা দেশে নিয়ে আসা যায়। এটাই প্রথম

পদক্ষেপ ইন্দিরা গান্ধীর এমারজেন্সির পর। অর্থাৎ তাঁর মাথায় আবার বদ মতলব ঢুকেছে। এই ভাবে বণিকের মানদণ্ড দেখা দিল রাজদণ্ড রূপে। যতক্ষণ না তাঁর বড় ছেলেকে বসান যাচ্ছে ততক্ষণ পর্যন্ত এ জিনিষ চলবে এবং গণতান্ত্রিক মুভমেণ্ট খতম করার চেষ্টা করা হবে। কংগ্রেসীদের কোন মুস্কিল নেই, তারা তো

[5-10-5-20 P. M.]

ঠিকই আছে, কখনও বিবির দলে চলে গেলেন, কখনও তাঁর জায়গায় কে এল চট করে সেখানে চলে গেলেন। কিন্তু আমাদের মুস্কিল আছে, আমরা জনসাধারণের সঙ্গে রয়েছি, ভারতবর্ষের বেশীর ভাগ মানুষ আমাদের সঙ্গে রয়েছে। আমরা গোটা ভারতবর্ষকে এক দেখি, তাই বিহারের উপর যে আঘাত এসেছে সেটা গোটা ভারতবর্ষের উপর আঘাত। তাই বিহারের সাংবাদিকদের উপর যে আঘাত এসেছে সেই আঘাতের বিরুদ্ধে প্রতিটি বঙ্গবাসী গর্জে উঠবে। আমরা মনে করি শোষিত মানুষের দুর্গ হচ্ছে এই পশ্চিমবঙ্গ, সর্বহারা মানুষের দুর্গ হচ্ছে এই পশ্চিমবঙ্গ। ধনীর বিরুদ্ধে গরীবের যে লড়াই তার দুর্গ হচ্ছে এই পশ্চিমবঙ্গ। তাই বিহারের সাংবাদিকদের বলব পশ্চিমবঙ্গের মানুষ বিহারের সাথে আছে, কোন ভয় নাই, যা কিছু অন্যায়, যা কিছু অসাম্য তার বিরুদ্ধে আমরা আছি। এটাই আমাদের বামফণ্ট সরকারের কথা। আমরা পশ্চিমবঙ্গের বেশীর ভাগ মানুষকে রিপ্রেজেণ্ট করি, পশ্চিমবঙ্গের প্রতিটি মানুষ আজ বিহারের সাংবাদিকদের পাশে আছে, তাই বিহারে যে বিল এসেছে তার বিরুদ্ধে প্রতিটি বঙ্গবাসী সোচ্চার। ইন্দিরা গান্ধীর মূল টার্গেট কি—তাঁর মূল টার্গেট হচ্ছে পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার। সেজন্য আমাদের ভুল হয়েছিল, আমাদের পরিষদীয় মন্ত্রী ওদের সঙ্গে কথা বলে ইউনানিমাস ডিসিসান নিতে গিয়ে তিনি ভুল করেছিলেন। ওঁনার বোঝা উচিত ওরা কি চীজ। ইউনানিমাস ডিসিসান নিতে পারে এমন সাধ্য ওদের নেই। যদি ওরা নেত্রীর বিরুদ্ধে একটা কথা বলে তাহলে ওদের চাকরি চলে যাবে। সেজন্য আবার বলছি ঐ যে বিল বিহার এনেছে সেই বিলের পুরোপুরি বিরোধিতা করছে পশ্চিচমবঙ্গ সরকার এবং পশ্চিমবঙ্গের জনগণ এবং বিহারের সাংবাদিকদের পাশে আমরা আছি এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরল দেবঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিরোধী দলের বক্তব্য শুনলাম যারা এতক্ষণ ধরে গণতন্ত্রের জন্য গলা ফাটালেন। বিহারের প্রেস বিলটাকে কোন রকম একটা বিচ্ছিন্ন ঘটনা বলে দেখতে পচ্ছি না, আমরা মনে করি ৩১ শে জুলাই, ১৯৮২ তারিখে বিহার সংশোধনী বিলের ২৯২ ধারা যেটাকে সংশোধন করে ২৯২-এ করা হল এবং ফৌজদারী বিধি ৪৫৫ ধারা যে সংশোধন করা হল তার মধ্যে

দিয়ে আগামী দিনে ভারতবর্ষের সংবাদপত্রের যে কণ্ঠরোধ করা হবে তারই প্রচ্ছন্ন ইঙ্গিত রয়েছে। শ্রীমতী ইন্দিরা গান্ধীর স্বৈরতান্ত্রিক যে চরিত্র তার বিরুদ্ধে বলার জন্য ১৮৫ ধারায় যে মোশান আনা হয়েছে তাতে বলা হয়েছে—This Assembly, therefore, Urges upon the Central Government to impress upon the president of India as not to assent to this Bill. এবং তাতে কংগ্রেসীরা স্বাধিকারের প্রশ্ন তুলে এই হাউসকে বয়কট করলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের পুরাতন যুগের কথা আপনার নিশ্চয়ই স্মরণে আছে বিশেষ করে পশ্চিমবঙ্গের সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলনে সংবাদপত্রের যে গৌরবময় ভূমিকা ছিল সেকথা উল্লেখ না করে পারি না। আমরা দেখেছি গোটা ভারতবর্ষ জুড়ে সংবাদপত্রের উল্লেখযোগ্য ভূমিকা ছিল বলে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী আনতুলের সিমেণ্ট কেলেঙ্কারী, অন্ধ্র প্রদেশের গুন্তুরাওর সিমেণ্ট এবং কাঠের কেলেঙ্কারী, আনজাইয়ার জমির কেলেঙ্কারী—জমি বিক্রির যে কারচুপি, হরিয়ানার আবাসন কেলেঙ্কারী, উত্তর প্রদেশের হরিজন নির্যাতন, বিহারের বন্দীদের চক্ষু নষ্ট করে দেওয়া এই সমস্ত ঘটনাগুলি সংবাদপত্র প্রকাশ করেছিলেন। তাই তো আমরা সংবাদপত্র মারফৎ দেশের মানুষ এই সমস্ত ঘটনা জানতে পেরেছি। শ্রীমতী ইন্দিরা গান্ধীর আজকে প্রথমে বিহারকে দিয়ে তারপর গোটা ভারতবর্ষের একটার পর একটা কংগ্রেস শাসিত প্রদেশকে দিয়ে এই প্রেস বিল পাশ করিয়ে নেওয়ার অভিসন্ধি করছেন, ইন্দিরা গান্ধীর ইঙ্গিত ছাড়া জগন্নাথ মিশ্রের সাধ্য কি এ বিল বিধান সভায় পাশ করান।

গত ৩১শে জুলাই মাত্র ৪ মিনিটের মধ্যে বিহার বিধান পরিষদে বিল পাশ রিয়ে নিলেন সমস্ত বিরোধীদলকে তুচ্ছ জ্ঞান করে। শুধু তাই নয়, রাঁচি এবং টনায় সাংবাদিকদের শান্তিপূর্ণ মিছিলের উপর লাঠিচার্জ করা হল। ইন্দিরা ন্ধী আমেথিতে হাসপাতাল উদ্বোধন করতে গিয়ে সাংবাদিকদের এই আন্দোলনকে বাগাস্" আখ্যা দিয়েছেন। আজকে আমাদের এখানে বিরোধীপক্ষ যে সভাকক্ষ াগ করে চলে গেলেন সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী বলেছেন, ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে বার সাহস এঁদের নেই। স্যার, আজকে আবার আমাদের স্মরণ করিয়ে দিচ্ছে রী অবস্থার সেই অন্ধকারময় দিনগুলির কথা। গত সোমবার এই কোলকাতায় বাদিকরা যে বিক্ষোভ মিছিল বার করেছিলেন তখন দেখেছি তাঁদের পাশে দাঁড়িয়েলন কোলকাতার হাজার হাজার মানুষ। আজকে মাননীয় সদস্য শচীনবাবু যে স্তাব পাশ করেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি এবং এটা আমরা পশ্চিমলার বিধানসভা থেকে রাষ্ট্রপতির কাছে পাঠাতে চাই। অবশ্য জানি রাষ্ট্রপতি াদের কথায় কর্ণপাত করবেন না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি

আমাদের পার্টির পক্ষ থেকে এই প্রস্তাবকে সমর্থন করছি। সাংবাদিকদের উপরে যে হামলা হল এবং শ্রীমতী ইন্দিরা গান্ধী তাঁদের এই আন্দোলন সম্পর্কে যে কথা আমেথীতে বলেছেন তার দ্বারা একথা আর একবার প্রমাণিত হল যে, তিনি ভারতবর্ষে অপ্রত্যক্ষভাবে জরুরী অবস্থা চালু করেছেন এবং তারই প্রথম পদক্ষেপ হিসেবে আমরা দেখছি বিহার প্রেস বিল। আজকে যদি বিহারে এই জিনিস চালু করতে পারেন এবং সফল হন, তারপর অন্যান্য স্টেটেও এগুলি পাশ করাবেন। কাজেই এখন থেকেই তাঁকে বাধা দেওয়া দরকার এবং সেই জিনিসই আমরা সুরু করেছি। একথা বলে শচীনবাবুর প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতীশ রায়ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য শচীনবাবু যে প্রস্তাব হাউসের সামনে তুলেছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে, আমরা যাঁরা রাজনীতির সঙ্গে জড়িত আছি আমরা জানি ধনিক শ্রেণী যখন সঙ্কটে পড়েন তখন গণতান্ত্রিক ব্যবস্থা যেটা তাঁরা সৃষ্টি করেছিলেন সেটা ওই সঙ্কটের সময় ভেঙ্গে দেন এবং জনসাধারণের কাছ থেকে সেগুলো কেড়ে নেন। পৃথিবীর বিভিন্ন দেশে এই উদাহরণ আমরা দেখেছি এবং আমাদের ভারতবর্ষ তার থেকে ব্যতিক্রম নয়। আজকে ইন্দিরা গান্ধী তথা কেন্দ্রীয় সরকার দেশ চালাতে গিয়ে যে সঙ্কটের মধ্যে পড়েছেন সেই সঙ্কট চলতে থাকলে ভারতবর্ষের গণতান্ত্রিক মানুষের অধিকার রক্ষা করবার জন্য যে আন্দোলন আগামী দিনে সমস্ত ভারতবর্ষ জুড়ে গড়ে উঠবে সমস্ত স্তরের মানুষের পক্ষ থেকে তাকে সুচতুরভাবে দমন করবার জন্য এই বিহার সংবাদপত্র নিয়ন্ত্রণ বিলের ব্যবস্থা করেছেন। তবে তাঁদের একটা কথা মনে রাখা দরকার পেন ইজ মাইটিয়ার দ্যান সোর্ড। অর্থাৎ মানুষের উপযুক্ত লেখনী তরবারির চেয়ে শক্তিশালী। লেখনী যে শক্তিশালী সেটা আমরা আমাদের দেশে স্বাধীনতা সংগ্রামের সময় প্রত্যক্ষ করেছি। তৎকালীন বিভিন্ন সংবাদপত্রের মাধ্যমে দেশের নেতারা যে উদাত্ত আহ্বান জানিয়েছিলেন ইংরেজের বিরুদ্ধে তাতে দেশের মানুষ ঐক্যবদ্ধভাবে আন্দোলন করত। সংবাদপত্রে যখন এগুলি বেরুত তখন দেশের মানুষের ঘৃণা ইংরেজের উপর চারিদিক থেকে বৃদ্ধি পেত।

[5-20—5-30 P.M.]

সেই সংবাদপত্রের যে ভূমিকা সেই ভূমিকা লক্ষনীয়। আজ ভারতবর্ষের স্বাধীনতা হবার পর তার গুরুত্ব একটুও কমে যায় নি। আজকে কংগ্রেসের অপশাসন ভারতবর্ষের জনজীবনকে চরিদিক থেকে বিপর্যস্ত করে চলেছে। দেশের মানুষ আজকে আরও গরীব হয়েছে। গরীব মানুষ আজকে বাঁচার তাগিদে মেহনতী মানুষ, মধ্যবিত্ত মানুষ, বুদ্ধিজীবী মানুষ নিজেদের অধিকার প্রতিষ্ঠার জন্য বিভিন্ন স্তরে দাঁড়িয়ে লড়াই করছে। তাই

আজকে আমরা প্রত্যক্ষ করছি শাসকশ্রেণী ক্ষমতায় আসার পর ই এস এম এ, এন. এ এস. এ চালু করেছে। আমরা আরও লক্ষ্য করেছি বিভিন্ন রাজ্য সরকার যেগুলি কংগ্রেসের নিয়ন্ত্রণে আছে, সেখানে দমনমূলক আইন পাশ হয়েছে। বিহারে এসেছে সংবাদপত্র নিয়ন্ত্রণ বিল, সংবাদপত্রের স্বাধীনতার কণ্ঠরোধ করার যে বিল, এটা কোন বিচ্ছিন্ন ঘটনা নয়। আজকে আপনার মাধ্যমে আমি পরিষ্কার ভাবে বলতে চাই যে আমরা বিহারের এই বিল পড়েছি। সেই বিলের মধ্যে যা আছে তাতে কি দাঁড়িয়েছে? অতীতে যারা এই সংবিধান রচনা করেছিলেন সংবিধানের ১৪ অনুচ্ছেদেতে যেখানে ব্যক্তি স্বাধীনতা, গোষ্ঠী স্বাধীনতা, বাক স্বাধীনতার কথা উল্লেখ করা হয়েছে, বিহারের বর্তমান প্রেস বিলের দ্বারা সংবাদপত্রের ব্যক্তি ও গোষ্ঠির সেই স্বাধীনতাকে কেড়ে নেওয়া হয়েছে। আজকে ভারতের যে সংবিধানের ১৯১ ধারাতে সংবাদপত্রের যে স্বাধীনতা সুরক্ষিত ছিল বিহারের প্রেস বিলের দ্বারা তাকে নিয়ন্ত্রণের মাধ্যমে, সেই স্বাধীনতাকে কেড়ে নেওয়া হয়েছে। শুধু তাই নয়, সেখানে নূতন দমনমূলক আইন, ভারতীয় দণ্ডবিধি আইনের ২৯২ ধারা, ১৫১ ধারা, ১৫৩ (ক) ধারাকে নূতনভাবে বিহারের সংবাদপত্র নিয়ন্ত্রণ আইনের মধ্যে সংযোজন করা হয়েছে। আজকে যদি সেই বিল পড়েন তাহলে দেখবেন যে, সেখানে বলা হয়েছে যে বিহার প্রশাসনের কোন ম্যাজিস্ট্রেট, কোন পুলিশ প্রশাসনের চিন্তায় যদি কোন ধারণা আসে যে কোন সংবাদপত্র প্রশাসনের প্রতি বিরূপ সমালোচনা করেছেন, প্রশাসনের প্রতি কটূক্তি করেছেন, প্রশাসনের মর্যাদা হানি হয়েছে, তাহলে সেই সংবাদপত্র শুধু নয় যারা পাঠক পাঠিকা, এমন কি সাধারণ সংবাদপত্র যারা বিক্রি করেন সেই হকারকে পর্যন্ত গ্রেপ্তার করার অধিকার এই বিলে সংযোজন করা হয়েছে। এর দ্বারা কি প্রমাণ করে? আমাদের দেশকে ইন্দিরা গান্ধী এবং জগন্নাথ মিশ্রের সরকার কোন পথে নিয়ে যেতে চাইছেন। আপনার খেয়াল আছে, আজকে পৃথিবীর সবচেয়ে সাম্রাজ্যবাদী শক্তিশালী দেশ মার্কিন যুক্তরাষ্ট্রের ভূতপূর্ব রাষ্ট্রপতি নিকসনকে গদি থেকে চলে যেতে হোল একজন সাংবাদিকের রিপোর্টের ভিত্তিতে। জ্যাক এ্যাণ্ডারসন নিকসনের বিরুদ্ধে যে দুর্নীতির সংবাদ প্রচার করেছিলেন, সেই দুর্নীতির জন্য নিকসনকে চলে যেতে হয়েছিল রাষ্ট্রপতির পদ থেকে, পদত্যাগ করতে হয়েছিল। ঠিক তেমনই ইংল্যাণ্ডে আমরা দেখেছি অতীতের যে প্রতিরক্ষা মন্ত্রী প্রফুমা হাউস অব কমন্সে সত্যকে গোপন করার বিরুদ্ধে সংবাদপত্রে সংবাদ বেরিয়েছিল যে প্রফুমা ব্যভিচারে লিপ্ত এবং সেই খবর যখন তৎকালীন বৃটিশ প্রধান মন্ত্রী অস্বীকার করেছিলেন প্রফুমার বুদ্ধিতে—সেই প্রফুমাকেও পদত্যাগ করতে হোল। এবং ইংল্যাণ্ডের প্রধানমন্ত্রীকে কমন্সভায় দাঁড়িয়ে সংবাদপত্রের কাছে এবং সদস্যদের কাছে ক্ষমা চাইতে হয়েছিল। আমরা সে কথা জানি। পৃথিবীর বিভিন্ন দেশে সংবাদপত্রের যে মর্যাদা ও স্বাধীনতা আছে,

সেই স্বাধীনতার পতাকাকে আমরা আরও ঊর্ধে তুলে ধরেছি। মানুষে জীবনের মূল্যবোধ, কষ্টের কথা বিভিন্ন স্থানে বিভিন্ন দেশে, স্বাধীনত আন্দোলনের কথা, গরীব মানুষের দুঃখের কথা, শ্রমিকদের উপর শোষকদে অত্যাচারের কথা, বুদ্ধিজীবীদের উপর যে অত্যাচার হয় বিভিন্ন সময়ে বিভিন্ন দেশে, সংবাদপত্রের মাধ্যমে দেশের মানুষ সেটা জানতে পারে। তাই আজকে বিহারের সংবাদপত্র নিয়ন্ত্রণের ক্ষেত্রে যে বিল আনা হয়েছে, কোন সভ্য জগতের মানুষ গণতন্ত্র প্রিয় মানুষ এই জিনিষকে সমর্থন করতে পারে না। তাই পশ্চিমবাংলার বিধান সভার যে ঐতিহ্য আছে, আমাদের সংবাদপত্রের প্রতি যে সমর্থন আছে, সাংবাদিক বন্ধুদের যে অধিকার সংবিধানে আছে. যে অধিকার সুরক্ষিত ছিল, এমন কি মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার কাছে আমি তুলে ধরতে চাই, কিছুদিন আগে ইন্দিরা গান্ধীর পুত্রবধূ মানেকা গান্ধীর ব্যাপার নিয়ে যখন সুপ্রীম কোর্টে আবেদন করা হয়েছিল সংবাদপত্রের বিরুদ্ধে, বর্তমানে যিনি ভারতের প্রধান বিচারপতি চন্দ্রচূড় সেই মামলায় বলেছেন সংবাদপত্রের অধিকার আছে, সাংবাদিকদের অধিকার আছে, সেই অধিকার আমাদের সংবিধানে সুরক্ষিত। অতএব আদালত, সংবিধানকে লঙ্ঘন করে সংবাদপত্রের কণ্ঠরোধ করতে পারে না। সেইজন্য আজকে মাননীয় বন্ধু শ্রীশচীন সেন মহাশয় যে প্রস্তাব এই বিধানসভায় পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। শুধু সমর্থন করছি এই বলে নয়, আমরা বিশ্বাস করি, পশ্চিমবাংলায় আজকে মানুষের যে মানুষের যে দুঃখ দুর্দশা আছে, গ্রামে, গঞ্জে, কলে, কারখানায় এখনও শোষকদের হাতে গরীব মানুষ যেভাবে অত্যাচারিত হচ্ছে, সংবাদপত্রের যাঁরা সাংবাদিক নির্ভয়ে তাঁদের সেই গুরু দায়িত্ব তাঁরা পালন করবেন, সাধারণ মানুষের যে বক্তব্য, সাধারণ মানুষের যে দুঃখ বেদনার কাহিনী, সেই কাহিনী যাতে প্রশাসন এবং আমাদের দেশের মানুষের নজরে আসে তার সার্বিক প্রচেষ্টা হওয়া দরকার। তাহলেই আমরা বুঝতে পারব যে কাজের মধ্যে কোথায় আমাদের ত্রুটি বিচ্যুতি আছে। আমরা যদি গণতন্ত্রকে সত্যিকারের বিশ্বাস করি, আমাদের আত্মসমালোচনার মধ্যে দিয়ে, আমাদের সরকারও সেই জিনিষের সংশোধন করতে পারবে। সংবাদপত্রের কণ্ঠরোধের কথা আমরা মনে করি না। আমরা মনে করি সংবাদপত্রের সাংবাদিকদের যে অধিকার আছে আমাদের সমালোচনা করার আমাদের মুখ্যমন্ত্রীও সেই কথা বলেছেন, আমিও সেই কথা দ্বিতীয়বার উল্লেখ করছি। আজকের বিহারে যে প্রেস বিল রাষ্ট্রপতির কাছে অনুমোদনের জন্য পাঠান হয়েছে, আমি মনে করি এটা হচ্ছে একটা কালা কানুন। অতীতে যে কালা কানুনগুলো কেন্দ্রীয় সরকার পাশ করেছেন, সেইগুলোর পরিপূরক আর একটা ব্যবস্থা এবং এটা যদি একবার কার্য্যকর হয় তাহলে সমস্ত ভারতবর্ষে শুধু সাংবাদিকদের স্বাধীনতা নয়, আমরা যারা সংবাদপত্র পড়ি, যাদের সংবাদপত্রের

সঙ্গে অর্থ নৈতিক জীবন জড়িত, প্রত্যেকেই আমরা আমাদের অধিকারকে হারাব। সেইজন্য আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই কথাটা পরিষ্কারভাবে কেন্দ্রীয় সরকারের কাছে বলতে চাই—আজকে সাত্তার সাহেব বিরোধীদলের নেতা তিনি আইনজীবী হয়ে কি করে, তাঁদের দলের হাতে যে সংবিধান রচিত হয়েছে, সেই সংবিধানকে কিভাবে পদদলিত করেছে। বিহারের সংবাদপত্রের কণ্ঠ নিয়ন্ত্রণ যে বিল সেই বিলের মধ্যে যা বলেছে সাত্তার সাহেব সেটা যদি একটু পড়তেন - তাহলে আজকে এইসব কথা বলতেন না। আমি পড়ার কিছুটা সুযোগ পেয়েছি বলেই আপনার কাছে কয়েকটি ধারার কথা তুলে ধরলাম। সর্বশেষ কথা হচ্ছে, কেন আজকে ওরা সংবাদপত্রের বিরুদ্ধে আক্রোশে ফেটে পড়ছে ? মগধ ধাত্রী বলে একটা সংবাদপত্র এবং প্রিণ্টার বলে একটা সংবাদপত্রে জগন্নাথ মিশ্র সরকারের কুকীর্তি এবং তাঁর সরকারের আমলে বিহারের গরীব মানুষের যে অবস্থা তা ফটো আকারে সংবাদ বেরিয়েছিল। যেমন করে আমরা জানি, মহারাষ্ট্রের একজন দুর্নীতি পরায়ণ মুখ্যমন্ত্রী, এতদিন তিনি ছিলেন, সেই আনতুলেকে যে ব্যাপারে অভিযুক্ত করা হোল, তার মধ্যে একজন সাংবাদিকের ভূমিকা, গৌরবজনক ভূমিকা ছিল।

[5-30—5-40 P. M.]

সেইজন্য আমি সাংবাদিক বন্ধুদের বলব, বিহার হোক, কেন্দ্রীয় সরকারই হোক এবং আমাদের রাজ্য সরকার স্তরে যদি আপনারা কোন ত্রুটি বিচ্যুতি, দেশের মানুষের স্বার্থ বিরোধী কাজ দেখেন তাহলে নিশ্চয় সেই সংবাদ প্রকাশ করবেন। সেই অধিকার সংবিধান আপনাদের দিয়েছে। ভারতবর্ষের গণতন্ত্রপ্রিয় মানুষ হিসাবে আমি আপনাদের কাছে এই আশা রাখব যে, সংবাদপত্র মানুষের চরিত্রকে নতুন দিকে মোড় ফিরিয়ে দেয়, মানুষের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন ঘটায়—সেই কথা মনে রেখে আপনারা সংবাদ পরিবেশন করবেন। এই কথা বলে মাননীয় বন্ধুবর শচীন সেন মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব সমর্থন করছি।

শ্রীকামাক্ষ্যা চরণ ঘোষ : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বন্ধুবর শচীন সেন যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। বিহার প্রেস বিল সম্পর্কে আমার পূর্ববত্ত। বক্তা এই মাত্র বক্তব্য রাখলেন। কিন্তু এই বিলটি কেবল বিহারের জন্য নয়, কংগ্রেস শাসিত একটির পর একটি রাজ্যে এই রকম বিল এসেছে। এর আগে উড়িষ্যায় এই রকম বিল পাশ হয়েছে, তামিলনাড়ুতে পাশ হয়েছে। কিন্তু বিহার প্রেস বিল তার থেকে আরো কঠোর ভাবে এসেছে। এই বিলে কি আছে ? সাংবাদিক, প্রেস, পাবলিশার, হকার এবং যারা কাগজ কিনবেন তাদের ৬ মাসের জেল, জরিমানা উভয়ই হতে পারে, ৫ বছরের জন্য জেলও হতে পারে। এর

সমর্থনে ইন্দিরা গান্ধী কি বলেছেন? গতকাল তিনি পরিষ্কার বলেছেন এর যে প্রতিবা হচ্ছে এটা নাকি বোগাস এবং এটার চরিত্র হনন করা হচ্ছে। আসলে এই বিলে পিছনে ইন্দিরা গান্ধীর মদত রয়েছে। সারা ভারতবর্ষের বিভিন্ন কংগ্রেসী রাজ্যে দুর্নীতি, অপদার্থতা, ব্যাভিচার চলেছে তার বিরুদ্ধে বিভিন্ন সংবাদপত্র, সাংবাদিকর যেসব তথ্য প্রকাশ করে দিচ্ছেন, তাকে কিভাবে দমানো যায় সেই চিন্তা করে এই বি এনেছেন। এই বিল ক্রমশঃ দেখা যাবে সারা ভারতবর্ষে ছড়িয়ে গেছে। এই বি আবার আমাদের জরুরী অবস্থার কথা স্মরণ করিয়ে দিচ্ছে এবং অতীতের কালা দিন গুলিকে আবার ফিরিয়ে আনার চেষ্টা করা হচ্ছে। জরুরী অবস্থা জমানার কালে শক্তিকে আবার ফিরিয়ে আনার চেষ্টা করা হচ্ছে। কাজেই এই বিলটির আমর প্রতিবাদ করছি। বিহারের যেসব সাংবাদিক বন্ধু জেলে বন্দী আছেন তাদের মুক্তি দাবী জানাচ্ছি। আগামী ৩ তারিখে সংবাদপত্র যে ধর্মঘটের ডাক দিয়েছে আমর তার প্রতি সমর্থন জানাচ্ছি এবং ১০ তারিখে বিহার বন্ধের যে ডাক দেওয়া হয়েছে আমরা তাকেও সমর্থন করছি। এই বিল যাতে প্রত্যাহৃত হয় এবং রাষ্ট্রপতি যাতে অনুমোদন না দেন তার জন্য আবেদন জানাচ্ছি। এই বলে আমার বক্তব্য শে করছি।

শ্রীবঙ্কিম বিহারী মাইতি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিহার প্রেস বিল সম্পর্কে মাননীয় শচীনবাবু যে মোশান এনেছেন আমি তার পূর্ণ সমর্থন করছি। প্রেস, সংবাদপত্র না হলে আমরা বাঁচতে পারি না, দেশও থাকতে পারে না, এটা সর্বজনবিদিত। আজকে বিহারে এই বিল এসেছে, কাল অন্য প্রদেশে আরো কড়া বিল রচিত হবে। যেখানে যেখানে কংগ্রেস সরকার আছে সেখানে এই রকম বিল রচিত হবে। ইন্দিরা গান্ধী সেই সুযোগ নিয়ে পার্লামেন্টে এই বিল উত্থাপন করবেন এবং পাশ করবেন— সেটাই আজকে দেখা যাচ্ছে।

বিরোধীপক্ষের কংগ্রেসী বন্ধুরা, তাঁরা আজকে সভাকক্ষ ত্যাগ করে চলে গেলেন এবং এই প্রস্তাবকে সমর্থন জানাতে পারলেন না, তার মানে তাঁরা এটার বিরোধিতা করলেন। আমি তাই বলব, তাঁরা এর মাধ্যমে সাংবাদিকদের পুরো বিরোধিতা করলেন। বিরোধিতা করে তাঁরা যে চলে গেলেন এই চলে যাওয়াটা সাংবাদিকদের প্রতি একটা বিরাট অপমানজনক ব্যাপার বলেই আমি মনে করি। সাংবাদিকরা রাস্তায় নেমে নীরবতার মাধ্যমে এই বিলের প্রতিবাদ করেছেন এবং আজকে আমরাও এই বিধানসভায় দৃপ্ত কণ্ঠে সাংবাদিকদের সমর্থন জানাচ্ছি এবং এই বিল প্রত্যাহারের জন্য এই প্রস্তাব এই সভায় এনেছি এবং রাষ্ট্রপতির কাছে জানাচ্ছি এই বিল তিনি যেন অনুমোদন না করেন কারণ এটা একটা কালা কানুন। আজকে যে ভাবে সংবাদপত্রের

কণ্ঠরোধ করা হচ্ছে এটা যদি চলতে দেওয়া যায় তাহলে আমরা মনে করি দেশকে অন্ধকারের দিকে ঠেলে দেওয়া হবে। আজকে এইভাবে সংবাদপত্রের স্বাধীনতা যদি হরণ করা হয় তাহলে আমি মনে করি দেশের মাঙ্গলিক কোন কাজ হতে পারে না। দেশের মঙ্গলের জন্য যাঁরা চিন্তা করেন আমি আশা করি তাঁরা নিশ্চয় এটা চিন্তা করে দেখবেন। আজকে কংগ্রেসী বন্ধুদের বলি, তাঁরা যদি দেশের মঙ্গল করতে চান তাহলে তাঁদেরও কিন্তু সংবাদপত্রকে হাতিয়ার করতে হবে। পশ্চিমবঙ্গে তাঁদের বিরোধী সরকার আছে, বামফ্রন্ট সরকার আছে, এই সরকার যদি অন্যায় কিছু করে তাহলে সংবাদপত্রের মাধ্যমে তাঁরা সেটার প্রতিবাদ করতে পারেন এবং সে সম্বন্ধে তাঁদের বক্তব্য রাখতে পারেন। কিন্তু তাঁরা তা না করে সাংবাদিকদের অপমান করে চলে গেলেন। তাঁরা আজকে যে চলে গেলেন তার কারণ অবশ্য আমরা বুঝি। এর কারণ হচ্ছে, তাঁরা আজকে শ্রীমতী ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে যেতে পারছেন না, সে ক্ষমতা তাঁদের নেই, তা গেলে তাঁদের চাকরি চলে যাবে বা ধমক শুনতে হবে, এই ভয়েই তাঁরা আজকে সাংবাদিকদের উপর যে অত্যাচার হচ্ছে সেটাকে সমর্থন করে চলে গেলেন। আমি আশা করি সাংবাদিক বন্ধুরা নিশ্চয় এর বিরুদ্ধে সোচ্চার হবেন এবং তাঁদের কাগজে এর বিরুদ্ধে লিখবেন কারণ এ দম্ভ থাকা উচিত নয়। তাই আমি সাংবাদিক বন্ধুদের বলছি, একদিকে আমরা তাঁদের সমর্থন জানিয়ে যাচ্ছি অন্যদিকে তাঁরা তাঁদের লেখনী নিয়ে এর বিরুদ্ধে সোচ্চার হোন। আমি মনে করি কংগ্রেসীরা এইভাবে চলে গিয়ে নিশ্চয় সাংবাদিকদের অপমান করেছেন এবং সাংবাদিকদের উপর যে অত্যাচার হচ্ছে, অন্যায় হচ্ছে সেটাকে তাঁরা সমর্থন করেছেন। আজকে আমরা জানি এই বিলের যাঁরা প্রতিবাদ করতে গিয়েছেন তাঁদের জেলে পোরা হয়েছে এবং তাঁদের উপর নির্যাতন করা হয়েছে। আমাদের দাবী তাঁদের উপর নির্যাতন বন্ধ করা হোক এবং এই বিল প্রত্যাহার করা হোক। ডাঃ জয়নাল আবেদিন সাহেব বললেন পশ্চিমবঙ্গ বিধান সভায় যদি আমরা এটা তুলি তাহলে বিহারও আমাদের কথা তুলবে এবং সেজন্য বাঙালী হিসাবে তিনি ভয় পাচ্ছেন। আমি তাঁকে বলি পশ্চিমবঙ্গে যেটা হয় পরে সারা ভারতবর্ষ সেটা গ্রহণ করে। পশ্চিমবঙ্গের মানুষ, পশ্চিমবঙ্গের বিধায়ক এবং পশ্চিমবঙ্গের বিধানসভার সাহস আছে অন্যায়ের বিরুদ্ধে লড়াই করার। সেটা তাঁর সমর্থম করা উচিত ছিল কিন্তু তিনি তা না করে ভয় পেয়ে পালিয়ে গেলেন। স্যার, পরিশেষে বলি, পশ্চিমবঙ্গ বিধানসভায় আজকে যে ঐতিহাসিক প্রস্তাব এসেছে সেটাকে আমি সমর্থন করছি এবং সাংবাদিকদের প্রতিও আমাদের সমর্থন জানিয়ে বলছি, তাঁদের পেছনে আমাদের পূর্ণ সমর্থন ও সহায়তা আছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

[5-40—5-51 P.M,]

শ্রীবিমলানন্দ মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শচীন সেন বিহার প্রেস বিল সক্রান্ত যে প্রস্তাব এনেছেন, আমি তার সমর্থন করছি। প্রথমে বিহারের সাংবাদিক বন্ধুরা, যারা এই বিলের সোচ্চার প্রতিবাদ জানিয়েছেন, আন্দোলন করেছেন, আন্দোলন করতে গিয়ে নিগৃহীত হয়েছেন, তাদের প্রতি আমার আন্তরিক সমর্থন, সমবেদনা জানাচ্ছি এবং অকুণ্ঠ প্রশংসা করছি। খুবই স্বাভাবিক ভাবেই বিহারের যে অবস্থা, আইন শৃঙ্খলার যে অবস্থা, সেখানকার হরিজনদের উপর যে উৎপীড়ন এবং নানা ধরণের দুর্নীতি যেগুলি বিহারের দৈনিক সংবাদপত্রে, সাপ্তাহিক সংবাদপত্রগুলিতে প্রকাশিত হচ্ছিল, একটা জনবিরোধী সরকার, অপদার্থ সরকার, তারা এই সব সত্যিকথাগুলি জনসাধারণের সামনে ব্যাপক ভাবে আসুক, এটা তারা চান না এবং তারা সংবাদ পত্রে প্রচার হলে তারা ভয় পান। গণতন্ত্রের প্রতি এদের বিন্দুমাত্র শ্রদ্ধা নেই এবং তারা স্বাভাবিক ভাবে অগণতান্ত্রিক উপায়ে কি ভাবে কণ্ঠরোধ করা যায় সেই পন্থাই গ্রহণ করেছেন। আমাদের সামনে ইতিহাস রয়েছে। জরুরী অবস্থার সময়ে প্রেস এ্যাক্ট যে ভাবে হয়েছিল, সারা ভারতবর্ষে যার প্রতিবাদ উঠেছিল। এখানে অনেক খবরের কাগজে ব্লাংক রেখে খবর ছাপা হত, সেনসরশীপ যে ভাবে করা হত, আমাদের দেশের সংবাদপত্রের উপর যে আক্রমণ হোত তার বিরুদ্ধে নানা সময়ে আন্দোলন হয়েছে। আমি আর বেশী কথায় যাব না, কিন্তু একটা বিপদ আসছে। সেটা হচ্ছে, সারা ভারতবর্ষ জুড়ে যেখানে অন্যায় অবিচার দেখেছি, কোথাও গুলি চলেছে, কোথাও আন্দোলন হচ্ছে সমস্ত কিছু চাপা পড়ে থাকতো। সারা ভারতবর্ষের একটা এলাকার খবর আর একটা এলাকার মানুষ জানতে পারতো না। জরুরী অবস্থার সময়ে যে ভাবে সংবাদপত্রের উপর নিয়ন্ত্রণ আরোপ করা হয়েছিল এবং সেই ধরণের বিল আরো আসবে, সারা ভারতবর্ষ জুড়ে হয়ত আসবে যে কারণে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী এই আন্দোলনকে ভোগাস বলেছেন। দেশের সংকট যে ভাবে বাড়ছে এবং শাসনযন্ত্র যে ভাবে চলছে, তাতে করে ক্রমাগত অবস্থা আরো খারাপ হবে এবং সেই জায়গায় সমস্ত প্রকার আন্দোলন যাতে সঙ্ঘবদ্ধ হয় এবং সত্যিকথাগুলি যাতে সংবাদপত্রে প্রকাশিত না হতে পারে সেই চেষ্টা তারা করবেন। আরো অনেক ধরণের গণতন্ত্র বিরোধী কার্যকলাপের আইন তারা আনবেন। সাংবাদিক বন্ধুরা অন্য রাজ্যগুলিতে আন্দোলন করছেন। এটা সুখের বিষয় যে একটা রাজ্যের সাংবাদিক বন্ধুদের পাশে অন্যান্য রাজ্যের সাংবাদিকরা এগিয়ে এসেছেন। এটা সকলের উপলব্ধি করা দরকার যে আক্রমণটা গণতন্ত্রের উপর আক্রমণ। আশা করবো যে সাংবাদিক বন্ধুরা, যারা সংবাদপত্র পরিচালনা করেন তারা তাদের দায়িত্ব আরো ভাল ভাবে পালন করবেন। সঠিক সাংবাদিকতা আমরা চাই। বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে অনেক

সমালোচনা এখানকার সাংবাদিকরা করেন তাতে আমরা ভীত নই। আমরা চাই যে তারা সত্যি কথা বলুন। সত্যি কথা যদি বলা হয় এবং তারপরে মতামতগুলি তাদের মত অনুসারে তারা প্রকাশ করুন। আপনারা সত্যি কথা বলুন তাতে আমাদের যদি কোন খারাপ কাজ থাকে, দোষত্রুটি থাকে সেগুলি প্রকাশিত হোক। আমরা গণতন্ত্রে বিশ্বাস করি বলে এই সৎসাহস আমাদের আছে। কিন্তু অন্য দিকে যারা স্বৈরতন্ত্রী তাদের সত সাহস থাকার কথা নয় এবং সেই কারণে এই ধরণের আইন তারা আনছেন। এই কথা বলে যে প্রস্তাব শচীন সেন মহাশয় এখানে এনেছেন তার পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশচীন সেন ঃ—আমি যে প্রস্তাব এখানে উত্থাপন করেছি তার বিরুদ্ধে কেউ বলেন নি, সকলেই সমর্থন করেছেন, কাজেই বলার বিশেষ কিছু নেই। তবে দু' একটি কথা বলবো আমাদের মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয়কে। উনি প্রস্তাবের কথা সমর্থন করতে গিয়ে অনেকগুলি কথা বলেছেন, ইন্দিরা গান্ধীর কথা বলেছেন এবং এগুলি বলতে গিয়ে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে কিছু উষ্মা প্রকাশ করেছেন।

তাঁদের যে ব্যথা আছে সে ব্যথা সবাইকে জানাতে হবে, সে কারণ উনি বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে কিছু উষ্মা প্রকাশ করেছেন। এ প্রসঙ্গে আমার মনে পড়ছে, আমরা ছোটবেলায় ঈশপস্ ফেব্‌ল'স্-এ গল্প পড়েছিলাম, একটি ছাত্র পরীক্ষার জন্য তৈরী হচ্ছে, মাষ্টার মশাই বলে দিলেন এবারে নারকেল গাছ সম্পর্কে রচনা আসবে। ছাত্রটি নারকেল গাছের রচনা মুখস্থ করে পরীক্ষা দিতে গিয়ে দেখল যে, রচনা কি এসেছে, না, নারকেল গাছ নয়, রচনা এসেছে শ্মশান। এখন কি করবে? তখন সে লিখল, আমাদের গ্রামে একটা শ্মশান আছে, সেখানে সমাধি হয় ইত্যাদি ইত্যাদি এবং তার পরেই লিখল, সেই শ্মশানে একটা নারকেল গাছ আছে এবং তার পরেই নারকেল গাছের ইতিহাস লিখে দিল। ওঁদের অবস্থাও সেরকম হয়েছে, বামফ্রন্ট সরকারের কথা শুনলেই ওঁদের গায়ে জ্বালা ধরে। সে কারণে এখানেও ওঁরা বললেন যে, বামফ্রন্ট সরকার সংবাদপত্রের কণ্ঠ রোধ করছে। এটা আর কিছুই নয় বামফ্রন্ট সরকারের বিরোধীতা করাবার একটা রাস্তা খুঁজলেন মাত্র।

বিহার প্রেস বিলের বিরুদ্ধে যে আন্দোলন আজকে হচ্ছে তাতে এর বিরুদ্ধে সর্বত্র প্রতিবাদ ধ্বনিত হচ্ছে। এ বিষয়ে ইন্দিরা গান্ধী গতকাল একটা মন্তব্য করেছেন। কিছুক্ষণ আগে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী সেটা আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন। ইন্দিরা গান্ধী বলেছেন, এটা নিয়ে বড্ড বাড়াবাড়ি করা হচ্ছে। আর কয়েকদিন আগে কেন্দ্রীয় তথ্য-মন্ত্রী বসন্ত শাঠে বললেন যে, কেন এত বেশী চেঁচামেচি

করা হচ্ছে, ২০ বছর আগে উড়িষ্যা প্রেস বিল গৃহীত হয়েছিল, কিন্তু ২০ বছরের মধ্যে একজন সাংবাদিককেও নিগৃহীত করা হয়নি, জেল দেওয়া হয়নি। তখন তাঁকে প্রশ্ন করা হয়েছিল, তাহলে বিহার প্রেস বিলটা আনবার কি প্রয়োজন ছিল? জবাব নেই। আমরা তো ওঁদের চেহারা জানি, জরুরী অবস্থা ইত্যাদির কথা আমরা জানি। স্বৈরতন্ত্র গণতন্ত্রের তোয়াক্কা করে না। ইন্দিরা গান্ধীর একটা মন্তব্যেই বোঝা যাচ্ছে তাঁরা কোন্ দিকে যাচ্ছেন। এখানে অবশ্য আমরা এই প্রস্তাবের মধ্যে একটা আবেদন রেখেছি মাত্র। কেন্দ্রীয় সরকারের যে শক্তি আছে সেই শক্তির কাছে আমরা আবেদন করছি যে, Central Government to impress upon the President of India as not to assent to this Bill.

কেন্দ্রীয় সরকার তাঁদের যতটুকু ক্ষমতা আছে ততটুকু ক্ষমতা প্রয়োগ করে রাষ্ট্রপতি যাতে এই বিলে সম্মতি না দেন তার ব্যবস্থা করুন বা রাষ্ট্রপতির কাছে আবেদন-নিবেদন করুন, এই আবেদনই কেন্দ্রীয় সরকারের কাছে করা হয়েছে আমি আশা করব যে, আমাদের এই আবেদনের প্রস্তাব নিশ্চয়ই এখানে গ্রহণ করা হবে। আমরা বিশ্বাস করি গণতান্ত্রিক আন্দোলন বা গণতন্ত্রের কণ্ঠ যে শক্তি রোধ করে সেই স্বৈরতন্ত্রী শক্তি বা গণতন্ত্র বিরোধী শক্তি গণতান্ত্রিক শক্তি বা গণতন্ত্রকে পরাজিত করে কখনই জয়যুক্ত হতে পারে না। ইন্দিরা গান্ধী জরুরী অবস্থার সময়ে সংবাদপত্রের কণ্ঠ রোধ করেছিলেন। কিন্তু আমরা জানি জরুরী অবস্থার সময়ে সংবাদপত্রের কি ভূমিকা ছিল এবং জরুরী অবস্থার পরেও সংবাদপত্রের কি ভূমিকা ছিল। সংবাদপত্রের ভূমিকা তাঁকে পদচ্যুত করেছিল এবং জনসাধারণের গণতান্ত্রিক আন্দোলনকেও অনেকটা শক্তিশালী করেছিল। কাজেই আন্দোলনে আমরা বিশ্বাস করি। আজকে এখানে আমাদের যে প্রস্তাব আছে সেই প্রস্তাবের স্পিরিট নিয়ে এখানে আলোচনা হয়েছে বেশীর ভাগ সদস্যই একে সমর্থন জানিয়েছেন। আমি আশা করব এই প্রস্তাব সকলেই সর্বসম্মতিক্রমে গ্রহণ করবেন। আর দেবপ্রসাদবাবুর বক্তৃতার শেষের দিকটা যেখানে ঐ নারকেল গাছ না এসে শ্মশান আসার মত ব্যাপার হয়েছে সেখানটার আমি প্রতিবাদ জানাচ্ছি।

Mr Deputy Speaker : I have received one amendment to the notion. The member concerned may now move it. ...(Pause) .. As he is not present in the House it is not moved.

I therefore put the main motion to vote.

The motion of Shri Sachin Sen that—

"Whereas this Assembly is of the opinion that the Indian Penal Code (Bihar Amendment) Bill, and the Criminal Procedure Code (Bihar Amendment) Bill, 1982, would muzzle the limited freedom of the Press and thus would go against the democratic institution evolved through many vicissitudes and long sacrifices in course of national movement ;

And whereas this draconian Bill, if implemented, would not only go against the pressmen in Bihar, but also against the entire community, directly or indirectly associated with the Press, on a national scale ;

And whereas the Bill which is virtually calculated to black-out and aims at suppressing news in which the general public is vitally interested ;

And whereas all the democratic-minded people are launching massive movement to prevent the implementation of the Bill ;

This Assembly, therefore, urges upon the Central Government to impress upon the President of India not to give assent to this Bill.

Adjourment

The House was then adjourned at 5. 51 p. m. till 11-00 a. m. on Saturday, the 4th September, 1982, at the 'Assembly House', Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 4th Sept. 1982 at 11 p. m.

Present

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 16 Ministers, 20 Ministers of State and 177 Members.

GOVERNMENT BUSINESS

[11-00.—11-10 A.M]

Presentation of Statement of Estimated Receipts and Expenditure of the Government of West Bengal for the year 1982-83.

শ্রীজ্যোতি বসুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি পশ্চিমবঙ্গ সরকারের ১৯৮২-৮৩ সালের বাজেট বরাদ্দ পেশ করছি।

॥ এক ॥

দুটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি প্রথমেই মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এ রাজ্যের জনসাধারণের, বিশেষ করে গ্রাম ও শহরাঞ্চলের বিপুল সংখ্যক গরিব মানুষের আশু কল্যাণসাধন এ দুটি বিষয়ের উপর কার্যত নির্ভর করছে।

গত জুনে আমার বিবৃতিতে এ রাজ্যে গুরুতর খরা পরিস্থিতির কথা উল্লেখ করেছিলাম। এ বছরের খরা কার্যত আগের বছরের খরারই নিরবচ্ছিন্ন পরিস্থিতি। রাজ্যের বেশির ভাগ স্থানে আশ্বিন মাসের শুরু থেকেই বৃষ্টিপাতের পরিমাণ অত্যন্ত কম হয়েছে। ফলে গত বছরে আমন ধানের ক্ষেত্রে পঁচিশ শতাংশের বেশি পরিমাণ ঘাটতি হয়েছে। এর পরপরই গম ও বোরো ধানে আরও গুরুতর ঘাটতি দেখা দিল। সুতরাং গ্রামীণ অর্থনীতির উপর ইতোমধ্যেই প্রচণ্ড চাপ পড়েছে।

এ বছরের গোড়ার দিকে বৃষ্টি না হওয়ায় পরিস্থিতি আরও সঙ্কটজনক হয়েছে। এ বছর পাট, আউশ ও আমন ধানের অপূরণীয় ক্ষতি হয়েছে। খুব কমিয়ে হিসাব করলেও কেবল চলতি বছরেই শস্যের মোট ক্ষতির পরিমাণ দাঁড়িয়েছে তিনশ' পঁচাত্তর কোটি টাকা। এই খরার ফলে পুরুলিয়া, মালদা, বাঁকুড়া, মেদিনীপুর, বর্ধমান, বীরভূম,

মুর্শিদাবাদ, নদীয়া, হুগলি, হাওড়া, চব্বিশ-পরগনা ও পশ্চিম দিনাজপুরের খরা কবলিত জেলায় পানীয় জলেরও তীব্র সঙ্কট দেখা দিয়েছে।'

আমরা জরুরি ভিত্তিতে এই পরিস্থিতির মোকাবিলা করছি। খয়রাতি সাহায্য বিতরণের ব্যবস্থা জোরদার করা হয়েছে। ত্রাণকার্য পরিকল্পগুলি রূপায়ণের জন্য যথেষ্ট টাকা দেওয়া হয়েছে। জাতীয় গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচি অনুযায়ী এসব কর্মসূচি রূপায়ণের কাজ জোরদার করতে পঞ্চায়েতগুলিকে বলা হয়েছে। কৃষি বিভাগ মিনিকিট ও বীজ বণ্টনের একটি সম্প্রসারিত পরিকল্প হাতে নিয়েছে। যথেষ্ট পরিমাণে বর্ধিত জল সরবরাহ এবং পুষ্টি কর্মসূচিও আমরা হাতে নিয়েছি। এক কথায়, লক্ষ লক্ষ দুর্গত মানুষের সাহায্যার্থে আমরা আমাদের সমস্ত সম্পদ নিয়োগ করেছি।

রাজ্যের অর্থনীতির যা ক্ষতি হয়েছে সেটা পুরণের জন্য আমরা ভারত সরকারের কাছে চুয়াত্তর কোটি টাকা সাহায্য চেয়েছিলাম। ভারত সরকার এ পর্যন্ত মোট চব্বিশ কোটি সাতাত্তর লক্ষ টাকা দিতে রাজী হয়েছেন। বিষয়টি পুনর্বিবেচনা করতে ভারত সরকারকে আমরা আবার অনুরোধ জানাব। রাজ্যের অর্থসম্পদের উপর এই খরার প্রভাব ইতোমধ্যেই খুব ক্ষতিকর হয়েছে।

এই একটানা খরা রাজ্যের খাদ্য পরিস্থিতির উপরও একইপ্রকার ক্ষতিকর প্রভাব বিস্তার করেছে। ঘাটতির পরিমাণ সাধারণভাবে কুড়ি লক্ষ মেট্রিক টন থাকে, এ বছর তা বেড়ে তেত্রিশ লক্ষ মেট্রিক টনে দাঁড়িয়েছে। পরবর্তী আমন ফসলের উৎপাদনও ভাল হবে না। সুতরাং আমাদের স্বাভাবিক বরাদ্দের পরিমাণ বাড়িয়ে দিয়ে কেন্দ্রীয় সরকার যথেষ্ট পরিমাণ খাদ্যশস্য বরাদ্দ করলেই কেবল বিধিবদ্ধ ও সংশোধিত রেশনিং এলাকার চাহিদা আমরা মেটাতে পারি।

মাননীয় মহাশয় সরকারি, বণ্টন ব্যবস্থার জন্য মাসে তিন লক্ষ ত্রিশ হাজার মেট্রিক টন চাল ও এক লক্ষ মেট্রিক টন গম এবং ময়দাকলগুলির জন্য পঞ্চান্ন হাজার মেট্রিক টন গম বরাদ্দ করার জন্য কেন্দ্রীয় সরকারকে আমরা অনুরোধ জানিয়ে আসছি। বর্তমানে যে দুই লক্ষ পঁয়তাল্লিশ হাজার মেট্রিক টন খাদ্যশস্য বরাদ্দ করা হয়, তা পর্যাপ্ত নয়। এ ছাড়া ভারতের খাদ্য কর্পোরেশন এবং রেল কর্তৃপক্ষ বরাদ্দের পুরোটা নিয়মিতভাবে পৌঁছে দেবার নিশ্চয়তা দিতে পারেন নি। ফলে কোনো কোনো জেলায় রেশন দোকান-গুলিতে সরবরাহ সাময়িকভাবে বিঘ্নিত হয়েছে। আমরা সময়মত সতর্ক নজর রেখেছি ও ব্যবস্থা গ্রহণ করেছি বলেই রেশনিং ব্যবস্থা ভেঙ্গে পড়ে নি।

সভার মাননীয় সদস্যদের জানাতে চাই যে কেন্দ্রীয় ভাণ্ডার থেকে যে পরিমাণ খাদ্যশস্য সরবরাহ করা হয় সে ছাড়াও আমরা নিজেরা অন্ধ্রপ্রদেশ থেকে চাল আমদানি

ব্যবস্থা করেছি। অন্ধ্রপ্রদেশ সাপ্লাই কর্পোরেশনের সঙ্গে চল্লিশ হাজার মেট্রিক টন সরবরাহ করার চুক্তি হয়েছে। তার মধ্যে চব্বিশ হাজার মেট্রিক টনেরও বেশি চাল আমরা পেয়ে গেছি এবং বিধিবদ্ধ রেশনিং এলাকায় রেশনদোকানগুলির মাধ্যমে তা বণ্টন করা হচ্ছে

আমরা বিশ্বাস করি, কেন্দ্রীয় সরকার এ রাজ্যের গুরুতর পরিস্থিতি সঠিক উপলব্ধি করবেন এবং জনসাধারণকে যাতে অযথা ভুগতে না হয় সেজন্য সময়মতো পর্যাপ্ত পরিমাণ খাদ্যশস্য সরবরাহ সুনিশ্চিত করবেন।

॥ দুই ॥

মহাশয়, গত পনেরই জুনের বিবৃতিতে আমি বলেছিলাম যে আমাদের সংশোধিত বাজেট প্রস্তাব সহ যতশীঘ্র সম্ভব আমরা এই সভায় আসব। আমি এটাও উল্লেখ করেছিলাম যে বাজেট পেশ করার আগে ভারত সরকারের সঙ্গে ওভারড্রাফ্‌ট্‌ এবং পরিকল্পনার আয়তন নিয়ে আলোচনা করা হবে। ঐ সব সমস্যার মীমাংসা আমাদের সম্পূর্ণ মনের মতো হয়েছে এটা অবশ্য বলতে পারি না। তৎসত্ত্বেও কেন্দ্রের সঙ্গে আমাদের যা বোঝাপড়া হয়েছে, মোটামুটি তার ভিত্তিতেই অগ্রসর হওয়ার সিদ্ধান্ত আমরা নিয়েছি।

॥ তিন ॥

মাননীয় সদস্যরা অবগত আছেন যে, ভারত সরকার ১৯৮২ সালের একত্রিশ মার্চ তারিখে সমস্ত রাজ্যের ওভারড্রাফ্‌ট্‌ মাঝারিমেয়াদি ঋণে পরিবর্তিত করে দিয়েছেন। ভারত সরকার আরও জানিয়েছেন যে, ১৯৮২ সালের ১ জুলাইয়ের পর কোন ওভার-ড্রাফ্‌ট্‌ দেওয়া হবে না। আর্থিক বছরের প্রথম তিন মাসে যা ওভারড্রাফ্‌ট্‌ হয়েছে, চলতি আর্থিক বছরে তা পূরণ করে দিতে হবে। অর্থাৎ বছরের শেষ ন' মাসে রাজ্যগুলির যথেষ্ট পরিমাণ উদ্বৃত্ত হবে বলে আশা করা হচ্ছে। এটা খুবই কঠিন কাজ। আর এই সব সিদ্ধান্ত এমন এক বছরে নেওয়া হয়েছে, যখন দেশের অনেক অংশ দারুণ খরায় ভুগছে। আমরা বলেছিলাম যে, পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে নিতে রাজ্যকে কিছু সময় দেওয়া দরকার। কেন্দ্রীয় সরকার অনুসৃত মুদ্রাস্ফীতির নীতির ফলেই রাজ্যগুলিকে ওভারড্রাফ্‌ট্‌ নিতে হয়েছে। সেই কারণে আমরা চেয়েছিলাম যে, কেন্দ্রীয় সরকার রাজ্যগুলির ওভারড্রাফ্‌টের একটা অংশ মকুব করুন এবং বাকী অংশটুকু সহজ কিস্তিতে দেয় দীর্ঘমেয়াদী ঋণে পরিবর্তন করে দিন। দুর্ভাগ্যবশত, আমাদের প্রস্তাব গ্রহণ করা হয় নি। আমি মনে করি, ভারত সরকারকে এ বছরেই তাঁদের এই সিদ্ধান্ত পর্যালোচনা করতে হবে।